

গ্রীগ্রীকণ্ঠ মল্লিক প্রণীত

PICTURE OF THE WORLDS

BY

SREEKONTO MULLIC,

Of the

PRESIDENCY COLLEGE, CALCUTTA UNIVERSITATION OF THE PROPERTY OF

SERAMPORE


PRINTED AT THE TOMOHUR PRESS.

1861,

ছিত্ৰ [মুলা (॥४०) দশ আনা মাত্ৰ।!



বদিও আমি ইহা নিঃসংশরিতরূপে জানিতেছি
যে এরপ বাক্যে গ্রন্থকার অতি সামান্য ফলই উপলাভ করিবেন, তথাচ আমি কহিতেছি যে গ্রন্থকার
কতিপর অনিবার্যা ও অপ্রতিবিধের কার্যো জড়িত
হইরা পুস্তক মুদ্রিতকালীন গ্রন্থের প্রতি সমোধিক
মনোযোগ রাখিতে না পারায় পুস্তকে কতক গুলিন
বর্গান্ডিক্কি প্রবিষ্ঠ হইয়াছে।



ইহা স্পষ্ট প্রতীত হইয়া থাকে যে গ্রন্থকার ও পাঠক উত্তরেই স্বন্ধ প্রত্যাশায় যুক্তি-পথ বহিভূত হইয়া থাকেন। আপন সমস্ত রচনাই লোকমগুলে সাদরে পরিগৃহীত হইবে, ইহা গ্রন্থকার মাত্রেরই মুখ্য বাসনা; এদিকে, গ্রন্থে পূর্ন প্রীতি অন্নভূত হইবে, ইহা পাঠক মাত্রেরই প্রকাত্তিক প্রত্যাশা। কিন্তু কোন এক ব্যক্তি আপামর সাধারণের বিভিন্ন ভাবাপন্ন সহসুবিধ মনের সন্তোষ সম্পাদনে সমর্থ হইবেন, এরূপ আকান্ধা গ্রন্থকার কোন মতেই প্রকাশ করিতে পারেন না, এবং কোন এক ব্যক্তির সমস্ত সময় ও যাবত্রীয় পরিশ্রম লোকমগুলীর কেবল মাত্র প্রতির নিমিন্ত ব্যক্তির পরিশ্রম লোকমগুলীর কেবল মাত্র প্রতির নিমিন্ত ব্যক্তির সমান গ্রন্থ গ্রন্থকার ও পাঠক উভয়েই পরস্পারের সহিত সমান সম্বন্ধ সমন্ধ হইরাছেন; কারণ এক পক্ষ যে পরিমাণে প্রশংসা লাভ করেন, অপর পক্ষ সেই পরিমাণে প্রতি হইয়া থাকেন।

সকল বাক্তিই ইহা স্বীকার করিয়া থাকেন, যে সর্বাঞ্চ-স্থানর প্রান্থ জীবে সম্ভবিতে পারে না; অথচ প্রস্থান্দর্শনকালীন অনেকেই ইহার বিপরীত মতাবলম্বী হইরী পাকেন। দোষধ্যায়ী পাঠকেরা প্রস্থের কোন অংশে ভাব-ঘটিত বা শব্দ-বিন্যাস-সম্বন্ধীয় কোন সামান্য ব্যভায় সন্ধান কি হে প্রিক্তি আপনাদে পাট-জনিত প্রিলাসন দ কলা জ্ঞান করেন, সত্রাং সাসানাত আধিকাংশ প্রক্ সামই যে নিজ দোষ স্থীকান কবিতে সন্মত জ্বেল্ব না, ইছ বিভিন্ন নতে, কালে পাঠক ও প্রস্তুকানের মধ্যে ,বিবাদি দলের নাম্য) যতক্ষণ এক পদ্ম হাগন জাকান্ডার কিসদংশ পি আছা না কলেন, তত্তক্ষণ অপন পাস কিছুই স্থীকান কলেন না,।

এবকারতে নাল আৰু লাগ ব্যাগিত হঠতে হল। স্কর্ট रमरी डी ग भिरासीत शिक्षा, किंग नर्ग छ छात्र। প্রজাপালন বিষয়ে, সামান্ত কেব। সভাত দি প্রাথ স্থেন না অন্তক্ষেও শাস্ত্র মূদ্রি কল্বান্সা সভা সংবাদ ্ । ছেৰণ ৰচিত থাকেন। মন্ত্ৰাণ গ্ৰিচাণক ও 14 ও না হ ২ লে, (বলত বিংশচির সধাে এরণ ক্লেড াব লক্ষিত ২ ইয়া থাকে। এ.শংসা ডাফাকে তাল্যানামদে বিমান কৰিল। বিশেষ বিপাদে । এ জিল ও কৰে। এদিকে, ডিলি দাণি বৃদ্ধি ও বিচাৰ প্রিক্তে বিলক্ষ অলম্ভ হাস্ম ভাষা হইলে তিনি সাপন ক্ষনভাব উপ্সংশাস্পত্ন হইল (কারণ সদ্পুণ সাহাৰত ই বিন্যু) আপুন প্রাণ্ডাইট ৩ ममिश्क मरखाय मरखांश करिए शास्त्र मा। कार्य शहाय সাক্ষাতে শংসা প্রদণ্ড ইইলে, ভোবামোনইইতে তাহাৰ भट्डम करा निर्वाच कठिन वाशित बहेना हेळ अर भटा एक धमन रहेला, जाशांत मजाजा विषया समक सामक छन्। इक ছইতে পারে। স্থানার বিজ ব্যক্তির্দের নিকট্রইতে অন্ত্রাদন ল'ভ বিষয়ে যদাপি তিনি সক্তেভ্ৰা ভটতে পাবেন তাহ৷ হইলে নীত-প্রকৃতি সজ ব্যক্তির নিক্টচইতে বিদেৰ বৃদ্ধি দলিত নিন্দাৰ্থাদ নাতেৰ নিৰ্মে পৃহাকে ভতে।

ধিক নিঃশন্দেহ থাকিতে হয়; কারণ হীনচিত্ত জমন্য ব্যক্তিরা যে পদার্থ সম্ভোগে স্বরং অসমর্থ হয়, তাহার প্রতিই হতাদর প্রকাশ করিয়া থাকে।

আমি মুক্তকঠে কহিতেছি, যে যশোভিলাবের যৌবন স্থলভ উত্মতার বশবর্তী হইয়া আমি এ পুতকে হস্তার্পণ করি নাই, এবং পাঠকবর্গকেও আমার গুণের প্রতি অকারণে পক্ষপাতী করিবার নিমিত্ত কোন ক্লব্রিম যতু প্রকাশ করি নাই। আমি র্বর্তমানীয় লেখকদিগের গণনীয় নাম পুস্তকে স্থাপিত করিয়া এন্টের গৌরব রদ্ধি করিতে চেফা পাইতেছি না; অথবা ক্ষমতাবন্ত কোন ধনাঢ়া ব্যক্তির নামদ্বারাও এ গুত্তক উজ্জ্বলী-ক্লত হয় নাই; অথবা পাঠকবর্গের নিকটহইতে পুনংপুনং মার্জনা প্রার্থনা করিয়াও ভাঁহারদিগকে বিরক্ত করিতেছি না। আমি এক্ষণে স্বীকার করিতেছি যে, অ্থা-পশ্চাৎ সমস্ত বিষয় সুন্দররূপে বিচার না করাতেই, আমি এমুকার হইতে স্কুচিত হই নাই; কারণ যথন আমি প্রথমে লি-খিতে প্রব্ত হইয়াছিলাম; তথন নিজ চিত্তের বিনোদন ি৯ অপর কোন অভিপ্রারই স্বগ্নেও আমার মনে উপস্থিত হয় নাই; তৎপরে যথন স্বহস্ত-লিখিত রচনার সংশোধনে প্রব্ত হইয়াছিলাম, তখনও সংশোধন কার্য্যে স্বকীয় চিত্তের ক্লাহ আমোদ দর্শন ভিন্ন অপর কোন ভাবী সাহ. দেও এ ক্ষুত্র হৃদয় উত্তেজিত হয় নাই; এবং একণে যখন তাহাকে মুদ্রিত করি, তথনও লোকমণ্ডলীর মনোরঞ্জুন ভিন্ন অপর প্রত্যাশায়েই মদীয় চিত্ত উদ্বুক্ত হয় নাই কিন্তু আমি সে বিষয়ে কত দূর কৃতকার্য্য ইইয়াছি, তাহা কিঞ্চিদ্যাত্র অবগত নহি।

আমি সরলতার সহিত স্বীকার করিতেছি, যে এই পুস্তক প্রকটনকালীন আমি অধ্যয়নের সাহায্য লইতে ক্রটি করি নাই; স্বজাতীয় ও বিজাতীয়, জীবিত ও মৃত অনেক প্রশস্ত-মনঃ স্পণ্ডিত প্রস্কারদিগের বিচারেরও ব্যবহার করিয়াছি; মিত্র ও শত্রু উভয়ের দ্বারাই প্রস্কের দোষপুঞ্জ অবগত হইতে যত্ন করিয়াছি; এবং আমার লেখনি কোন জ্বন্য স্বার্থাতি-প্রায়ের বশবর্তী হর নাই, কোন কুৎসিৎ রিপু বা কুসংস্কারে পরিচালিতও হয় নাই, ও অন্নপস্কুর ব্যক্তির প্রশংসার কোন দুর্ভাগা জনের নিন্দায়ও প্রব্রু হয় নাই। অধিকন্ত আমি স্পক্ষে পাঠকবর্গের নিকট এই প্রার্থনা করি, যে তাঁহারা আমার অপরিণত যৌবন দশা অবলোকন করিয়া এই ক্ষুদ্র প্রত্রের প্রতি কিঞ্চিৎ সক্ষণ দৃষ্টি নিঃক্ষেপ করিবেন।

পশ্চালিখিত এই কএক পত্রে যাহা লিখিত হইল, ইহা কোন এক থানি অন্থের দমুচয় অন্থবাদ নছে; কিন্তু কতিপয় বৈদেশিক স্প্রসিদ্ধ অন্থের কিরদংশের এক প্রকার অন্থবাদ করেক স্থানে দৃষ্ট হইবে। কলে, ইহাতে গে সকলগভাব অথিত হইল, তাহার মধ্যে অনেকই পূরাকালীন পণ্ডিত কুলের চিন্তার সহিত প্রকা হইতে পারে, কিন্তু তজ্ঞন্য কাহারা দেই সকল ভাবকে আমাদের নিজ্ঞ সম্পত্তি নহে বলিয়া দোষারোপ করিতে পারেন, তাহারা অনামাদেই কহিবেন, যে আমাদের বদনমণ্ডল আমাদের নহে, যেহেতু তাহা আমাদের পিতৃ-মুখাক্ষতির সহিত সমদৃশ হইয়া থাকে।

্বিজ্ঞবর প্রীয়ৃত বারু দারিকানাপ চক্রবর্ত্তা ও প্রীয়ৃত বারু জন্মদাপ্রসাদ ৰন্দোপাধ্যায় এই পুস্তুক প্রকটনকালে আ-নাকে ব্যোক্তিপ্রকার ন্নেহ-স্থলত ও প্রদার্য-জনিত উৎসাহ প্রদান, করিয়াছেন, তাহা আমি বোধকরি মদীয় হৃদয়হই- তে কোন কালেই অপনীত করিতে পারিব না। উক্ত মহা-আছম কেবল মাত্র ভাতৃসম্ভব অক্তত্রিম প্রেমের বশবন্তী ছটগা একটা নবীন লেখকের সম্পূর্ণ সহায়তা করিয়াছেন।

আমি এই ছলে সরল ক্তজ্ঞতাসহ স্বীকার করিতেছি, যে শ্রীযুত বারু উপেজ্ঞানারারণ রায় ও শ্রীযুত বারু ব্রজে-জ্রচন্দ্র ঘোষ ও শ্রীয়ত বারু গোবিন্দচন্দ্র বন্ধ গু শ্রীযুত বারু অঘোরনাথ ঘোষ আমাকে এই বিষয়ে যথেন্ট সাহায্য প্র-দান করিয়াছেন। ইহা আমার পক্ষেও সামান্য সুখের বিষয় নহে, যে এত সাধু ব্যক্তির বিশুদ্ধ প্রীতি আমার প্রভি

হুগলি কলেজ। ১লা অগ্রহায়ন সম্বৎ ১৯১৭। ১

প্রীপ্রীকর্ত বস্থ।

জগচ্ছবি।

হিমালয় পর্বতোপরি গিরি-চূড়া পরিবেটিত কাম্মীর নামে এক পরম রমণীয় প্রদেশ আছে! যাহা বহু কালাবধি রণদক্ষ শীকজাতিকর্তৃক সম্ভুক্ত হইয়া আসিতেছে, এবং যাহার তুর্গ মধ্যে জ্বদ্যাবধি স্বাধীন-পতাকা উড্ডীয়মানা হইতেছে। তথায় প্রকৃতি ঘোর ঘটায় অশেষ প্রকার সৌন্দর্য্যের হজন করিয়াছেন। যে সকল কুস্থম পূরাকাল র পারি-জাতের সহিত শোভা ও ঘ্রাণে বিরোধ করি-তে পারে, এবং যে সকল সুস্বাতু কল প্রদানে বদান্য পৃথিবা অপরাপর ভাগে রূপণতা স্বীকার করি-য়াছেঁন, দে সকল পুষ্প ও ফল এখানে প্রচুর পরিমাণে উৎ্পন্ন হওয়াতে অধিবাসী ও বিদেশী সকল মনু-(वारेंशे व्यवासाम-लक् एव-मरखान इशेराहा তথায় প্ৰতাপ **নিংহ নামে এক জন ভূম্বা**ৰ্যা ছিলেন। তিনি জগতের রীতি নীতি বিষয়ে আপন অপ্র ত্যের পঁরিচয় জন্মিবার পূর্বেই পঞ্চভূতে নিলীন हेश्तन। अमिरक अञाल निश्रहत (मह्जान अवर. ত্তাঁহার অপত্য বীর সিংহের অনভিজ্ঞতা ও অদূর-দৃষ্টিৰূপ স্থযোগ সন্দৰ্শনে ধন-পিশাচ আত্মীয়বৰ্গ সাহসী হইয়া উঠিল, (কারণ আমরা কেবল মাত্র

এই স্থবিধার সহায়েই কি সাধু বা অসাধু, কি যুক্তি-সশ্মত বা ষুক্তি বিৰুদ্ধ, সকল কাৰ্য্যের ই অনুষ্ঠানে সাহসা হইয়া থাকি) এবং তথন সকলে ঐকমত্য হইয়া ও স্বস্থ মনোগত কামনাকে বাহাচরে লুক্কা-ষিত রাখিয়া একটা অপূর্ণ-যৌবন নৃস্বভাবানভিজ্ঞ **२० जाता की त्वत नर्कशांट्य मञ्जू ए इरेल ।** दीव **मिश्ट्य योवन-स्र्वे अमिन्क्षिटिख मकन दि** আর্থায় ভ্রম হইতে লাগিল। স্থতরাং জগতের সা-ধারণ রীতিমতে ক্রমশঃ আত্মীয়বর্গকর্ভৃক হৃত-সর্বস্থ हरेलन। उथन जिनि यापनात पूर्व-गृही ज मृह-নির্ণীত সিদ্ধান্ত সকলের বৈপরিত্য দেখিয়া বিস্মিত ও ন্তৰ হইলেন। এইৰপে মনুষ্য চরিতের এমত कन्या हिज्य के प्रिवा उर्था निम्हान इरेलन, **এ**दং মনুষ্য মনস্তত্ত্বানুসন্ধী হইয়া দেশ ভ্ৰমণ করি-তে প্রতিজ্ঞ। করিলেন। ফলে মনুষ্য সাংসারিক সঙ্কটে পতিত হইলে অনায়াসেই বৈরাগ্যধর্ম অবলম্বন করিতে পারেন।

শীদেব সিংহ্নামক তাঁহার এক প্রণয়াস্পদ পরম স্থক্দ ছিল। বীর সিংহ একদা তাঁহাকে কহিলেন, হে ৰক্ষো! দেখ, আমার আত্মীয় ও প্রতিবেশী ব্যক্তিদিগের ব্যবহারের কত বৈলক্ষণ্য হইয়াছে। দেখ, তাহাদের সম্প্রতি এখন বিষম বৈরক্তিতে পরিণত হইয়াছে। এত দিনে জানিতে পারিলাম, যে আমি পূর্বের তাহাদের ক্রত্রিম প্রেমের

পাত্র ছিলাম, কারণ এক্ষণে ঘূণার হেভুভুত হই-য়াছি। আমার এই সামান্য সম্পত্তি যথন এত ব্যক্তির চিত্তবিকার ঘটাইয়া তাহাদিগকে আত্মীয়-বিচ্ছেদ क्रिंडि मारुमी क्रिन, ज्थन ना क्रानि व्यक्षिक ध्रान्त স্বামী হইলে, পৃথিবীর কত লোকেরই অসদ্বাব-হারে তাপিত ইইতে হইত। কারণ, যে সকল वाक्तित वामादा निक्षेत्रया वाश्रुक हरेवात मञ्जावना थाटक ना, मर्व्यानिकेकाति धन আমাদিগকে তাহাদের সহিত মিলিত করে, ও তথন তাহাদের কদাচারের পরিচয় পাওয়া যায়। শ্রীদেব উত্তর করিলেন, মিত্র! তুমি যাহ। কহিলে সে সকলি সতা; ইহা এ পৃথিবীর চিরকালা-গত রীতি; মনুষ্য এমত ছুর্বল ও ধৈর্যাহীন, যে পাপের সহিত সংগ্রামে তাঁহার পরাজয় নিডাস্ক সহজ ব্যাপার; কারণ যদিও লোক-লজ্জা, মনুষ্য-শাসন ও ধর্ম-ভয় তাঁহার পক্ষাবদ্বী হইয়া থাকে, তথাচ তিনি যুদ্ধ-শ্ৰম অধিক ক্ষণ ধৈৰ্য্যাবলয়ন-পূर्वक मञ् कति ए भारतन ना । ज्यानकारनक स्रुवि-দান ও স্থবিখ্যাত ব্যক্তিও সময়, স্থান, ও ঘটনা বিশেষে পাপকর্তৃক পরাভূত হইয়াছেন। স্<u>থ্</u>তরাং সামান্য ব্যক্তিরা যে নান। স্থযোগের সন্মিলনে স্থানৎ কাৰ্য্য সাধনাৰ্থে সাহসী হইবে, ইহা বিচিত্ৰ নহে। ইহাতে বীর সিংহ কহিলেন, প্রিয় সথে! মন্তুষ্য যে স্থাগাভাবে পাপাচারে প্রবৃত্ত হইতে অক্ষম হয়,

ইহা এত দিনে বিশেষভ্রপে জানিতে পারিলাম। এই স্থােগের সহামেই আনার সর্বস্থাপহারকের: এত দূরপর্যান্ত অসৎ হইতে সাহসী হইয়াছে। কিন্তু আমি তাহাদের এই অসদ্যবহারের নিমিত্ত তাহা-দের কোন অমঙ্গল বা অপকার প্রার্থনা করি ন।; পরমেশ্বর আমার মনহইতে সেরূণ পঙ্কিল বাসনা पृत क्क्न। मरथ! वतः लाशामत मानिक मिर्वा परिशा जामात जनः इत्रा महात উদ্রেক হইতেছে। ভ্রাতৃবৎ জীবদিগের মনের এমত হীনাবস্থা দেখিলে কোন্ ব্যক্তির মনে দয়ার উদয় না হয় ? এইৰূপে কিয়ৎ কাল পরস্পরে সম্ভা-यन इटेरल পর বীর সিংহ যখন একাকী হইলেন, তথন দেশ-ত্যাগের কণ্পনা তাঁহার মনে জাগৰক হইল ; এবং তাঁহার অনুসন্ধিৎসা ৭মত বলবতী হইল, যে পাথেয় সংগ্রহার্থে তিনি আপন স্থাবর সম্পত্তি সকল গোপনে বিক্রয়করিয়া মুান কম্পে ভারতবর্ষেব অধিকাংশ ভাগে ভ্রমণ করিতে দুঢ় স্থির করিরেন। তখন তিনি এই ৰূপ চিন্তাদারা আপন অন্তঃকরণকে প্রবোধ প্রদান করিলেন, (কারণ স্বকার্য্যের কর্ত্তব্য-তা প্রতিপন্ন করণার্থ মনুষ্য মাত্রেই মনেই একই ক্লুপ যুক্তি স্থির করেন) যে ছুরবস্থাকর্তৃক আক্রান্ত হইয়া দেশ ত্যাগ কর। তাঁহার পক্ষে ছ্যনীয় হই-তে পারে না, যেহেতু তিনি কেবল জ্ঞান শিক্ষা মানষে জন্ম-ভূমি ত্যাগ করিতেছেন—কাপুরুষের

ন্যার পলারণ করিতেছেন না। এইকপে তিনি
দেশ ভ্রমণে দৃঢ় প্রতিজ্ঞ হইরা দ্রী পুত্র আত্মীরজনের সম্পূর্ণ অগোচরে এক দিন কেবল ছুই
জন মাত্র ভূত্য সমভিব্যাহারে কাম্মীরহইতে
প্রস্থান করিলেন; এবং কিছু দিন পরে লাহোরে
উপনীত হইলেন। সে স্থলে দিন করেক বিশ্রাম
গ্রহণ ভাবে অবস্থিতি করিতে লাগিলেন; এবং
কাম্মীর রাজ্যস্থিত আপন পর্ম মিত্র শ্রীদেব সিংহকে
নিম্ন লিখিত এই প্রথম পত্র প্রেরণ করিলেন।

আমি এই স্থলেই পাঠকবর্গকে অবগত করিতেছি বে, আমার এই পরিব্রাজকের পরিভ্রমণের ইতিহা-সের বর্ণনা, কিয়া ঔপন্যাসিক চিত্তরঞ্জনীয় অপুর্ব ঘটনার স্থবিন্যাস, এ ক্ষুদ্র গ্রন্থে প্রত্যাশিত নহে। ইহাতে কেবল বার সিংহের কতিপয় প্রেরিত পত্র ও তদানুসঙ্গিক কতিপয় ঘটনা উল্লিখিত হইবে। कर्ल वीत निश्र् ख्रमनकालीन दकान मत्नाशातिनी नृ भेनेन्सी नित প্রণয়স্থতে দৃ ए वन्न इहे सा देनवमहादय निक्त-कार्या इरसन नारे, अथवा मासाक्रभा कान ए-ন র ভক্তবাৎসলো প্রাপ্ত-বর হইয়া সৌভাগাবন্তও रुखन नारे; स्वताः कँ: हात कं वनहति एवतरे वा कि অলৌকিকত্ব পাঠকবর্গকে বিজ্ঞাত করিব? কি অভুত প্রেমে বিভূষিত নায়ক নায়িকাকে গ্রন্থে নিমন্ত্রণ না করায় গ্রন্থকারের স্পদ্ধা প্রকাশ পাই-য়াছে কিনা, তাহা এপর্যান্ত স্থির করিতে পারি নাই।

প্রথম পত্রিকা।

লাহোরহইতে কাশীর।

পরম পূজ্য প্রিয় বন্ধো!

জগদীশ্বর তোমাকে সমজাতীর দ্রাতৃ তুল্য মন্ত্র্বার বিজাতীর ও অনাত্মীয় কুটিল ব্যবহারের তীক্ষ্ণ ও অন্তর্জেদি দংশনহইতে রক্ষাকরুন। তুমি দেশ-কাল পাত্রজ্ঞ হইয়া সদাচারের সহিত সংসার যাত্রা নির্ব্বাহ কর, এবং জীবনের এই কয়েক দিবস সাংসারিক কুশলে পরিবেটিত থাকিয়া পারত্রিক অনন্ত শান্তি লাভের নিমৃত্ত অন্তরাত্মাকে সম্যক্রপে উপ্যোগী করিতে থাক, ইহাই কেবল আমার অকৃত্রিম স্লেহের একান্তিক প্রার্থনা!

প্রিয় সথে! আত্মীয়বর্গের আনাত্মীয়তায় আমার
অন্তঃকরণ যেমত পীড়িত হইয়াছিল, এক্ষণে তাহাদের অসদ্বাবহারের সীমাহইতে স্কুত্র-প্রস্থিত হইয়া সেইব্রপ শীতল হইয়াছে। এক্ষণে যৃত প্রকৃতির অক্তরিম ভাব দর্শন করিতেছি, ততই তাহাদের
প্রতি ঘৃণা জন্মিতেছে। এক্ষণে পশু পক্ষীদিগের
স্বভাব-সিদ্ধা সারলা ও অকাপটা দেখিয়া তাহাদের
অপ্রশস্থ সংস্কারকে মনুষ্যের স্থবিস্তৃত বুদ্ধিহইতে
প্রধানা বলিয়া প্রতায়মান হইতেছে। পশুকুল যে

সময়ে একত্র দল-বন্ধ হইয়। আততারী প্রতিবিধানে সমুদ্যত হইয়া থাকে, মনুষ্য সে**র**প কালে পর**স্প**-রের মধ্যে বৈরিভাবের উত্তেজনা করিতে প্রবৃত্ত হন। বিহঙ্গকুল যেকালে মধুর সঙ্গীতে কাননকে ধনিত করিতে থাকে, মনুষ্য সে সময়ে স্বজাতীয়ের দোষো-দেবাষণ করিয়া কুতার্থশ্বন্য জ্ঞান করেন। হে পর-মেশ্বর! তুমি যে মন্ত্র্যাকে উৎক্রফ বুদ্ধির্ভি ও ধর্ম-প্রবৃত্তি প্রদান করিয়াছ, তাহার একপ ব্যবহার ভোমার ি অভিপ্রেত ? যে বুদ্ধির্ত্তি তাঁহার পরম-মঙ্গলজনক হইবে বলিয়া প্রদত্ত হইয়াছে, তাহা কি পাপ-হুদের নব নব সোপানপ্রদর্শক হইয়া তাঁহাকে নিপাতে নিহিত করিবে? হে মনুষ্য ! তুমি বুদ্ধি ও বিবেকশক্তির বশবন্তী হুইয়া কেন এমত স্বাধীনৰূপে স্জিত হইরাছ? তুনি ইতর জ্ঞুদিণের ন্যায় সা-মাদ্য সংস্কার-বদ্ধ হইয়া কেন কতিপয় নির্দিষ্ট কা-र्यात ज्योन हु नाहे? जाहा हहेल जुमि हेजत প্রমানিগের নাায় জঘন্য পাপকার্য্যে সম্পূর্ণ অন-ভিজ্ঞ থ কিতে পারিতে ; তাহা হইলে নূতন২ উপায় উদ্ভাবন করিয়া প্রতারণায় স্থদক হইতে না। হা। ভূমি একবারও চিন্তা করিলে না, যে বিশ্বনিয়ন্তা তো-মাকে কিকারণ অবলা জাতীর ন্যায় কতিপয় কার্যোর অধীন করেন নাই ? কি কারণ এত পরম রমণীয় উপ-ভোগ্য সামগ্রীসকল তোমার হস্তবিস্তারের মধ্যে স্থা-পিত করিয়াছেন? কি কারণ অপরাপর জীবজন্তুস কল

मभूमत्र मामधीत वाचामनश्रेट खर्फोकर्ज्क निवा-রিত হইরাছে? তুমিই বা কি কারণ নিবারিত হও নাই? ভাল, তুমি যদ্যপি কোন মনুষ্য-প্রণীত নিয়ম-প্রণাল র অধীন না হইতে, ও কোন মনু-ষ্যেরই ভন্ন নারিতে, তাহা হইলে তুমি কাহার নিরমাধীন থাকিতে? তাহা হইলে কে তোমাকে স্বেচ্ছাচারী হইতে নিবারণ করিত? পশুকুল কোন শাসন-প্রণালীর অধীন না হইয়াও কেন স্বেচ্ছাচারী इटेट পात्र ना? य स्त्रकारीनजा जाहानिशक অপ্রদত্ত হইয়াছে, সে স্বেচ্ছাধীনতারই বা তুমি কি কারণ স্বামী হইয়াছ? জগৎপাতা তাহাদিগকে যেমত দে স্বাধীনতা প্রদান করেন নাই, দেইৰূপ তাহাদিগকে নিরন্তি-সাধক বুদ্ধি বা হিতাহিত শিবেচনাও প্রদান ক্রেন নাই। তিনি তোম।কে त्यष्ट्रांत्रभ क्रियाट्ट्रन वटि, किस्र मनम् विद्वहनात অধিকারী করিরা তোমার যথেচ্ছাচার দমন করিয়া রাখিয়াছেন! পশুদিগের ন্যায় তোমাকে জ্ঞা দীশ্বরের অনুজ্ঞাধীন থাকিতে বাধ্য হইতে হয় নাই, কারণ তাহা হইলে তুমি প্রভুতক্তি প্রকাশ করি-য়। কি অধিকতর পুরস্কার-ভাজন হইতে? • ভাহা হ্ইলেই বা বিশ্বসামী তোমার নিকটহইতে বল-গৃছীত প্রভুত্তক প্রাপ্ত হইয়া কি অধিকতর সম্ভুষ্ট হ্ইতেন? তিনি পশু জাতিকে তাঁহার আজার अवाधा इहेवात कमा अमान करतन नाहे, खूँठ-

রাং তাহাদের সে আজ্ঞাধীনতা প্রসংশনীয় নহে;
কিন্তু তুমি বদ্যপি জগদাশ্বরের আজ্ঞা লঙ্খনে
সমর্থ হইরাও প্রভুভক্তির সহিত অনুজ্ঞাবশ থাক,
তাহা হইলে তোমার অন্টা সম্ভূম হইয়া তোমাকে
ভক্ত রাৎসল্যে অনন্ত স্থথের ভোক্তা করিবেন!

আমি তোমার চির বন্ধু। শ্রীবার সিংহ।

আমাদিগের পরিভামক এই ৰূপে পর্যাটন করি-তেই ভারতবর্ষের পুরাকালীন রাজধানী ইন্তিনানগ-রীতে উপনীত ইইলেন। সেখানে দিন কএক অব-জিতি করিয়া আপন মিত্রের নিকট দ্বিতীয় পত্র প্রে-রণ করিলেন; আমি পাঠকদিগের দর্শনার্থ নিম্নে তাইারই এক খানি প্রতিলিপি প্রদান করিলাম।

দ্বিতীয় পত্রিকা।

হস্তিনানগরীহইতে কান্দীর।

প্রিয় বন্ধো! আমি যত দূরদেশে গমন করিতেছি,
অন্তঃস্থিত স্নেহ-স্তৃত্র ততই রৃদ্ধি হইতেছে। আমাদিগের মধ্যে যে স্থানীর ভূমির ব্যবধান হইয়াছে,
তুদ্ধারা যদিও বাহ্য-দৃষ্টির প্রতিষেধ হইতেছে, তথাচ
অন্তর্চকুদ্ধারা সদত তোমাকে দর্শন করিয়া পরম
প্রিত্র ভৃপ্তিমুখ অনুভব করিতেছি!

বিবেচনা করিয়া দেখিলে. মনুষ্যের নাায় সাহাযাসাপেক জীব, সমস্ত বিশ্বমণ্ডলে আর দৃষ্ট হয় না;
এবং তাঁহালে যেরূপ নানা সম্বন্ধস্ত্রে স্বজাতীয়ের
সহিত সম্বন্ধ থাকিতে হয় নাই। এজনা স্বার্থ-বাোধ
ও প্রক্তি উভয়েরি আদেশানুসারে তিনি সামাজিক ধর্মা অবলম্বন করিতে বাধ্য হইয়াছেন; এমত
কি, বনবাসি, আবাস-গৃহ-শূনা, মনুষ্যাকারমাত্রধারি অসভ্য-জাতিদিগের মধ্যেও, সনাজের অবয়বের যদিও সকল অজ না হউক তথাচ কতিপয়
অঞ্চও দৃষ্ট হউয়া থাকে।

মত্বার স্বভাব অনুসন্ধান করিয়। দেখিলেই প্রতাতি হইতে পারে, যে সমাজের অবস্থার উপর তাঁহার সাংসারিক স্থথ সম্পূর্ণকূপে নির্ভর করিয়া থাকে; এবং যেকালে যেরূপ মনুষ্য মণ্ডলার সহিত তাঁহার সম্পর্ক থাকে, সেই কালিক সেই সেই মণ্ডলার রাজকীয়, এবং বিদ্যা ও জ্ঞান সম্প্রিয় উন্নতি ও অধোগতির সহিত তাঁহার মঙ্গলের রুদ্ধি ও হাস হইয়া থাকে। একারণ যে সমাজ যে পরিমাণে জ্ঞানালোকে আলোকিত হয়, তৎসামাজিক জনগণ তৎপরিমাণে সংসার স্থথ ভোগ করিয়া থাকেন। এ জগতে স্ক্রেলা কার্য্য-প্রণালী স্থাপিত হইয়াছে, তাহার দ্বালী এক জন ব্যক্তি স্বয়ং অতি তত্ত্বক্ত ওনাধু হইলেও গতিনি কথনই সম্পূর্ণক্রপে পার্থবিস্থথ আন

সাদন করিতে পারেন না। কারণ তাঁহাকে সংসা-রের প্রকৃতিমতে অনেক মনুযোর সহিত সংশ্লিষ্ট হইতে হয়; এবং তাহাদের ক্লত-ব্যবহারের প্রভে-দানুসারে তাঁহাকে সুখা ও অসুখা হইতে হইবে। তাঁহাকে সং ও অসং উভয়বিধ লোকেরই সংস্রবে যদিও পর প্রয়োজনে না হউক তথাচ স্বার্ধ সাধন হেতুও যাইতে হয়।

মন্ত্রা কেবলমাত্র স্বর্জার ক্ষমতা ও পরিশ্রম দারা সাংসারিক স্থথের একদেশমাত্র উপভোগ করিতে সমর্থ হইয়া থাকেন; একারণ স্বজাতীয়ের-দের সহিত একত্র সমাজবদ্ধ হইয়া তাহাদের প্রত্যে-কের ক্ষমতা ও পরিশ্রমের সমবেত কল গ্রহণ করি-য়া আপন পার্থিব স্থথের সম্পূর্ণতা সাধনের চেষ্ট্যু করা তাঁহার পক্ষে নিতান্ত যুক্তি-**সন্মত। অভ**এব যদ্যপি মনুষ্যকে তজ্জাতির অপরাপর জীবপুঞ্জ-হইতে সপুথক ও বিযুক্ত জ্ঞান করা যায়, তাহা হইলৈ তাঁহার স্থহীনতা ও সহায়-শূন্য ছুর্দদশার वाि निया ७ श्रीथर्या बतुमात्न ७ कल्पना कता यात्र ন!। ইহুাহইতেই একণে স্পায় অনুভূত হইতেছে, যে জগদীশ্বর মনুষ্যকে সামাজিক ধর্ম্মের বশীভূত করিয়া সাহায্য প্রাপ্তির প্রচুর উপার তাঁহার সম্মুদ্ধে উদ্ভাবিত করিয়া দিয়াছেন; অতএব যখন সকল মনুষাই পরস্পারের মধ্যে সম্প্রীতি রাখিয়া জগদীশ্ব-রের আজ্ঞাপালন বিষয়ে পরস্পরকে সরল সাহায্য

প্রদান করিবে, তথন সেই সংস্থকপ বিশ্বনিয়ন্তা আপন সন্তানদিগের মধ্যে পিতৃভক্তি ও ভ্রাতৃম্বেহের পূর্নভাব দেখিয়া কেমন পরিতৃষ্ট হইবেন!

সে যাহা হউক, আমরা এক্ষণে যেৰূপ **সমাজে** অবস্থিতি করিতেছি, তাহাতে সরল সাহায্যের অভাব এত অধিক, যে আমাদের সাংসারিক কার্য্য সকলকে সত্যধর্মের সহিত সমঞ্জসীভূত রাথিয়া জীবন যাপন করা নিতান্ত স্থকঠিন ব্যাপার। কারণ একে আমরা পাপাস্থরের সহিত মুর্ন্তাবি-চ্ছিন্ন সমর-শ্রমে নিতান্ত প্রান্ত হইতেছি, তাহাতে পুনরায় সম-জাতীয় ভাতৃতুল্য নবপুঞ্জের দ্বেষ, হিংসা, স্লেহাভাব ও নানাবিধ বিজাতীয় অসম্ভাব-হারের ভাষণ আক্রমণহইতে নিতান্ত পীড়িত হই-তেছি। একে আমরা সকলেই সমৰূপে স্বাভাবিক তুর্নিবার্য্য বিপজ্জালে নিবন্ধ রহিয়াছি, তাহাতে পুন-রায় পরস্পরের বিদ্বেষ-বুদ্ধির দংশনে দ্বিগুণতর সর্তা-পিত হইতেছি। যদিও আমরা অরণ্যানী-স্থিত পাদিপ-পুঞ্জের ন্যায় প্রবল বাত্যার প্রচণ্ডাঘাতেসকলেই ভুল্য-ৰূপে প্ৰপীড়িত হইতেছি, তথাচ যেন সে ছুরুন্ত ছুর্দ্দ-শার সম্পর্ণতা সাধন নিমিন্ত আমরা পরস্পরের ঘর্ষণ-দ্বারা দারু দাবাগ্নি উৎপন্ন করিতেছি। আমি সর্বাদাই 🌉 প চিন্তা করিয়া থাকি, যে যদি আমরা পরস্থুক্তরীর মধ্যে সম্প্রীতি সম্বর্দ্ধন করি, ও ছেম্বভাব পরিত্যাগ করিয়া দয়া ও মনুষ্যত্বের উপদেশ অবণ

করি, তাহা হইলে মানবজাবনের অধিকাংশ দুঃখ একেবারে অন্তঃহত হইতে পারে; কারণ আমরা ফারি, একবার চিন্তা করিরা দেখি, যে মনুষ্য বিদ্যাবৃদ্ধি-জীবী ও ধর্ম-প্রবৃদ্ধি-হতুত হইরাও কি কারণে এরপ প্রকৃতি-বিগর্হিত পথে পদার্পণ করেন, তাহা হইলে অনায়াসেই জানিতে পারি, যে তাঁহার স্বার্থ-পরতার প্রাবল্যই সংসারে এত বিপর্যায় ঘটাইয়া থাকে। তাঁহার আশয়ের জঘন্যতা ও অপ্রশস্ততা এবং তাঁহার অন্ত দৃষ্টির নিস্তেজ ভাবই কেবল তাঁহা-কে এরপ স্বার্থপর করিয়াছে।

বদ্যপি অপর কোন শ্রেষ্ঠ লোকছইতে কোন
পুরুষ নানব সমাজে অবতীর্ণ হয়েন, তাহা হইলে
প্রথমে তাঁহাকে সমাজের বাহ্য-দৃটিদারা প্রতারিত হইতে হয়, য়ন্দেহ নাই;—প্রথম দৃটিতে সামাজিক বাহ্য-শোভন ব্যবহারকে অক্লেম সম্প্রীতির
কার্য্য বলিয়া তাঁহার ভ্রম জয়ে। কিন্তু সামান্য অমুসন্ধান করিলেই তিনি আপন প্রথম সিদ্ধান্তকে ভ্রাস্থিমুলক বলিয়া নির্ণীত করেন, তাহাতে আর সংশয় নাই। তথন তিনি দেখিতে থাকেন, মনুষ্যসকলের চরিত্র ও ব্যবহার তাঁহারদের পরস্পরের
মুখাক্রতির ন্যায় সম্পূর্ণ প্রভিন্ন; তাঁহারদের পরস্প্ররের ঐক্যতা ও প্রীতিভাব অধিকাংশ স্থলেই আল্ল
প্রস্পরের বিভিন্ন আকার মাত্র; এবং তাঁহারদের
পরস্পরের মিলন অনেক ক্ষেত্রেই মালাকারদিগের

বিভিন্ন কুসুম-রচিত পুষ্পগুচ্ছের ন্যায় বিযুক্ত ও অপ্পকাল স্থায়ী। কিন্তু ইহা সামান্য আক্ষেপের বিষয় নহে, যে মনুষ্য নানা মহতী প্রবৃত্তির বশবর্তী হইয়া কার্য্যকালে নীচাশরী ও কুদ্র বৃদ্ধি হইবেন। অধি তোমার ইত্যাদি:

তৃভীয় পত্রিকা। কলিকাতাহইতে কাশীর।

প্রিয় বক্ষো! আমি যে দিবস প্রথমে এই পথের পথিক হইরাছিলাম, দেই দিবসহইতে ভারতব-র্ষের অমরাবর্তী পুরী কলিকাতানগরী সন্দর্শন নি-মিত্ত আমার নিতান্ত ঔৎস্কুক্য জনিয়াছিল; এবং যত তাহার নিকটবর্ত্তী হইতে লাগিলাম, ততই আ-মার অন্তঃকরণে এক প্রকার অনুমুভূত-পূর্বে আন-নের উদয় হইতে লাগিল। কিন্তু যে দিবস প্রথমে সেই নগরীর বহু জন-সমাকীর্ণ রাজপথে দণ্ডায়মান হুইলাম; সে দিন আর এক প্রকার মূতন ভার্ধের আবিভাব হইল। তখন সহসু লোকের মধ্যে দণ্ডায়-মান হইয়াও আপনাকে নিৰ্জন বোধ হইতে লা-গিল। অপরিচিত লোক মণ্ডলীর মধ্যন্থিত হইয়া সমুদায় বিদেশীয় ভাব দর্শন করিতে লাগিলাম। লোকের জনরবে, ক্রেডার কোলাহলে, ও যানবাহি ভুরক্ষের শক শব্দে আমার হৃদরে এক প্রকার ভরের আবির্ভাব হইল। যে দিকে নিরীক্ষণ করি, সেই

দিকেই মনোরম্য হর্মা দকল দৃষ্ট হইছে লাগিল।
সর্বাস্থানেই নানা সৌকর্মা-সাধনোপযোগী কত শত
মনোহর পদার্থে সুশোভিত বিপনিদকল হেরিতে
লাগিলাম। কিন্তু চংখের বিষয় এই যে, পথিক
জনে চাতুংপার্শ্বিক রমণীয়তা দর্শন করিতে কিঞ্ছিমাত্রও অবকাশ প্রাপ্ত হয়েন না—দর্শনাবকাশ প্রাপ্ত
হওয়া দূরে থাকুক, তিনি আপন জীবন রক্ষা করিয়া
গমন করিবার পথ পাইলেই চরিতার্থ বিবেচনা
করেন।

কলিকাতা নগরীতে যে সকল সৌকর্য্যসাধক সামগ্রী ও পরম রমণীয় প্রাসাদ দর্শন করিলাম, তদ্বারা বঙ্গবাসিদিগকে শিপে ও বিজ্ঞান শাস্ত্রে স্থপণ্ডিত বলিয়া বোধ হইল না। সে সকল রাজ-পুরুষদিগের বিদ্যা-বুদ্ধির চিরস্মরণীয় ক্রিভি-ড়স্ত

দে বাহা হউক আমি ভদ্র সমাজ প্রাপ্ত মানসে এ
নগরীর প্রান্তভাগে স্থসভা ভদ্র মণ্ডলীর মধ্যে অবস্থান-গৃহ গ্রহণ করিলাম; কিন্তু প্রতিবেশী কোন বাক্রির সহিতই আমার পরিচয় হইল না। অপরিচিত
ও অদৃষ্ট-পূর্ব্ব মন্তবাের সহিত পরিচয় হইবে, এরূপ
মনোহর প্রত্যাশাকে আমি প্রতিদিবস প্রভাতে
নাদরে নিমন্ত্রণ করিতাম; কিন্তু ছুর্ভাগাবশতঃ
সে আশার ভৃপ্তির পূর্ব্বে প্রতিদিবসই সন্ধ্যায়
সমাপ্ত হইত। এইরূপে মাসাধিক কালের মধ্যে

যথন এক জনের সহিতও আমার পরিচয় হইল না. তথন জানিতে পারিলাম যে অপরিচিতের সহিত উপযাচক হইয়া অগ্রে সম্ভাষণ করা তাঁহারদের বিচারে নিতান্ত অপমানজনক; এবং এরূপ লঘু-তা স্বীকার করা অপেকা তাঁহারা অপর কোন বিষয়কেই অধিকতর তুঃসাধ্য বিবেচনা করেন না। একারণ অত্যে সম্ভাষণদ্বারা লঘুতা ও অপ-মান স্বীকার করিতে আমিই সম্মত হইলাম, এবং দিন করেকের মধ্যে আমার এক জন প্রতিবেশী সম্ভ্রাস্ত ভূস্বামির সহিত আমার বিলক্ষণ পরি-চয় হইল। তিনি মধ্যে২ আমার আবাদে আগ-মন করিয়া আমার সহিত সম্ভাযণে বিলক্ষণ পরি-ভুষ্ট হয়েন। তাঁহার নাম বারব্রহ্ম রায় বাহাতুর; পল্লিগ্রামে তাঁহার বিস্তর স্থাবর দম্পত্তি আছে; ও কতিপর প্রশস্ত গ্রামের তিনি ভূমাধিকারী।• ভিনি নানা কার্য্যোপলক্ষে এ নগরীতে পারিষদ্বর্গ সমভিব্যাহারে মধ্যে২ আগমন ও অবস্থান করিয়া থাকেন। তিনি আলাপন ও সম্ভাষণে বিল-ক্ষণ মিষ্টভাষা, এবং অধীনস্থিত ব্যক্তিদিগভিন্ন অপর কোন ব্যক্তি তাঁহার কঠিনাচারের বিষয় কহিতে পারে না। পরিজন ও প্রজাবর্গভিন্ন বোধ করি আর কেহই তাঁহার দৌরাস্বাে পাড়িত হয় নাই। ক্রিয়া কাণ্ডে বায় বাছল্যদারা প্রলি-গ্রামবাসিদিগের মধ্যে তিনি যথেষ্ট প্রতিপত্তি লাভ করিরাছেন। কলে, সথে। এ প্রদেশে পজিথামে লোকামুরাগ-ভাজন হওরা অতি সহজ ব্যাপার; কারণ তত্রস্থ ভক্র লোকে মমুব্যের অন্তঃকরণ বা কার্য্যের প্রতি দৃক্পাত না করিয়া তাঁহার
বাহ্ ধর্মাচার ও বচন লালিত্যের প্রতি অধিকতর
আদর প্রকাশ করিয়া থাকে।

প্রিয় বন্ধো! এখানে অপর এক জন স্থসভ্য যুবা পুরুবের সহিতও আমার বিলক্ষণ পরিচয় হইয়া-ছে। তিনি যদিও কোন পুস্তকই উত্তমৰূপে পাঠ করেন নাই, তথাচ অনেক বিদ্যালয়েই বিদ্যাভ্যাসার্থে গমনাধমন করিয়াছিলেন; এবং যদিও নিষ্পাপে দিবসেক মাত্র ক্ষেপণ করিতে তাঁহার বছল ধৈষ্য আবশ্যক করে, তথাচ ধর্মনীতি বিষয়ে (মূর্থতা প্রকাশ স্বীকার করিয়াও) ছুই তিন' ঘটিক। অনুসল বাক্য ব্যন্ন করিতে সমর্থ হয়েন। তিনি আমাকে নগরীর অধিকাংশ বিষয়ে অনভিজ্ঞ জানিয়া আমাকে তদ্বিষ্মসমূহ অবগত করিয়া বিলক্ষণ সম্ভুষ্ট হয়েন! নগরীয় প্রধান২ धनाएँ वाक्रिमिटशंत नाम, धाम, त्रीिंछ, हतिक छिनि मर्खमारे आमात निक्रे कहिया थात्कन, এবং उत्पर्धा ষাঁহারা তাঁহাকে অনুগ্রহ করিয়া থাকেন, তাঁহার-দের দয়া ও দানশৌত্তের বিষয় তিনি এক মুখে কহিয়া সমাপ্ত করিতে পারেন না। সে যাহা হউক সথে! তিনি আমাকে এমত অনুগ্রহ করিয়া থাকেন,

যে নূতন স্থান বসন, সুগঠিত অঙ্গুরীয় বা স্থৰ্ন ঘটিকা অঞ্চেধারণ করিলেই প্রায় আমার আবাদে আগমন করিয়া থাকেন।

আমি তোমার ইত্যাদি।

চতুর্থ পত্রিক। কলিকাতাহইতে কামীর।

যদ্যপি আমরা পৃথিবীর প্রথমাবস্থার দিকে দৃষ্টি-পাত করি, তাহা হইলে মনুষ্য স্বভাবের সরলভাব দেখিতে পাই; এবং ক্রমশঃ যত আমাদিগের এই বর্ত্তমান সময়ের দিকে আগমন করিতে থাকি, ততই সেই স্থন্ধ প্রকৃতির বিক্রতিভাব লক্ষিত হইতে থাকে; তত্তই দেখিতে পাই, যে সে স্বভাবের বাহ্য ভাগ . ক্রমশঃ পারিপাটো লুক্কায়িত হইয়া আসিতেছে, এবং পরিশেষে বাহ রীতি ও প্রথায় একেবারে जन्छे इरेशांटा। এरेबाल जन्मनः वाश विनय ও শিক্টাচারের স্থাটি হইয়াছে। বর্ত্তমানে এত প্রকার বাধ্যকরী সন্মান, নম্রতা, ও অধ্নতা স্থী-কারে সামাজিক ব্যক্তিদিগের প্রকৃতি লুক্কায়িত ূধাকে, যে তাঁহারদের অন্তর্ভাব হৃদয়ঙ্গম হওয়া নি-ভান্ত স্থক্ঠিন। সমাজে জন্মগ্রহণ করিয়া আমুরা অপরাপর যেমন নামা সাংসারিক কার্য্য অভ্যাস করি, গমন, বাস-পরিধান, ও আলাপন বিষয়েও

দেইৰূপ কুত্ৰিম ভাব অবলয়ন করিতে **অভ্যা**ন कतिया थाकि। आमानिरात ये वरमानृक्ति इहै-তে থাকে, ততই বাহা-বিনয় ও মৃছ-মধুর বাবহার দ্বারা আমরা আত্মগোপন করিতে সুদক্ষ হইয়। উঠি। কুষকদিগের মধ্যে এৰূপ পরিচ্ছন সুশীলভা দৃষ্ট হয় না; তাহারা পরস্পারের সহিত ব্যবহার ও সম্ভাষণে আত্মগোপনের প্রতি বিন্দুমাত্রও মনোযোগ রাথে না। কিন্তু ভদ্ৰ-সমাজে এৰূপও দুফ হই-য়াছে, যে আমরা আজনকালপর্যান্ত বাঁহাদের সহিত একত্র সহবাস করি, ও বাঁহাদের সহিত সং-সার-স্থুখ এক পাত্রে পান করিয়া থাকি, তাঁহাদের সহিতও আমরা এক প্রকার ক্লুত্রিম ও অভ্যস্তভাবে আলাপ ও ব্যবহার করিয়া থাকি। যদিও আমি বাহ্য-বিনম্র ব্যবহারকে অন্তঃকরণের সহিত ঘূণা করিয়া থাকি, তথাঁচ সুশীলতা ও বিনয় মনুষোর অদিতীয় ভূষণ বলিয়া জ্ঞান করি। যখন আমি অন্তঃকরণে সদাশর ও সততা দেখিতে পাই, এবং মুখে মাধুর্য্য ও আচারে বিনয় ভাব অবলোকন করি, তথন আমি সেইৰূপ সরল সাধু-ব্যবহারকে ভক্তি ও শ্রদ্ধা করিয়া থাকি। কিন্তু যথন নীচাশয় ও অসৎ প্রকৃতি বাহ্য বিনীতাচারে আচ্ছাদিত দেখিতে পাই, তথন তাছার প্রতি মনোমধ্যে নিতান্ত অনাদর ও হতশ্রহা করি।

स्थात्र । अ लक्का-भीलका नमारकत प्रहेषि अधान

ভূষণ ব্লিয়া প্রতীয়মান হই তেছে, কারণ ইহাদের দারা মনুষ্য অনেক সময়ে পাপের প্রলোভনহইতে নিন্তীর্ণ হয়েন। কিন্তু যে সুধীরতা ও লজ্জা ধর্মের व्यथ्यत्या वावत्र वित्रा मकल शुगाबात्र वापत्र-ণীয় হইয়াছে, নাগরিক স্থ-বিলাস জনগণের মধ্যে দে সুধীরতা ও লজ্জার কি অশ্রন্ধের পাপময় আকারই দেখা যায়! তাঁহারা এ চূই অলক্ষারে অঙ্গার্ত করিয়া আপনাদিগের কলুষময় চরিত লুকায়িত রা-খেন। আমি এ নগরীতে এমন অনেক সুধীর ও সুলজ্জ জীবান্ধা দেথিয়াছি, যাঁহারা পাপের **মুখা**বলোকন ভরে দদতই অধোদৃত্তি থাকেন; এদিকে সময় বিশেষে উৎকট পাপে নিমগ্ন হইতে মনোমধ্যে বিল্ফু-মাত্র সন্দিহান হয়েন না। যথন তাঁহারা পরিচিত লোক-মণ্ডলী মধ্যে অবস্থিতি করেন, তথনই কেবল তাঁহার। অসাধারণ ৰূপে সুধীর ও লজ্জাশীল হইয়া থাকেন; তাঁহারা এবহিধ শোভন ব্যবহার দ্বারা দর্শক-মণ্ডলীমধ্যে প্রতিপত্তি উপলব্ধি করিয়া প্রফুলিত हरत्रन । इति ! छाहारणत असुनृष्टि कि अपूर्ति गामी। তাঁহারা চিন্তা করেন না যে, সেই সর্বাদৃষ্টিমান বিশ্ব-পতির নিকটে তাঁহাদের এ প্রতারণা গুপ্ত থাকে না। তাঁহারা জানেন না যে, মনুষ্য-মুখ-বিনিগ্রত প্রশংসা লাভ করা অতি অনায়াস-কার্য্য, এবং তজ্জ-ন্য তাহার মূল্যও সেই ঈশ্বর নিকটে অতি সামান্য। মিত্র! এতদ্বাতীত অপর একবিধ কদাকার

জঘন্য সুধীরতা সুমভ্য সমাজেও অবলোকিত হইর। থাকে। সেই সূধীরতার বশবর্তী হইয়া মনুষ্য পরি-চিত ও আত্মীরবর্গের উপরোধ ও আদেশকে ধর্ম-নীতি ও সাধু যুক্তির সম্পূর্ণ অসমত জানিয়াও (কেবল মাত্র লোক-বিরাগ ভয়ে) অবহেলন করিতে मारम करतन ना। व्यानरक हे अमनि कुछन ও বिनञ्ज ষে, অপরের বচন খণ্ডন ও অপরের অভিমতে অসমতি প্রকাশদারা লোক-নিন্দা-ভাজন হইবার আশস্কা করিয়া আপনাদের বিবেচন। ও কর্ত্তব্য কর্ম্মের বিপরীতাচরণ করিতে সম্কৃতিত হয়েন না। তাঁহার৷ সত্য ধর্মা ও সদ্যুক্তির বিরুদ্ধ ব্যবহার করিতে লব্জিত হয়েন না, কিন্তু পরিচিত ব্যক্তি-র্ন্দের যোরতর মূর্থতা-নিবন্ধন কুৎসিত উপরোধেরও বিরুদ্ধাচরণ করিতে নিতান্ত লজ্জিত হইয়া থাকেন। তাঁহারা কলঙ্কনীয় ঘোর পাপাচারে প্রবৃত্ত হইতে পরাঙমুখ হয়েন না, কিন্তু বীতি-বিরুদ্ধ বিশুদ্ধ কার্য্যের অনুষ্ঠানেও বিরত হইয়া থাকেন। অতর্এব ইছা সামান্য বিস্ময়াবহ ব্যাপার নহে যে, মন্ত্র্য সদস্ৎ-জ্ঞান ওধর্মে পদাঘাত করিতে লজ্জিত না হইয়া প্ৰিত্ৰ ধৰ্মনীতিভাৱা আপন আচাৱের কলক নিরাকরণ করিতে লজ্জিত হইবেন। আহা! ইয়া কি চমৎকার সৌজন্য ও স্থ**ন্দ**র ল<u>জ্</u>য।!

আমি তোমার ইত্যাদি।

পঞ্চম পত্রিকা।

কলিকাতাহইতে কাশীর।

প্রিয় সথে! আমি তোমাকে আমার ভূতীয় পত্রিকার যে স্থুসভ্য যুবা পুরুষের উল্লেখ করিয়াছি, তাঁহার নাম নবীন কুমার। তিনি এতলগরীয় কোন অতি প্রাচীন সন্ত্রান্ত বংশহইতে জন্ম গ্রহণ করিয়াছেন। তাঁহার পিতা বিস্তর সম্পত্তির উত্ত-वाधिकाती रहेशा अमामाना ममारतार कीवन याभन করিতেন। তিনি অপরাপর হিতাহিত বিবেচনা শূন্য ধনপতিদিগের ন্যায় যেমন আয় রৃদ্ধিরদিকে দুক্পাত করিতেন না, তেমনি ধনব্যয়েরদিকেও মনোযোগ রাখিতেন না। ধন-স্থলভ অনর্থকরি স্থের দেবায় নিত্য প্রচুর অর্থ ধনাগারহইতে निः সারিত হইত; এবং यन्त्रेशि तारे **अवनान-**বিরুষ স্থুখ দেবী তাঁহার সেবার সম্ভূটা হইয়া অসাম্রিক मृज्य-बन पक्रवजनक वत्रमात्न जाशात्क जीवमूक ন্য করিতেন, তাহা হইলে বোধ করি নবীন কুমারকৈ ভीষণ দৈন্যদশার নিদারুণ শাসনে নিগৃহীত হইতে इहेज। तम याहा इक्रेक, नवीन कूमात शक्रांत (य পরিশিষ্ট ধনের উত্তরাধিকারী ইইয়াছেন, তাহা যুক্তি ও ন্যায়ের পরামর্শে বায়িত হইলে ভিদি বিলক্ষণ সাংসারিক স্থাস্থাছন্দ ভোগ করিতে পা-বেন ৷

দিন কয়েক হইল স্থনাগর নবীন কুমার ভুতন প্রকার চিকন বসন ভূষণে অঙ্গাবরণ ও পরিচ্ছন-बत्त कुछन विनाम कतिया आमात आवादम श्रकृत বদনে আগমন করিলেন। আমি প্রথমা-গমনোচিত প্রিয়-সম্ভাবণদ্বারা অভার্থনা করি-नाम। তিনি তৎপরে অনেক কণপর্যান্ত আমার নিকটে অবস্থিতি করিয়া সামান্য বিষয়ে গম্ভীরতা সহকারে বছল পরিপাটি বাক্য প্রয়েগ করত আ-মোদ করিতে লাগিলেন। তাঁহার হস্তাসুরীরের स्वर्टेट अनुतीय्वियम् এक स्मीर्च छेनाथान कहित्तन, धवर डाँहात निकृष्ठे यङ श्रकात अञ्जतीत ও অপরাপর যত বিধ স্বর্ণালক্কার ছিল, আমাটেক তাহারও এক স্থদীর্ঘ ইতিহাস প্রদান করিলেন। আমি তাঁহার মেই সকল বাক্যে পোষকতা করিয়া তাঁহার আমোদ রৃদ্ধি করিতে কিঞ্চিমাত্র ক্রটি করি-लाम ना; करल, याहाता बंश, मोन्नर्या अवृधि विक-क्षिरकत श्रमार्थत अधिकारत आश्रनारक महर स्वीव করিয়া থাকেন, তাহাদিগের নিকট সেই২ বস্তর ভুচ্ছতা ব্যক্ত করিয়া তাহাদের দেই সামান্য অভিযানকে আঘাত করিতে আমি কোন মতেই रेष्ट्रा कति ना।

• তিনি যতক্ষণ আমার নিকট উপবেশন ও আ মার সহিত সম্ভাষণ করিছাছিলেন, তমধ্যে প্রভাক मुहुर्व्ह नव नव अक छक्तिबाता आश्रेनात भेतीत-हिङ् প্রত্যেক সৌন্দর্য্য আমার নম্ননে বিশেষক্রপে লক্ষিত করাইবার নিমিন্ত শত প্রকার চেন্টা করিয়াছিলেন। কিপ্রকার আচরণে তাঁহার বিবিধ সৌন্দর্য্য আমার চিন্তকে স্থন্দরক্রপে আকর্ষণ করিবে, এই চিন্তাই তাঁহার মনোমধ্যে কেবল বলবতা হইয়াছিল।

क्रामीश्वत व्यामानिरशत व्यत्तः कत्रत्व त्नाकालुदाश-প্রিয়তা সংস্থাপিত করিয়া সাধুকার্য্য অনুষ্ঠান নি-भिन्छ आभानिभटक উদ্যোগी ও সাহনী করিয়াছেন; একারণ ্যদিও জনসমাজে অনুরাগ-ভাজন হইবার চেফ। করা মনুধ্য মাত্রেরই সর্বভোভাবে কর্ত্তব্য, তথাচ যে সকল সামান্য পদার্থে তাচ্ছল্য প্রকাশ क्ता विरश्ते, तम मकन जुष्ड् भनार्थत अधिकारत आभ-নার গুণবন্তা অমুভব করিয়া প্রশংসা প্রাপ্তির বা-ननः कता जामारमत উৎकृष्ठे भरमत निजास जरूया-भा विनार्क इरेटव । जीटनाकिमिटभन्न मदन रेहा मृह প্রত্যর আছে, যে তাহারা নরজাতীর মধ্যে আদর ও প্রশংসার অতি স্থন্দর পাত্রী; একারণ তাহারা দর্শকমগুলীর মনে আপনাদের সৌন্দর্য্যের নব नवं ভाव मञ्जूषिত कतिवात निमिष्ठ मर्खना है वमरमत ভাব পরিবর্ত্তন ও অঙ্গে সদতই মূতন ভঙ্গিমা ধারণ করিয়া থাকে। আমাদিগের এই পুম্ জাতীর মধ্যেও প্রশ্নবিলাষি কুদ্রাশরি পুরুষেরাও এব্ছিক नातीकुलात महिल अ विषया विलक्ष अका इहें हा খার্কেন। তাঁহারাও নারীজাতীর ন্যায় আপনা-

দিপের ৰূপদর্শক-মণ্ডলীর মধ্যে অনুবলোকিত হই-লে নিতান্ত অধৈষ্য্য হইয়া থাকেন।

বে •সকল ব্যক্তির চিত্ত-দর্পণে জগতের কোন পদার্থেরই প্রতিবিশ্ব প্রতিফলিত হইয়া অধিকৃষ্ণ **ज्यविश्विक करत ना, बाहाता क्रनाव्यत टेमनिम्न क्रिया** সকল সদত দর্শন করিয়াও মনে দর্শন করিতে অস-মর্থ, যাহারা মনুষ্টোর চিন্তারূপ পবিত্র সূথ আস্বাদন করিতে নিতান্ত অশক্ত, তাহারা যে সামান্য অকি-ঞ্চিৎকর পদার্থের অধিকার ও উপভোগে আপনা-দের গুণবত্তা অমুভব করিয়া প্রশংসা প্রাপ্তির বাস-ना श्रकाम कतित्व, देश कान मर्डे विचित्र नर्दः কিন্তু যাহাদের মনোরুত্তি সকল যথেই পরিমার্জিত ङ्हेबाट्ड, याहाटम्त अन्तःकत्रग मसू**या शरमत** त्था-ष्ठेज मर्गन कतिएं नगाकव्यकारत छेल्एयाती इह-রাছে, যাহাদের চিত্ত চিত্তাস্থ্য অনুভব করিতে विलंकन नमर्थ, जाहामिशतक अ क्रूजामास्त्रत वमवर्जी হইতে দেখিলে মনোমধ্যে কিপ্রকার ক্রোধমিশ্রিত ত্রঃথের উদয় হইয়া থাকে! সচরাচর দেখিতে পার্ডয়া যায় যে, বিজ্ঞ ও উপযুক্ত ব্যক্তিরাও সামান্য গুণের নিমিত্ত প্রশংসা লাভের অভিলাষ প্রকাশ করিরা থাকেন। একপ সামান্য আশরহইতে কর •জন ব্যক্তি পরিত্রাণ পাইরা থাকেন? কর জন वांकि व अजिमात्नुत अधीन नट्टन?

মনুষ্য আপনার অসুস্পূর্ণতা ও দোবপুঞ্জের

বিষয় মনেই সবিশেষ অবগত হইয়াও যে প্রশংস।
প্রাপ্তির নিমিত্ত ঔংস্কৃত্য প্রকাশ করিয়া থাকেন,
ইহা অতি চমৎকার ব্যাপার। যথন পাপ ও অজ্ঞতা,
অশক্তি ও গুণহানতা প্রত্যেকে আপনাকে প্রশংসার
পাত্র করিবার নিমিত্ত নানা যত্ন ও আগ্রহ প্রকাশ
করিতে থাকে, তখন তাহা দেখিয়া কোন্ বিচক্ষণ
ব্যক্তির মনে ছংথের উদয় না হয়? ফলে, বস্কো!
মন্ত্রের ন্যায় উৎকৃষ্ট জীবকে এমত অকিঞ্ছিৎকর
আত্মাদরের বশবন্তী দেখিয়া আমার মনে এক
প্রকার ক্লেশের উদয় হইয়া থাকে।

সাধু ব্যক্তিরা যথন আপনাদিগকে অপরাপর
মন্ত্ব্যুহ্ইতে সপৃথক্ জ্ঞান করিয়া আপনহ অন্তঃকরণ্ অনুসন্ধান করেন, তথন তাঁহারা তথায় দর্পোপযুক্ত কোন শক্তি বা গুণই দেখিতে পান্ না; ক্লিস্ত্
যথন তাঁহারা অপরাপর মনুব্যের সহিত আপনাদিগের পরিতুলনা করিয়া আত্ম-দর্শন করেন, তথন
যদিও আপনাদের শক্তি ও গুণ দৃষ্টে না হউক,
তথাচ অপরের অশক্তি ও দোব নিজ শরীরে অনুপস্থিত দেখিয়াও এক প্রকার বিশুদ্ধ আত্মপ্রসাদ অনুভব করেন। এই স্থ্রুহ্ইতেই জ্ঞানী ও নির্কোধের
মধ্যৈ প্রভেদ স্থন্দরন্ধপে লক্ষিত হইয়া থাকে।
জ্ঞানি ব্যক্তি আপন গুণের অসম্পূর্ণতা চিন্তা করিয়া।
বিনম্রভাবে অবস্থিতি করেন, নির্কোধ জন অপ্রৈর
অশক্তি ও দোষাবলোকন করিয়া দর্পোশিত হয়েন।

ख्वानि राक्ति षाश्रन छ। ও শক্তির प्रश्नाहर्या विद्या करतनः, निर्द्याथ তাহার প্রাচ্ব্যাবলোকন করেন। ख्वानि बाक्ति पाष्प्रथमः मानाज कतित्वहे यर्थके महुके हरतनः, निर्द्याथ लाकासूत्रागजाकन हहे-लाहे क्वार्थमना ख्वान करतन।

আমি তোমার ইত্যাদি।

ষষ্ঠ পত্রিকা। কলিকাতাহইতে কামীর।

নগরবাসা সুরসিক ও সুখবিলাষি জনগণের চরিত্রহৃতিত যে অপর কোন প্রকার চরিত্র ধর্ম-প্রের্ভিকে অধিকতর আহত ও বিচলিত করিতে পারে, সে বিষয়েং আমি সমধিক সন্দেহ করিয়া থাকি। আমি প্রায় এমত কোন মন্তুষ্যের সহিত্ত্ব সন্তামণ করি নাই, যিনি আমার নিকট এবিধি চরিত্রের বর্ণনা করেন নাই। আমাদের নবীন কুমার সর্বদাই তাঁহার কতিপয় পরিচিত ব্যক্তির রসিকত্বা ও চতুরতা আমার নিকটে প্রশংসা করি-য়াথাকেন; সঙ্কট-সঙ্কুল ছন্তর ক্ষেত্রহৃত্তি বিনা বি-পদস্পর্শে তাঁহাদের নিস্তারপ্রাপ্তি, ও গভীর বি-পদস্পর্শে তাঁহাদের নিস্তারপ্রাপ্তি, ও গভীর বি-শাধ সময়ে কলুষময় ভীষণাবহ ব্যাপারে তাঁহাদের কিব্রুহ্ব ও নৈপুণ্যের বিষয় উল্লেখ করিয়া তাঁহাদের সেই সকল গুণরাশির যথেট প্রতিষ্ঠা

করেন। কলে নবীন কুমারের এই সকল বীর পুরুধেরা নিতান্ত গুণহীন বলিয়া বোধ হয় না। তাহারা আপনাদের প্রতিবেশীর কোন গুরুতর কাষা
দায় উপত্তিত হইলে তাহা সম্পন্ন করিবার মানসে
তাহার গৃহে (যদিও পরোপ নার ত্রত গালনার্থে না
হউক, তথাচ তাঁহার ভাষাা বা কন্যার সর্ব্বনাশ
সাধন অভিলাষেও) সর্ব্বদা যর্ভমান থাকিয়া পরিশ্রম স্বীকার বরিতে বিন্তুমাত্র ক্রটি করে না;
তাহারা সাধারণ পূজা বিষয়ে (যদিও ধর্মান্তরারো
না হউত, তথাচ দিন কয়েক ততুপলক্ষে ইন্দ্রিয়
স্থের প্রচুর উপভোগ অভিপ্রাযেও) সম্পূর্ণ অধ্যবসায় ও যথেষ্ট আগ্রহাতিশয় প্রনাশ করে।

ইন্দির স্থা যাহার জাবনের এক মাত্র ইন্দেশ্য ও মুখ্য ঘটনা, তাঁহাকে তাহার উপতোগ বিবৃদ্ধে নিরাশ হইতে হয়। ইন্দ্রিয় স্থেথ থার্ভানিবিফ হইলে অপরাপর মহতা কার্য্যে শেমত বিশ্বাদ ও বিরক্তি জ্বা, সে স্থেগর মধুর মুও সেইকাণ বিশ্বাদে পরিণত হয়। ইন্দ্রিয় স্থা আপন আ-রাধকের অর্চনায় স্বয়ংও প্রদন্ধা হয়েন না, এবং অপর কোন স্থেগর মন্দিরেও তাঁহাকে গমন বিতে শৃক্তি প্রদান করেন না। একারণ স্থ-লোলুপ ব্যক্তিবা দিন্যামিনীর যে ভাগে স্থাপানহইতে ক্যান্ত থাকেন, সে কাল তাহাদের যেমন অসহাও ভারধাহ ব্লিশ্বা প্রতীয়মান হয়, সমস্ত ভূমগুলে বোধ করি অপর কোন তুর্ভাগা জীবের সমস্ত জীবিত কাল কো দ্বেপ ক্লেশকর হয় না। তাহারা যে সময়ে কোন ভ্রুষ্টাচারের মন্ততাহইতে নিবারিত হয়, অধ্রা কোন অসত্যময়ী রমণীর অনুসরণে নিরাশ হইয়া থাকে, তাহার অবাবহিত পরক্ষণে বদাপি তুমি ভাহাদিগ-কে নিরাক্ষণ কর, তাহা হইলে ভাহাদের বিরম ভাব ও বৈরক্তিতে তুমি চমৎকৃত হইবে। সাধুরূপে ক্ষেপিত দিবসের সায়ংকালে আজা-নিম্পাপ্রচিন্তারূপ পবিত্র আজ্ঞসাদ, অথবা স্বাস্থা-স্থলভ গাঢ় নিদ্রায় অতিবাহিত রজনীর উষাকালে অন্তঃক্ত্রিরপ নি-র্গাল সুথের মুখাবলোকন করিতে ভাঁহারা কোন মতেই অধিকারী নহেন।

যেখানে ইন্দ্রিয় সুথের ভাগ অধিক, দেই স্থলেই
তুমি দেখিতে পাইবে যে, যে ব্যক্তি তাহার ইয়ন্তায়
নিপতিত হইয়াছেন, তিনি চপলাচারি বন্ধু, অমনোযোগি পিতা, ও অননুরক্ত পতি। তিনি আপ্রহতভাগা অপতাকুলকে দৈন্যদশায় জড়িত করেন;
এবং কতিপয় আবি ও ঋণ পত্র ব্যতীত সম্ভানদিগকে
অপর কিছুই মুমূর্ঘান করিতে পারেন না। অপর,
তাহার সমস্ত কার্যোই চপলতা ও দীর্ঘস্ত্রতা দেদিপামান হইয়া থাকে।

যিনি ইন্দ্রির স্থেমন্ত হইরা অধিকক্ষণ বোর আর্ মোদ, শব্দায়মান হাস্য, উৎকট পরিহাস, ও স্থানর রসিকভার ক্ষেপণ ক্রিয়াছেন, তিনি যদ্যপি ভাষ্ট্র

পরক্ষণেই আপন পূর্বে ব্যবহারের প্রতি পুন দুঁটি নি-क्कि करतन, जाइ। इहेरलई पिथिए शान, य महे! প্রমোদ সময়ে তিনি হয় কোন ব্যক্তির প্রতি অকারণ তীক্ষ পরিহাসাদারা তাঁহার মনোবেদনার কারণ হ্ইয়াছেন. অথব। কোন গুরুজনের সহিত অনুচিত ব্যবহার দ্বারা স্পর্দ্ধা প্রকাশ কবিয়াছেন, অথবা কোন অ্যথাচার্দ্বারা আপন লক্ষার মন্তকে প্রাঘাত করিয়াছেন, অথবা সে সময়ে অকারণে আশন চরি-ত্রের ঋপ্ত ভাব প্রকাশ করিয়া নীচতা স্বীকার করি-রাছেন, কলে তিনি এই ৰূপ পুনং চিন্তাদারা প্রমোদ কালীন আপন কোন ব্যবহারহইতে আত্মগ্রানি ব্যতীত আত্ম প্ৰসাদ উপলব্ধি করেন না। হয়ে। যে জীবগণ মনুযাৰূপ প্রম পূজ্য শ্রেষ্ঠ মঞ্চে উপবিষ্ট হুইয়াছেন, তাঁহারা এমন লঘীয়ান সামান্য সুথের বশবন্ত্রী হইয়া নান। নির্মাল উৎক্রণ্ট স্তথের আস্থাদন **ভইতে আজন্ম**কাল বঞ্চিত থাকিবেন, ইছা সামান্য व्यारकप्रात्र विषय नरह!

আমি ভোমার ইত্যাদি।

দপুম পত্রিকা। কলিকাতাহইতে কান্দীর।

অপেন জাতী বা লোক মগুলীর মধ্যে শ্রেষ্ঠ বলিয়া গণ্য হইতে অভিলাষ করেন না, এমন ব্যক্তি

অতি বিরল। মানবজাতীর অতি সামান্য ও नेजात्र অविधात जान ७ वार्गनानित्नत बाजीश ও वसूर्वार्तत कूप मत्नत मर्पा अक श्रकात त्यार्थन ও नन्धान छे भनिक्तित भानम क्षकाम कतिया थाएक ;— এমত কি, দীন দরিদ্র শিম্পাকর ও ক্রযকেরাও আপনা-मिरात मन गर्था **य य** थनश्माकाति वाङ्गि **था**श हहे-য়া থাকে। এই কুদ্রাশয়ের বশবন্তী হইমা সামান্য মনুষ্য আপন নিম্নন্থিত ব্যক্তিদিগের উপরে শ্রেষ্ঠত্ব উপভোগ করিয়। মহান্পরিতৃই হইয়া থাকেন। আত্মাদরের এবম্বিধ অসম্ব্যবহারহইতেই লোকে: চাটবচন প্রবণ করিতে আসক্তি প্রকাশ করে। এই তোষামোদ-প্রায়তাহইতে বোধ করি অপর কোন অন্তর্ব্যাধি মানব-মনের অধিকতর অনিষ্টকরী নহে। চাটুকারের স্তোত্র তান-লব্ন বি**শুদ্ধ-সুম্**ধুর সঙ্গিতের ন্যায় অন্তঃকরণকে দ্রবীভূত্ ও বিমুদ্ধ করে। যাঁহাদের মনোরাজ্য বিশেবকা রক্ষিত নহে, তাঁহার৷ ইহার আক্রমণহইতে কৌন মতেই নিস্তার প্রাপ্ত হয়েন না।

আমর। প্রথমে আপনাদের গুণ ও শক্তির প্রতি পক্ষপাতী ইইয়া থাকি, সূত্রাং পরে অন্য ব্যক্তির তদ্বিরে পক্ষপাত (তাহা মোথিক ইইলেও) অতি তুইটকরী হয়;—আমরা প্রথমে আপনাদের শক্তি-বাহলা ও প্রাধান্য অনুভব করিয়া নিজ নিজ হৃদয়ের তোবানোদ করিয়া থাকি, সূত্রাং ভৎপরে অপরের চাটুৰ্চন নিতান্ত চিত্তরঞ্জনীয় ও বিশ্বস্থা হইয়া থাকে। চাটু চার আমানের অন্তঃন্থিত আ

আদরের আরাধনা আরম্ভ করে; এ দিকে আত্মাদর
তাহার স্তবে এমনি প্রদন্ধ হইয়া থাকেন, যে সৈ অমনি
জ্ঞানের শাসনহইতে প্রস্থান করিয়া বহিবৈরির সহিত
মিলিত হইয়া থাকে। একারণ বখন চাটু নারের!
জ্ঞানান্ধকারি কৌশল ও বিমুগ্ধকারি সম্মতিবাক্যদ্বারা আমাদের গরিমার পোষকতা করিয়া থাকে,
তথন আমরা তাহাদের মারাতে বশীক্ত হইয়া
তাহাদের উপর অন্ত্র্গ্রহ বর্ষণ করিতে বিন্তুমাত্র
ক্রিটি করি না।

ষদ্যপি সকল মনুষ্যকেই ইহা প্রতীত করাইতে পারা যায়, যে এই তোষামোদ-প্রীয়তা কত জঘন্য, নীচাশয়হইতে উৎপন্ন হইয়া, থাকে, তাহা হইলে রোধ করি যাহারা এই রিপুর ভৃপ্তি সম্পাদন করিয়া একণে যেৰূপ সে বিষয়ে কৃতভাষ্য হইয়া থাকে, ভাহারা সেইৰূপ হেয় হইতে পারে। আমরা যে সকল গুণ বা শক্তির অধিকারী নহি সেই সকলের অধিপতি বলিয়া প্রকাশমান ইইবার ইচ্ছা, অথবা বাস্তবিক আমরা যেৰূপ নহি সেইৰূপে প্র-তীয়মান হুইভার একান্ত কামনাই কেবল আমা-দিগের চাইভার একান্ত কামনাই কেবল আমা-দিগের চাইভার প্রকাশ গতির আমাদের স্বিরির (না থাকিলেও) দর্শন করিয়া থাকে। আমি

বোধ করি অপরের স্বভাব এই ৰূপে বস্ত্রের নাম অঙ্গে ধারণ করিবার যত্ন অপেক্ষা আপনাদের স্বভাব সংশোধন ও গুণবর্জন করিবার চেন্টা অধিক-তর প্রশংসনীয়। একপে অনুকরণদ্বারা শ্রেষ্ঠ হই-বার চেন্টাইইতে আদর্শ ইইবার নিমিত্ত আগ্রহ অধিকতর আদর্গীয়।

চৌরের পক্ষে আমাদের অসতস্কৃতা, ও প্রতারকের পক্ষে আমাদের অজ্ঞতা যেমত লভাকরী,
চাট্কারের পক্ষে আমাদের আত্ম-গরিমা সেই মত
লভ্যজনক চাট্কার আমাদের মানষক বার্যার এই অসম্পূর্ণতার সহায় লইয়া নিজ স্বার্থমূলক মনস্কামনা দিল্ধ করে। সংখ! তুমি ষদ্যাপি
ভাবকদিগের তুইকরি কার্যা পদ্ধতি ও ভোষামোদপ্রীয় জনগণের অন্ধ্রতা-জনিত মন্ত্রা দর্শন কর,
তাহা হইলে তুমি একের স্বার্থপরতা ও অপরের
ক্রুন্সাশ্য় হেরিয়া বিশ্বিত হইবে।

যাঁহার। আপনাদিগের কর্তবাকর্ম বা সামান্য কার্য্যের অনুষ্ঠান করিয়া প্রশংসাপ্রার্থী হইরা থাকেন, তাঁহারা আপনাদের মেই কুরাশরের পোবকর্তা প্রাপ্ত হইলে প্রথমে চরিতার্থী, পরে অভিমানী, এবং অবশেষে গরিমা-বিমন্ত হয়েন। প্রধান২ ছত্রধরেরা নানা সৌভাগ্যে পরিবেটিত ও বছল স্ততি-পাঠকের ঘার স্তবে উচ্চীকৃত হই-য়া আপনাদিগকে দেব-লোক-ভুক্ত উৎকৃষ্ট জীব

বোধ করিবেন ইহা বিচিত্র নহে। আমি অভি मामाना वाङ्किमिशक्ष मामाना हार्वेकात्त्रत जेम्रंड-করি প্রশংসা বাক্যে নিতান্ত অন্ধ হইতে দেখিয়াছি। এমত কি অনেকে আপন ভিন্ন অপরের গুণ মূলেই দেখিতে পান না; দেখিতে পাইলেও তাহা নিজ মুখে স্বীকার করেন না—স্বীকার করিলেও তাহা আ-প্ন গুণছইতে অধিকতর প্রশংসনীয় বোধ করেন ন।। আসাদের বীরত্রন রায় বাহাতুর প্রশংসাকে তাঁহার প্রশংসার অপহরণ বলিয়া বিবে-চনা করেন। যখন জন কয়েকে তাঁহার সহিত উপ-বিষ্ট হইয়া কথোপকথন আরম্ভ করে, তখন তিনি এক প্রকার বিচলিত-মতি হয়েন; যদ্যপি সেই সকল সম্ভাষণে তাঁহার কোন না কোন গুণের বর্ণনা না হয়, তাহা হইলে তাঁহার আর প্রসন্ন ভাব থাকে না। আমি ভোমার ইত্যাদি।

> অফুম পত্রিক:। কলিকাতাছইতে কান্দীর।

মানব মণ্ডলী ব্যতীত বিশ্বরাজ্যের অপর্র সর্ব্বস্থ-লেই প্রাকৃতিক নিয়ম প্রণালী অতি সুন্দর্ব্বপে প্র-তিপালিত হইতেছে;—অপর সর্ব্বত্তেই জগৎপাঃ তার আদিই কার্য্যকদম্ব অতি স্কুচারুব্বপে অমু-ষ্ঠিত হইতেছে। দিবাকর ও মিশাকর—দিবস ও

রজনি—কেমন পর্যায়ক্রমে ও পরিপাটারপে আপ-नानित्शत कर्डवा कार्यात अनुष्ठान कतिमा थारक ! श्रुवन्हे वा श्रापनामित्वत्र निर्मिषे कार्यात श्रीक পালন विषय कामन माय-म्थर्भ-मृना सुना साह-त्र कतित्रा थाटक ! जद्भभग हे वा छटकाम् व अहुदूर. হইতে প্রকাণ্ড রুক্ষে পরিণত হইয়া ফল পুষ্প প্রস্ব ও স্ববংশ সম্বৰ্জন করিয়া আপনাদের জীবিত সময়ের কেমন স্থচারু ব্যবহার করিয়া থাকে! আমি বোধ করি, কি স্থর্যা, কি চন্দ্র, কি ঋতুগণ, কি তরুপুঞ্জ, কি মনুষ্য ব্যতীত অপর কোন স্বন্ধিত পদার্থ (मङीवरे रुष्ठेक वा निर्झावरे रुष्ठेक) किरूरे कीन কালে কোন কারণবশতঃ আপনাদের চির-নির্দিষ্ট कार्र्यात अञुष्ठीत अनाशाहत्व करत् नाहे ;--आमि বোধ করি দিনপতি কোন কালেই আলস্য-পর্ত্ত হইয়া এক দিবদের নিমিত দুরে থাকুক এক মুহূ-র্ভের নিমিত্তেও রন্মিবর্তনে পরাঙ্মুখ ইয়েন নাই। কলেকের নিমিত্ত কর্ত্তব্য কর্মা বিরুদ্ধ আচরণ দুধণীয় নহে অনুমান করিয়া বোধ করি চন্দ্রও কৃষ্মিন্কালে আপন গতি নিবারণ করেন নাই; কেছ জানিতে পা-तिरव ना मत्न कतिया रवाध कति अजूनन् । रकान कारन व्याभनादमत्र भर्यााग्र-शमम পরিত্যাগ করে मारे; এবং অযথাচার-নিবন্ধন নিন্দায় কোন কতি হইতে পারে না স্থির করিয়া বোধ করি তরুগণও আপনামের कर्डवा कर्षाहरेला कान काला अञ्चान करत नारे 😂

কেবল মনুষ্য মণ্ডলীতেই নৈদর্গিক নিয়মপুঞ্জ উল্লাজ্যত হইতে দুট হুছয়। থাকে— কেবল মানব काष्ट्रीमर्थारे तरहे विश्व-नियुद्धात चारमममूहे चर-জ্ঞাত হইয়া থাকে। মনুষ্য আপন কর্ত্তর কর্মে দুঢ়-ৰদ্ধ হইয়া থাকিতে অভিলাষ করেন না, কারণ তিনি এমনই স্বাধীনতা-প্রিয়, যে জগদীশ্বরের অনু-জ্ঞাধীন থাকিতেও অনিচ্ছা প্রকাশ করিয়। থাকেন। এদিকে পাপ-পিশাচের চির-নিবদ্ধ দাস হইয়ং থাকিতে কোন ক্লেশই অনুভব করেন,না। হা! চমৎকার! একি অন্মুমের আচার! হা মনুষ্য! তুমি জগতের সাম্রাজ্য প্রাপ্ত হইরা ঘোর কলঙ্কের মুল,ভুত হইলে! আমি তোমার প্রকারে ধিকার প্রদান করি! ভাল, আমি তোমাকে জিজ্ঞাদা করি, যে যথন পাপ পিশাচ আসিয়া তোমার সন্মুখে প্র-জ্বোভনীয়া মারা বিস্তার করে, এবং বখন তুমি ভা-হার পরামর্শে কুপথে পদার্পণ কর, তথন শাসন-কৰ্ত্ৰীস্বৰূপ৷ যে হিতাহিত-বিবেচন৷ তোমার হৃদয় দিংহাদনে সমাদীনা আছেন, তিনি কি <u>তো</u>ষার পাদৰয়কে প্ৰত্যাবৃত্ত করিতে যত্ন করেন না ? আমি বোধ করি তিনি সমূহ যত্ন করেন। কিন্তু তুমি সেই হুদ্-রক্ষিণীর নির্ভিদাধক যত্নে যতই উপেক্ষা কর, তাঁহার দচেতন নয়নহইতে যতই আকুমানিক, পোপনভাবে প্রস্থান কর, এবং যতই তাঁহাকে এতা-রণা কর, তিনি ভোমাকে কিছুতেই পরিত্যাগ করেন ন।; মত্তা নিরুত্তি করিয়া তোমার জ্ঞানোকর করিতে কিছুতেই কান্ত হয়েন না; এবং ভোমার চিত্ত গুহুে শতোর কিরণ বিকীর্ণরেরিভে কিছুভেই ক্রটি করেন না। তুমি যথন ছৃষ্থার মন্ততার मनमर खान-पूना थाक, अथेवा मारमाबिक कार्या-পুঞ্জে অভিনিযুক্ত হইয়া অতি অন্থিরচিত্ত থাক, অথবা পাপ-পিশাচের সহচর-স্বরূপ সম্পদানুগামি জঘন্য ব্যক্তিদিগের সহিত মিলিত হইয়াখন-স্থলত कृष्टिम आत्मादन निमध थाक, उथन जूमि हिडाहिड বিবেচনা ও ধর্মপ্রবৃত্তির উচ্চৈঃস্বরে কর্ণপাত কর না वरहे, किन्तु य नगरत तारे इष्कृतित शर्यावनारन তোমার মত্তা দূরীকৃত ও ক্রোধ সমুদিত হয়, অথবা যে সময়ে তুমি সাংগারিক কার্ট্যের গাঢ় অভিনিবেশহইতে মুক্ত হইয়া বিজ্ঞামার্থে ক্রি-চিত্ত হও, অথবা যে সময়ে তোমার স্থাবের অসুচর-স্বৰূপ নার্কি দানবরুন্দের সহিত শব্দায়মান হান্য বা উৎকট পরিহাসদারা ঘোরতর আমোদ করিয়া তুমি বিপ্রাপ্ত হও, সে কময়ে আর ভৌমার কর্ন-হিতাহিত বিবেচনা বা ধর্মপ্রকৃত্তির মৃদ্ধ বাক্যেও বধির থাকে না--ভাহার তাক্ষ দংশনে ভোমার পা-ষাণীভূত হাদয়ও অবিদারিত থাকেনা। সেই কৌ-লাহল-খুদ্য নিশ্চিন্ত সময়ে তোমার চিন্ত একেবারে পশাভাপের হলাহলে কি ভয়ানকৰণে কজৰিত হইর। থাকে ! দে সময়ে ভোমার মনোরাজে কি

ভীষণ বিপ্লবই বা বিঘটিত হয়। হা মোহাক্ষ ! তথ্ন তুমি কি বিশ্বিত হও না ? সেই দারুণ নিগ্রহের সময় তোমার স্থামুচরেরা কোথায় থাকে ? যাহারা ছফ্তি সময়ে তোমার মন্ততাজনিত আমোদ স্থানর-রূপে রৃদ্ধি করিতে পারে, তাহারা তোমাকে গতান্ত্র-শোচনার ঘোর যন্ত্রণাহইতে কি কারণ রক্ষা করিতে পারে না ?

मर्थ ! পাপাচরণে যে क्विक सूथ ও দীর্ঘব্যাপি অবশ্যস্তাবি পীড়া সমুৎপন্ন হইয়া থাকে, সে বিষয় চিন্ত। করিলে মনুষ্যকে এত প্রচুর ব্যয়ে এমন অকি-ঞ্চিৎকর সামগ্রী ক্রয় করিতে দেখিয়া অতিশয় চমৎ-ক্লত হইতে হয়। সমস্ত ধর্মোৎপাদ্য পবিত্র স্থার আশু বিনাশ সম্ভাবনা সত্তেও মনুষ্যকে কুকর্ম্মের অনু-ষ্ঠানে সাহসী হইতে দেখিয়া যথন তাহার নিগৃঢ় তত্ত্ব অনুসন্ধান করিতে প্রবৃত্ত হত্তরা যার, তখন মনুষোর মোহ-জনিত অদুরদৃষ্টি দর্শন করিয়া ছুংখে নিতান্ত व्यक्तिक हेरे एक हो । हो इ. । इ. । इ. । व्यक्ति । व्यक्ति তুঃবের বিষয় আর কি হইতে পারে যে, একবার ক্ষণেকের নিমিত্ত ধর্ম-বিগহিত পথে বিচরণ নীতি-বিরুদ্ধ আচরণু হইতে পারে না জ্ঞান ক্রিয়া মন্ত্র্য (वम ? क्रिन्स इलाइटलत वादतक व्याचामरन क्रावन विनाम कील तरह ना। हात ! हेहा हहेरा हे वा व्यक्तिक-তর আক্রেপের বিষয় আর কি হইতে পারে যে,

কেই জানিতে পারিবে না মনে করিয়া মনুষ্য গো-প্নভাবে পাপে নিমগ্ন ইইবেন ? একপ্ অন্তঃ অ-विष गुमाना वज्ञात कन नेट् हिंहा वज्ञी আমার চকু:হইভেই তুমি নিজ কলুবসর চরিত্র লুকারিত রাখিতে পার, কিন্ত দেই সর্বদৃতিমার ও নর্বান্তর্যামি জগৎপাতার চক্ষ্রোচরহইতে অন্তর করিতে পার না;—যিনি তোমার বচন ও ব্যবহার দারা ভোমার হৃদরের সাধুতা নিৰূপণ করেন, তাঁহার বিশ্বাদকেই তুমি বুদ্ধি কৌশলে প্রভারিত করির। তুষ্ঠীস্থূত রাখিতে পার, কিন্তু যিনি ভোমার অন্ত করণের নিজলঙ্ক ভাব নির্বয় করিয়া তোমার বচন ও বহিকার্য্যের সভতা বিচার করেন, নরক-রচিত কিট্র কৌশলেই তাঁহার তীক্ষ অন্ত দৃষ্ঠিকে প্রতারণা করিতে পার না। অন্ততঃ, ইহা অপেকা অধিকতম সন্তাপের বিষয় আর কি হইতে পারে যে, পার্থিব সম্পদ ও ধনবলের প্রাচুর্য্যবশতঃ লোক নিন্দায় কোন অপকার করিতে পারে না স্থির করিয়া ম**নু**ষ্য **অসমু** চিতচিত্তে কুকর্মে হস্তার্পণ করিয়া ছুরপনেয় কলক্ক অঙ্গে বিলেপন করিবেন? হা মোহান্ধা আমি শ্বী-कात काँत, जूमि शार्थिय मन्त्राप्त व्यक्षिक इन्हेंबा কোন মনুব্যেরই ভর রাখনা; কিন্তু কোনু অভি-मार्टन त्मरे मर्सशर्स्तद्र ममनवर्खा विश्वनाखादक ভয় - কর না, তাহা বুঝিতে পারিতেছি না । ক্ষ্ ভদুর মূমায় দেহে এত সাহস ভূয়সী যন্ত্রণার নিমিন্ত হা ভান্তচিত্ত। আমি তোমারে নিশ্চয় কহিতেছি যে, এৰপ ফুংসাহস কথনই সামান্য পরিতাপ প্রস্ব করিবে না! তোমাকে এতাবনাত্র অবগত করাই আমার পক্ষে যথেষ্ট; কারণ এ সামান্য তুরদৃষ্ট ব্য-ক্তির উপদেশ বোধ করি তোমার শ্রোতব্যই হই-বে না।

আমি তোমার ইত্যাদি।

নবম পত্রিকা।

কলিকাভাহইতে কাশীর।

প্রিয় বংলা। ইদ।নিন্তন বীরত্রের রায় বাহাছরের সহিত আমার বিলক্ষণ প্রণয় হইয়াছে; তিনি আন্মার সহিত সম্ভাষণ করিয়া এক প্রকার সম্ভূষ্ট হয়েন। কলে, তিনি আমার বৈদেশিক আচার ব্যবহারে কোন মতে বিরক্ত হয়েন না; বরং আমাকে নিঃসহায় ও বন্ধুবিহীন দেখিয়া যথা সামান্য আদর করিয়াও থাকেন। প্রায় মাসাধিক কাল বিগত হইল, তাহার এগানে বিষয়কার্য্য সকল সমাপ্ত হইলে তিনি যথন তাহার পল্লিপ্রামন্থিত পুত্রকলত্র, পরিজন পিবিষ্টিত গৃহে প্রত্যাগমন করেন, তথন আমাকে সমতিব্যাহারে লইয়া যাইবার প্রস্তাব

ক্রিলেন। আমিও বহু দিবসাব্ধি এ নগরীতে অবস্থিতি করিয়া এক প্রকার বিরক্ত হইয়াছিলাম ; কারণ মনুষ্য-নয়নের এমনি আশুর্ম্য স্বভাব যে, সে একবিধ সামগ্রী পুনঃপুনঃ দর্শন করিয়া পরিভৃপ্ত रुप्र ना। জननी येत नजन कि ज्ञन भाग था खित নিমিত্ত উৎস্ক করিয়াছেন; স্বতরাং দৃষ্টপদার্থের অভিনবত্ব হ্রাস হইলেই চকু নূতন বস্তুর অনুসন্ধান क्रिंटि थार्क। विस्थितः, नश्च भरनत नाम् अक প্রকার স্বাধীনতা প্রাপ্তির প্রার্থনা করিয়া থাকে 3-नम्रम् भरनत नाम वक ज्ञारन जावज्ञ थाकिए वृंग বোধ করিয়া থাকে। এ নগরীতে নয়নের গতি চাতুঃ-পার্দ্ধিক প্রাচীর বা প্রাদাদ-শ্রেণীতে নিবারিত হইয়া থাকে; সুতরাং চকু আবদ্ধমান অপ্রশস্থ স্থান-হৈইতে প্রস্থান করিয়া স্বভাবের অনাবন্ধ স্কুর-বিস্তৃত व्यक्तिम পরিভ্রমণ করিবার নিমিত্ত নিভাস্ত উৎস্ক হইয়াছিল। একারণ রায় বাহাছুরের সেই প্রস্তা-বে আমি সানন্দে সন্মত হইলাম।

আমরা যথন নগরীহইতে বহির্গত হইয়া পল্লিআমাভিমুখে গমন করিতে লাগিলমে, তথন আমার
মনে কত বিধ প্রত্যাশা উপস্থিত হইতে লাগিল।
মনে করিতে লাগিলাম, যে নয়ন বছু কালাবিধ কেবলমাত্র শিপ্প-সম্ভূত সামগ্রীতে আবদ্ধ থাকিয়া
বিরক্ত হইয়াছে, পল্লিগ্রামে গমন করিয়া তাহাকে
নৈমর্গিক পদাধপুঞ্জের পরম রমণীয় মৌলুক্রের

পরিতৃপ্ত করিব; যে নয়ন নগরীয় বাহ্য-চিকন স্থুসভ্য আচার ও কাম্পনিক ভাব দর্শন করিয়া সম্ভাপিত হইরাছে, গ্রাম্য অশোভন বঢ় আচার ও সুরলভাব সন্দর্শন করিয়া ভাহাকে সুশীতল করিব ; যে নয়ন নগরের কলুষময় নারকি মৃত্তীদারা অসাধারণকপে পীড়িত হইয়াছে, পল্লিগ্রামের নিষ্পাপ ও নিষ্কলক আকারদার। তাহাকে স্থন্দররূপে সুস্থ করিব। এই-ৰূপ চিন্তা করিতে করিতে আমি অনুসঙ্গি ব্যক্তিদি-গের গমন করিতে লাগিলাম; এবং ক্রমশঃ নগরী হইতে প্রায় ষষ্ঠ ক্রোশ অন্তরে উপস্থিত হইলাম। আ-মরা কতিপয় কুদ্রহ আম, সামান্য পণা স্থান, ও প্রশস্থ শসাক্ষেত্র অতিবাহিত করিয়া আমাদের রায় বাহাতুরের বাদগ্রামের প্রান্তভাগ-স্থিত এক স্থদীর্ঘ ক্ষেত্রে সায়ংকালে উপনীত হইলাম। আমাদের সম-ভিবাাহারি রায় বাহাছুরের অনুচরবর্গ স্ব২ গৃহ সন্নি-ধানে উপস্থিত হইয়া প্রম সম্ভূফ হইতে লাগিল। প্রিয় জনের নিক্ট দিন কয়েক সপৃথক্ হইবায় তাহা-দের পুন: দর্শন অতি মনোহারী হইয়াছিল; কারণ প্রণয়কে বিরহ যেমত ভৃপ্তকরী করিয়া আমি বোধ করি অপর কিছুতেই দেৰূপ করিছে পারে न। এই ৰূপে গমনকালে অপরাপর সকলে যখন প্রিয় জন দর্শন নিমিত্ত উৎসূক হইতেছিল, জামি उथन श्रृङात्वत नायुरकानीन व्यशृद्ध माजादानाक-নে বিমক্ত ছিলাম। আমি দিবনের সহিত গমত

স্বভাবের ভাব পরিবর্ত্তন দর্শন করিয়া অতুল নির্মান লানন্দ অনুভব করিতে লাগিলাম।

मिथिनाम निनकत निश्वलग्रहहेट जार्लाहत हहे-'লেন; কিন্তু তাঁহার রক্তিমা প্রভা একেবারে ভীরো-হিত হইল না। পশ্চিমাকাশ প্রভাকরের বিগত-প্রায় রাঞ্চে এমত রক্ত-রঞ্জিত হইল, যে সমস্ত দৃশ্য মণ্ডলী যেন রক্তরেণুদ্ধারা আচ্ছাদিত হইল। তখন বোধ হইতে লাগিল স্বভাব যেন আরক্ত বসন পরি-ধান করিয়া নিশাকরকে প্রেমালিঙ্গন করিতে যাইতে-ছিল। এদিকে সমস্ত ক্ষেত্র স্থনবিন শস্যদার। আচ্ছাদিত হইয়াছিল; এবং মন্দ্র সমীরণ সঞ্চালিত হইয়। শস্য রাজীকে আন্দোলিত করিবায় বোধ হইতে লাগিল যেন তর্ত্তদল জলধি পরিত্যাগ করিয়া স্থলে ক্রীড়া করিতেছে ; এবং ফলবস্ত শীর্ষা-বনত ধান্য-রক্ষসকল বায়ুদ্বারা স্পন্দিত হইবায় বোধ হইয়াছিল যেন তাহারা গৃহগামি ক্রমকবর্গকে , তাহাদিগকে পরিত্যাগ করিয়া যাইতে নিবারণ করিতেছিল। সে যাহা হউক ইতিমধ্যে আকাশের । तुक्तिमार्ग् अथरम मिनन, ও खरण्य निनीन हरे-য়া গেল; নানা গ্ৰহ নক্ষত্ৰ ক্ৰেঃ২ বহিৰ্ভূত হইরা দৃষ্টিপথে পতিত হইতে লাগিল; এবং সমস্ত নভো-মণ্ডল উজ্জল হইয়া উঠিল। নিশাপতি বেন নভো-মণ্ডলের শোভার সম্পূর্ণতা সাধন নিমিত্ত পরিশেষে छेपिछ इरेलन। यामि धरेबाल रेनमर्शिक त्रम-

ণীরতা দর্শন করিতে করিতে প্রীতিপ্রসারিতচিত্তে অপরাপর সঙ্গীগণের সহিত সেই প্রশস্ত ক্ষেত্র অভি-বাহন করিয়া গ্রামাভ্যন্তরে প্রবেশ করিলাম ৷ গ্রামা-ভাস্তরে প্রবেশ করিয়া আর এক প্রকার মৃতন ভাবে-পরিবেফিত হইলাম। তৎকালে ক্রুবকদিগের মূক্ষর ভূগাচ্ছাদিত কুটার সকল পালিত পশু-দুলের রবে मकात्रमान रुरेटिहिन; अक्षमञ् এवः अनित्रमाचिक् তরু-দল-বেটিত বর্ষা সকল এক প্রকার অগাঢ় তিমিরে আচ্ছাদিত ছিল; এবং নগরীর সহিত ' পরিতুলনা করিলে চতুঃপার্য এক প্রকার নিঃশ-क हिल, कात्र श्रुत्तर क्वरल हार्ग, भिष, ও গাভীকুলের পদশব্দ ও ক্লবকদিসের কথা শুনিতে পাওয়া বাইতেছিল। এইৰূপে আমরা সকলে রায় বাহাছুরের বাটীতে উপনীত হইলাম। তাঁহার মন্দিরে উপস্থিত হইয়া পুনরায় আর প্রকার মূতন ভাব সন্দর্শন করিলাম। আমে মেৰূপ ভাব হেরিয়া আসিয়াছিলাম, সেখানে তাহার সম্পূর্ণ বিপরীত ভাব দেখিলাম। তাঁহার মন্দির অনেক নাগরীক ভাবে পরিবেষ্টিত। স্থানিরমে গঠিত দিব্য প্রাসাদ খণ্ডসকল এক প্রকার মহতীভাব ধারণ করিয়। -রহিরাছে; রুমণীর উপভোগ্য সামগ্রীসকল **एडफिरक क्रिक्ट** क्रिकेट इस्त्रिट ; अक मोध শিশ্বর অতি সুনোভন নির্মন দীপে মালোকিড रहेंबाटर ।

बामि महेबर्डि आह त्यांधिक काल मिद्रीर्ज অবস্থিতি করিলাম কিন্তু আমি যে সকল প্রত্যাস कृतिया विवाहिलाम, जाशास्त्र मजास्टमंत्र वकाश्मक र्शृन रहेनाना। कार्रन नगरत्य धन छ छेरक्क গুণ পুঞ্জ ব্যতিত নগরীর অপরাপর সমস্ত দেখি ভাগ সে আমে সুন্দর্রপে লক্ষিত হইয়াছিল। ক্ষকদিগের একণে আর দে সরল ও নিস্পাপভাব নাই; তাহারা এক্ষণে রায় বাহাছরের পূর্বাপুরুষ, বর্ত্তমান পরিজন, পারিষদ ও অমুচরবর্গের নিকট হইতে নানা পাপাচার ও কুত্রিম ব্যবহার অনুকরণ করিয়াছে; তাহারা এক্ষণে প্রবঞ্চনা, মাদক দেবন প্রভৃতি নানা কুকর্মে আমোদ করিয়া থাকে। রায় বাহাছরের বাটার চতুঃপার্শ্বে যে সকল সামান্য 🧐 ভদ্রলোক অবস্থিতি করে, তাহার মধ্যে অনেকেই **करा यूथ ७ मरहायह्हेर्ड मीनडा ७ क्यारहार्य** প্রস্থান করিয়াছে। তাঁহার সুন্দর প্রাসাদ, মহামূ ना (जाकास्त्रा, अभागादिश ताम्माधा सामानः দর্শন করিয়া ভাহারা আপ্নাদের কুৎসিত কুটার नामाना थाना, ও नियन योदमात्मद नौठला अञ्चल कतित्र। शादक। यादाता अक काटक ज्नाका क्रिक গৃহে বাস করিয়া দিকা সম্ভট-চিত্ত থাকিত,—বাহার।* करु कारण नामाना थाना खर्श कतिता शहम ऋर्ष কালাভিপাত করিত, একণে ভাহারী সুন্দর প্রানাদ ও মহামূল্য ভোজাের নিমিত্ত অসান্তাব প্রকাশ ও বিলাপ করিয়া থাকে। পূর্বে যাহারা নির্মাল ও নির্দেষ আমোদপ্রমোদে মন্ত হইয়! বিলামকাল স্থাথে যাপন করিত, একণে তাহারা মাদক সেবন, পরস্রী হরণপ্রভৃতি নানা ছঃশীল আমোদের নিমন্ত সর্বাদাই উৎকৃতিত। হায়! এক জন ধনাহইতে কে কত লোকেরই চিত্ত-বিকার ও অভাব পরিবর্ত্তন হইয়া থাকে! ধনহইতে যে সকল কৃত্রিম স্থাথর উৎপন্ন হয়, যদ্যপি এই পল্লীগ্রামবাসি ব্যক্তিরা তাহা অজ্ঞাত থাকিত, তাহা হইলে বোধ করি, তাহারা বিলক্ষণ স্থাই) হইতে পারিত! একারণ "যেখানে অজ্ঞতাই স্থা, সেখানে জ্ঞানী হওয়াই মুখতা"। আমি তোমার ইত্যাদি।

দশ্য পত্রিকা।

কলিকাভাহইতে কাশ্বীর।

এক দিবস আমি আমাদের রায় বাহ।ছুরের সহিত তাঁহার প্রাম্য পুস্পোদ্যানে পবিভ্রমণ ক্রিতেছি, এনত সময়ে এক জন ক্রষক একটা বৃহৎ মৎস্য ও এক খানি পত্রিকার সহিত তথায় উপস্থিত হইল। তিনি ক্লেই পত্রিকা পাঠ করিয়। মৎস্যটা তাঁহার বাটাতে লইয়া যাইতে কহিয়া তাহাকে বিদায় ক্রিলেন। তৎপরে তিনি আমাকে কহিলেন,

যে সেই মংস্য তাঁহার এক জন অতি অমুগত সম্ভান্ত কারত্ব সন্তান স্বইত্তে গত করিয়া পাঠাইয়াছে; এবং সেই যুবার মৎস্য ধারণ বিষয়ে অসাধারণ মেধা, অগাধ পরিশ্রম স্বীকার, যতু ও আমোদ আমার নিকট উল্লেখ করিয়া তাহার গুণের যথেক প্রতিষ্ঠা করিলেন। আমি তাহার অপরাপর বি-যয় জিজ্ঞাস। করিলে তিনি খিদামান কহিলেন যে, সে যুব। কর্ম প্রার্থনার তাঁহার নিকট আগমন করিয়া থাকে, কিন্তু তিনি তা-হাকে কোন স্থানে নিযুক্ত করিতে না পারায় তা-হার অতি তুরবস্থা হইয়াছিল, একারণ এক্ষণে তি-নিই তাহাকে প্রায় ভরণ পোষণ করিতেছেন। তিনি আরও কহিলেন, যে যদ্যাপি সে ব্যক্তি ভদ্র वश्म-काल मा हरे**ए**, लाहा क्रेटल लाहारक बाबना, ক্ষবি-কার্য্যপ্রভৃতি কোন অপর কার্য্যে নিযুক্ত করি-তে পারিতেন। পরিশেষে দেই যুবার অপর একটা অতি প্রশংসনীয় ক্ষমতার কথা উল্লেখ করিয়া কহি-লেন, যে সে ব্যক্তি পাশক ও সতরঞ্চ ক্রীড়ায় অতি সুদক্ষ, এমত কি, তিনি তাহাকে শতঝার দেই ছুই ক্রীড়ায় নিযুক্ত হইতে দেখিয়াছেন, তক্সধ্যে সে যুৱা একবার মাত্র পরাজিত হয়। আমরা এই রপে, কুখোপকখন করিতেছি, এমত সময়ে তাঁহার এক জন কর্মচারী তথায় উপস্থিত হইয়া বারু সচিচদানন্দ घारित डाहात बावाय बागड मःवाम कहिन।

এই কথা শ্রবণ মাত্র রাম বাহাছ্র ব্যস্ত সমস্ত হইয়া গমন করিলেন, এবং আমাকেও সম্বভিব্যাহারী হই-তে কহিলেন; কিন্তু আমি তাঁহাকে অগ্রস্কু হইতে বিনয় করিলাম।

এইৰপে আমি উদ্যানে একাকী পরিত্যক্ত হইলে আমার অন্তঃকরণ পূর্বেলিলিখিত ঐ কায়স্থ যুবার নিমিত্ত সন্তাপ-বিগলিত হইল; আমি অন্তঃকরণকে তাহার কারণ কিন্ন হইতে নিবারণ করিতে পারি-লাম না। তাহার এমত কর্মাণীল হস্ত তুচ্ছ কার্য্যে নিযুক্ত শুনিয়া আমার মনে এক প্রকার ছুংথের উদয় হইল। হায়! তাহার এত অধ্যবসায়, এত যত্ন, ও এত উৎসাহ তাহার আত্ম-কল্যাণ সাধনে मच्चेर्न जनमर्थ, इंहा मामाना जात्करभत विषय नरह। এবিষ্বধ পরিশ্রম ও মনঃসংযোগ অপর কোন ব্যব-হার্য্য কার্য্যে অভিনিবিষ্ট হইলে আমি বোধ করি তাহাকে সাধারণের অনুরাগ ভাজন, ও সশ্মানপূর্ণ উচ্চ পদবীতে আৰু করিতে পারিত, এবং তাহাকে একপে প্র-ক্রুণার দাস হইয়া থাকিতে হইত না। এই কারস্থ যুবার অবস্থা অনেকেরই ঘটিয়া থাকে। তাহারা আপনাদের বংশ গৌরব রক্ষার্থে অন্নাভাবে .শুষ্ক হইবে, তথাচ ব্যবসাদি অপর কোন স্বাধীন कार्या अदवन कतिया यर कोल-मर्गामात निष्म शमन করিবে না। ভাহারা লিশিকর বা অপর কোন রাজ-কর্মচারী হইবার নিমিত্ত সমস্ত জীবন কেবল উচ্চ পদোনিত ব্যক্তিমিগের অর্চনা করিবে, তথাচ আপ্র-নাদের কুল ক্রমাগত কার্য্য-প্রথাহইতে অপসারিত **हरे**दि नो। अनश्था शाक्षा এक स्नादन একতিত হইলে যেমন যোগগণ স্ব২ অস্ত্র সঞ্লনের স্থান প্রাপ্ত হয় না, এক্ষণে লিপিবৃত্তি ৩ অপরাপর সাধা-রণ-গণিত সম্ভ্রান্ত ব্যবসা সকল দেইকপে ব্যবসায়ী দারা পরিপূর্ণ হইয়াছে; এদিকে পুনরায় আরও অনেক ব্যক্তি সেই সকল ব্যবসায়ে প্রবেশার্থা হই-তেছে।

वामि छेन्। दन मृह्मन शमदन विजाहेट विजान ইতে এইৰূপে কিয়ৎ কাল চিন্তা করিয়া রায় বাহা-ছুরের সৌধ শিখরে গমন করিলাম। তিনি আমা-কে প্রির-সম্ভাষণদারা সেই সম্ভান্ত ব্যক্তির পার্ষে আসন গ্রহণ করিতে কহিলেন, এবং আমি উপ্রিষ্ট হইলে তিনি তাঁহার সহিত আমার পরিচয় করিয়। দিলেন। তৎপরে আমরা ক্ষণেক কাল মধুরালাপে ক্ষেপণ করিলে রায় বাহাতুর তাঁহুার সহিত আপন বিষয় কার্য্যের কথা আরম্ভ করিলৈন, এবং যতক্ষণ তাঁহাদের কথোপকথন হইতে লাগিল আমি প্রায় ততক্ষঃই নিস্তর ছিলাম। বাবু সচিদানন্দ যতক্ষণ সেখানে অবস্থিতি করিলেন, তন্মধ্যে তিনি নানা সুক্ষ-তম ঘটনা-জড়িত জটিল অভিযোগের নিষ্পর্ত্তি * করিলেন, অনেকং অর্থি প্রত্যর্থিকে উপস্থিত করি-লেন, এবং বছবিধ রাজনীতি প্রণয়নও করিলেন।

আমি সেই সকল সম্ভাষণ প্রবণ করিয়। তাঁহাকে বিচারালয় সম্পর্কীয় কোন কর্মচারী বলিয়া স্থির করিলাম, এবং পরিশেষে আমার অনুমানকে সত্য বলিয়া জানিতে পারিলাম। তিনি এবস্থিধ নানা বক্তৃতাদ্বারা কতিপ্রয় ঘটিকা অতিবাহিত করিয়া অতি মাধুর্য্যে বিদার এহণ করিলেন।

তিনি গৃহ বহির্ভূত হইলে রায় বাহাত্বর আমাকে তাঁহার সমুদায় বিষয় বিদিত করিলেন, এবং কহিলেন যে যদ্যপিও লোক মুখে বারু সচিদানদের উৎকোচ গ্রহণকপ উৎকট অপবাদ তিনি অবণ করিয়াছেন, তথাচ তিনি স্বকীয় আবশ্যক সমারে স্বয়ং উপঢৌকন ব্যতীত রোপ্য মুদ্রা কথনই প্রেরণ করেন নাই। তৎপরে তিনি তাঁহার বুদ্ধিমন্তা বিচক্ষণতা ও দেব-ভক্তির গরীয়নী প্রতিষ্ঠা করিলেন।

আমি তোমার ইত্যাদি।

একাদশ পত্তিকা। কলিকাতাহইতে কান্দীর।

প্রিয় বৃদ্ধো! যদ্যপি রাম বাঁহাত্রের কনিষ্ঠ জাতা অমরনাথের সহিত আমার পরিচয় না হুইত, তাহা হুইলে বোধ করি পল্লিপ্রামে এত সুদার্য কাল অবস্থিতি করা অভি ভারাবাহ ব্যাপার হইয়া উঠিভ : এবং অবস্থিতি করিতে বাধ্য হইলেও বোধ করি এমন প্ৰিত্ৰ স্থাধের অধিকারা হওয়া নিডান্ত স্থক-ঠিন হইত। আহা! আমি তাঁহার প্রাতকরি বি-শুদ্ধ ব্যবহার স্মৃতিপথহইতে কোন কালেই অপসা-রিত করিতে সমর্থ হইব না। সধে! আমি তাঁহার মহতাশয় ও বিভৃষ্ণ স্বভাব দর্শন করিয়া একেবারে বিশ্মিত ও প্রফুল্লত হইয়া থাকি। ভাঁহার অসাধা-রণ শোভা সম্পন্ন গুণ-পুষ্প পল্লিগ্রাম-ৰূপ ঘোর বনে প্রস্কৃতিত হওয়।য় নুচকুঃ গোচর হইতে পারে নাই, এবং এপযান্ত সুখ্যাতির চির-বিরাজমান উদ্যা-নেও ন ত হয় নাই। তিনি যদ্যপি বর্ত্তমানীয় রাজ ভাষায় ব্যুৎপন্ন হইতেন, তাহা চইলে বোধ করি তিনি স্কৃতিখ্যাত ব্যক্তিবর্গের মধ্যেও অগ্রগণ্য হুইতে পারিতেন। সে যাহা হউক,তিনি পল্লিগ্রামস্থ ভূস্বা-মিদিগের সন্তানের ন্যায় যেমন বিদেশীয় ভাষায় উপেক্ষা প্রদর্শন করিয়াছিলেন, তেমনি মাতৃতা-पात्र अमिक चापत श्रकाम करतम नाहे। करन, সন্থান কুলের এমত অশিক্ষিতাবস্থা পিত। মাতার ঘোর জ্রম ও দারুণ অমনোষোগের প্রতিকল মাত্র। অমরনাথ স্বয়ংও আমার নিকট নিজ পিতাকে তাঁ--হার অজ্ঞতার প্রধানহেতু বলিয়া নির্দেশ করিয়া-ছেন', কিন্তু আমি ইহ। নিঃসংশব্নিতৰূপে শ্বির করি-য়াছি যে, যদ্যপি তিনি স্বয়ং মলস ও অমনোযোগা

না হইতেন, তাহা হইলে বয়ঃপ্রাঞ্জি বিদ্যার উৎকর্ষ জানিতে পারিয়াও তিনি কথন অধ্যয়নহইতে বি-রত থাকিতে পারিতেন না।

তিনি সমস্ত অশিক্ষিত ধনিদিগের ন্যার যৌবনের প্রারম্ভে পাপ-পিশাচের প্রলোভনে বশীকত হইরা-ছিলেন বটে, কিন্তু হিতাহিত-বিবেচনাদ্বারা আপনাকে বিষম প্রামাদে নিপতিত দেখিয়া স্বকীয় স্বাভাবিক তীক্ষ বৃদ্ধির সাহাযো শীঘ্রই আয়-নিদ্ধৃতি করিয়াছিলেন। তদবধি তিনি স্পৃহা-পীড়ন ও ইন্দ্রিয়-দমনদ্বারা এমন বিভ্ন্ন ভাব ও বিশুদ্ধ পদ্ধতি অবলম্বন করিয়াছেন যে, কুৎসিত যথেচ্ছাচারে প্রবৃত্ত হওয়া দুরে থাকুক, তাহার দর্শনেও ঘৃণা বোধ করিয়া থাকেন। তিনি আমার নিকট সময়ে সময়ে কহিয়া থাকেন বে, আরক্ষিত ক্রফ্রাচারে আর কিছু দিন নিযুক্ত থাকিলে তিনি অসামর্মিক মৃত্যুহইতে কিছুতেই পরিক্রাণ পাইতেন না।

নথে! তিনি প্রালিথামন্থ শুম-জীবি-ক্ষকদিগের পরম বন্ধু, এবং বোধ করি জােষ্ঠ ভাত। রায় বাহা-তুরকে তিনি যত স্নেহ্ করিয়া থাকেন, অনাথ ও অত্যাচার-পীড়িত গ্রামা ক্ষিকে ততােধিক করিয়া থাকেন। এমত কি, তদ্গ্রামবাদি দকল হতভাগ্য জীবই তাঁহার স্থাপ্ত্ন্য প্রেমরদে দিক্ত হইয়াছে। কিন্তু অধিকতর প্রশংসাক্ত বিষয় এই, গোপন ভাবে উপকার করিতে সমর্থ ইইলেই তিনি সম্পূর্ণক্ষপে প্রীত হইরা থাকেন। এদিকে তিনি ক্ষকদিগের বেমন পরম উপজেতা, তেমনি তাহাদের তৃপ্তকরী সহচর। অকর্মণা ভদ্তমগুলীর অভিমান পূর্ব হের সম্ভাবণে তাছলা করিয়া তিনি কর্মাণাল ক্ষকরুদ্দের আদিনাশক আমোদজনক নির্দোষ কথোপকথনে মিলিত হইতেন। আমি অনেক দিবস তাঁহার সহিত দিতীয় প্রহরের প্রথর স্থ্যা কিরণে অনাছাদিত ক্ষেত্র মধ্যে কৃষিকুলের নিকট উপবেশন করিয়াছি, এবং সেই স্থলে তাহাদের সহিত কথোপকথন করিরা সমস্ত দিবস আমোদ করিয়াছি।

বন্ধা। এই অসাধারণ অমরনাথের সহিত আমার এক্ষণে বিলক্ষণ সম্প্রীতি হইরাছে। আমি যত দিবস সেই পল্লিপ্রামে অবস্থিতি করিয়াছিলাম, তব্ধুধ্যে এক ঘটিকার নিমিন্ত কখন তাঁহার নিম্কট হইতে পূথক থাকি নাই। আমরা সর্বাদাই পরস্পারের প্রীতি বর্দ্ধন করিতাম—কখন বা আমি তাঁহাকে আমার পরিভ্রমণের ইতিহাসদ্বারা আনন্দিত করিতাম, কখনও বা তিনি স্বদেশের স্বব্ধা বর্ণনা দ্বারা আমার অনুসন্ধিৎসা পরিভৃপ্ত করিতেন। এই-কপে আমরা উভরে উভরের স্থের কারণ হইরা-ছিলাম।

আমি তোমার ইত্যাদি।

বাদণ পত্ৰিকা।

কলিকাতাহইতে কাশীর।

আমি পলিগ্রামে অব্তিতি সময়ে রায় বাহাতুরের গার্হ্য ব্যবস্থার পুঞ্জানুপুঞ্জ অনুসন্ধান করিতাম ; কিন্তু তাঁহার আয়বায়-বিধানের কভিপয় স্থলে যদিও বিলক্ষণ বিজ্ঞতা অনূভূত ২ইয়া থাকে, তথাচ অধি-কাংশ হলে সম্পূর্ণ অযুক্তিকতা লক্ষিত হয়। তাঁ-হার মিতব্যয়িতা কোন স্থলে বা অন্যায়ে ও কোন স্থলে বা কার্পণ্যে পরিণত হইতে দৃষ্ট হইয়া থাকে। একারণ তাঁহার পরিবার মধ্যে কতিপর অনর্থকরী ণিশৃঙ্গলা ঘটিয়া থাকে। অতএব দকল মনুষ্যেরই আয় ব্যয়-বিধানে স্থুন্ত্র পে দক্ষ হওয়া নিতায় কর্ত্তব্য। কারণ সাংসারিক মনুষ্যবর্গ যেৰূপে ধনের বাবহার করিরা থাকেন, যেৰূপে তাহার রুদ্ধি, সঞ্য ও ব্যয় করেন তদ্ধারাই তাঁহাদের বিদ্যা বৃদ্ধি ও প্রাক্ততার সুন্দর পরীক্ষা হইয়া থাকে। যদিও অর্থ মানব জীবনের প্রধান উদ্দেশ্য বলিয়া পরিগণিত হইতে পারে না, তথাচ আমরা তাহাকে সাং-্সারিক স্বচ্চ্নতা ও সামাজিক শ্রীর্দ্ধিসাধনের প্র-ধান উপায় জ্ঞান করিয়া কোন মতে ঘৃণা করিতে পারি না। বস্তুতঃ যেখানে এই ধন সাধুরূপে ব্যব-হৃত হইয়া থাকে, দেখানে মহতাশয়, সততা, ন্যায়-

পরতা, আত্ম-নিগ্রহ, মিতব্যরিতা ও ভাবী-সঞ্চয়শীলতাপ্রভৃতি মনুষ্যের কতিপর আদরণীয় সদ্গুণ
দেদীপ্যমান হইয়া থাকে; এদিকে যে স্থলে সেই
ধন নীতি বিরুদ্ধরূপে ব্যবহৃত হয়, তথায় ধন-ভৃষ্ণ,
প্রতারণা, অন্যায়পরতা, স্বার্থপরতা, অপব্যরিতা
ও ভাবী-সঞ্চয়-পূন্যতাপ্রভৃতি কদাকার দোষ প্রকাশমান হইয়া থাকে।

সাধু সম্মত উপায়ে সাংসারিক স্বচ্ছন্তা সংগ্রহ করিবার নিমিক্ত যত্ন প্রকাশ করা কোন মনুষ্যের পক্ষেই দুৰণীয় হইতে পারে না। এই সাংসারিক কুশল অন্তঃকরণে স্থৃত্তিরভাব উৎপন্ন করিয়া মন্ত্র-यात निक हित्ति उरकर्ष माथत छेत्विक करते, এবং পরিজনবর্গকে প্রতিপালন করিতেও সমর্থ করিয়া থাকে। এতদ্ব্যত্ত্বিত প্রত্যেক প্রাপ্ত স্থৃবিধার সুন্দর ব্যবহার দারা যে পরিমাণে সংসার-সুখ ও পার্থিব সম্মানের দিকে অগ্রসর হইতে থাকি, লোকে সেই পরিমাণে আমাদিগকে আদর করিয়া থাকে। একারণ বৈষ্ঠা, অধ্যবসায়প্রভৃতি কঠিন গুণের শাস-নে আত্ম-সমর্পণ করিয়া সেই সাংসারিক সুথ উপ_ লাভের চেন্টা সামান্য প্রশংসার পাত্রী নহে। সতর্ক ও ভাবী-সঞ্চয়ি ব্যক্তিরা চিন্তা শক্তির সামান্য চা-লনা করিয়া ক্ষান্ত থাকিতে পারেন না, কারণ তাঁহা-দিগকে বর্ত্তমান স্থাবের যেরূপ ধ্যান করিতে হয়, ভবিষ্য-স্থুখ সংস্থানের নিমিত্তও তাঁহাদিগকে সেই-

ৰূপ চিন্তা করিতে হয়। এতদ্বাতীত তাঁহাদিগকে সাত্ম-নিগ্ৰহী ও মিতাচারীও হইতে হয়।

যদ্যপি আমরা চিন্তা করিয়া দেখি যে কি কারণে এতদেশীয় শ্রম-জীবি সামান্য ব্যক্তিরা এমত ভাবী-সংস্থান-শূন্য হইয়া কালপাত করে, তাহা হইলেই বুঝিতে পারি যে, কেবল আত্ম-নিগ্রছ্-ৰূপ স্থন্দর শুণের অভাবই ভাহাদের এই বিপদের প্রধান কা-রণ;—অনগেত ভাবী-স্থুখের নিমিক্ত বর্ত্তমান অব-দান বিরদ স্থথের আস্বাদনহইতে বিরত থাকিতে অসমর্থ হওয়াতেই কেবল তাহাদিগকে এই সংস্থান-শূন্য: তুরুবস্থার অধীন থাকিতে হয়। যাহার। বিস্তর আমে অর্থোপ:র্ক্তন করে, তাহারা তদ্ধনের বায়ে অতি কাতর হইবে, ইহা সকলেই প্রত্যাশা ক্রিয়া থাকেন; কিন্তু আশ্চর্য্যের বিষয় এই, তাহ:-দের মধ্যে অনেকেই অকুকাচিত্তে দেই শ্রমার্জিত ধন রমণীয় আহারগ্রহণ, মদিরিকাপানপ্রভৃতি অকি-ঞ্ছিৎকর ইন্দ্রিয়সেবায় নিয়োজিত করিয়া নি-তান্ত নিঃস্ব ও মিতবায়ির অনুগত হইতে বাধ্য इरेब्रा थाकि। यमािश कान क्रुनिवाया विशासत আক্রমণে তাহারা সেই পরিশ্রমহইতে নিবারিত হয়, তাহা হইলে তাহারা একেবারে নিঃসহায় इहेन्ना পर्फ, ও ভাहाम्त्र कृष्मगात जात शतिमीमा थारक ना। এकाরণ এতদ্দেশীয় অনেক কর্মাক্ষম ব্যক্তি অসুশীল হইয়াও যে দৈন্যদশায় জড়িত হর, ও পরকরুণার দাসতৃ-গ্রহণ করে, আপনাদের স্পৃহাকে পীড়ন ও ভবিষ্যৎ-কালের নিমিন্ত সঞ্চয় না করাই আমি তাহার প্রধান হেতু বলিয়া নির্দেশ করিয়াছি। আমি এতদ্বাতীত অপর কোন কা-রণই দেখিতেছি না, যে কি নিমিত্ত এতদ্দেশীয় যাবতীয় শ্রম-জীবি ব্যক্তিরন্দের অবস্থা সম্মান-পূর্ণ ও সুখযুক্ত না হইবে। এই পরিশ্রমোপজীবি মনুষ্যমগুলীর মধ্যে কতিপয় ব্যক্তি যেৰূপ মিতব্যয়ী, ধর্মপরায়ণ, স্থশিক্ষিত ও সদবস্থাপন্ন হইয়া উঠিয়া-ছেন, আমি বোধ করি জন কয়েক ব্যতীত অপর সকলেই তদমুৰূপ হুইয়া উঠিতে পারেন। কতি-পয় ব্যক্তি যেৰূপ হইয়াছে, অপর সকলে অনায়া-সেই তদবস্থা প্রাপ্ত হইতে পারে। সমান **উ**পায় অবলয়ন করিলে সমান ফল উপলবাহইবে, তাহাতে আর সংশয় কি। মনুষ্য জাতির এক ভাগ রাজ্য মধ্যে প্রাত্যহিক পরিশ্রমন্বারা জীবিকা নির্বাহ করি-त, इंहा त्मरे विश्वनियस्तात विधान, धवर निःमत्मर সে বিধান মনুবাের পরম মঙ্গলজনক। কিন্তু সেই ভাগ মিতব্যয়ী, সম্ভট-চিত্ত, বুদ্ধিমান ও সুখী হই-বে না, ইহা কখনই মঙ্গলময় পরম পুরুষের অভি-প্রেত হইতে পারে না ;—ইহা কেবল মনুষ্ট্যের আ-পন ভ্রম, স্পৃহা-পীড়নে তাঁহার শৈথিল্য, ও ভাঁহার অযথীচার**হ**ইতেই সম্ভূত হইয়া থাকে।

পরিশ্রম ও মিতবায়িতার উপদেশ অবণ করিলে

সামান্যতঃ সকল কৰ্মক্ষম ব্যক্তিই স্বহস্তাৰ্জ্জিত ধনে স্বাৰ্ধনৰূপে জীবিকা নিৰ্ব্বাহ করিতে সমৰ্থ হইতে পারেন। একারণ যে সকল শ্রমণীল জন আত্ম-স্বাধীনতা উপলাভ ও পোষ্যবর্গের দেবারূপ উৎকৃষ্ট আশরের বশবর্তী হইরা সমাগত ধনের পরিমিত ব্যবহার ও অন্যায় ব্যয়ের নিরাকরণ করেন, ভাঁহা.. দিগকে অধিকতর প্রশংসা প্রদান করা উচিত, এবং তাঁহাদের সেৰূপ ব্যয়-ব্যবস্থা নিতান্ত আদর্ণীয়া তাহাতে আর দন্দেহ নাই। কিন্তু স্বাধীনতা প্রাপ্তি বা পোষ্য সেবাকে প্রধান উদ্দেশ্য না করিয়া যাহা-ता क्वल माज आज्ञ-काच द्रिक्त मानरम धरनद পরিমিত ব্যয় করিয়া থাকে, তাহারা কোন মতে প্রশংসা-ভাজন হইতে পারে না, এবং কোন কোন স্থলৈ তাহাদের সেৰূপ ব্যয়-বিধান দূৰণীয়ও হুইয়। शारक। श्रवक्षना, विश्वाम-विनाम, छेएरकाहश्रहनश्र-ভৃতি অসম্পায়দারা ধনোপার্জন করিয়া কেবল মাত্র ভাগুার পূরণের নিমিত্ত তাহার অপ্প ব্যন্ন অবশ্যই অতিশয় কলক্ষজনক কাৰ্য্য বলিতে হইবে; এবং পরিশ্রম ও সৎপথাবলম্বনদারা উপার্জ্জিত অর্থকে (কেবল মাত্র স্বকীয় ধন রুদ্ধির মানসে) ব্যয় করিতে ্কাতর হওয়াও নিঃসন্দেহ নীচতাসূচক।

-কাতর হওয়াও নিঃসন্দেহ নীচতাস্থচক। আমি তোমার ইত্যাদি।

ভ্রোদশ পত্রিকা।

কলিকাতাহইতে কাশীর।

পলিতাম পরিত্যাগের দিন করেক পূর্বের একদা অামি প্রশস্ত মনঃ অমরনাথের সহিত তাঁহার প্রাসাদে উপবিষ্ট ছিলাম, এমত সময়ে আমাদিগের কথোপ-কথন বিবাহের উপর পরিণত হললে তিনি কহিলেন, 'আমি বিস্তর চিন্তার দার। নিরূপণ করিয়াছি, যদ্যপি আমরা করুণা নিদান জগদীশ্বরের মঞ্জময় নিয়মা-মুযায়ী হইয়া উদ্বাহ-ক্রিয়া সম্পন্ন করি, তাহা হইলে পরিণয়সমূহ স্থবের হেতু হইতে পারে; কিন্তু তদ্বিষয়ক প্রাক্ষতিক নিয়ম উল্লঙ্গন করিয়া বিবাহকার্য্য অনুষ্ঠিত रहेटल, यात भत नाहे कुः स्थत উर्भन्न रहेगा थाएक। वम् कि, य तोन्मधा ७ वेश्वर्या वन्मानिशी वाङि-वृत्मत डेवार कार्यात व्यथान याकक, व्याम डारा প্রচুর পরিমাণে উপভোগ করিয়াও যাবতীয় বিবা-হিত ব্যক্তির মধ্যে এক জন নিতান্ত তুঃখভোগী হইয়াছিলাম। আমার পিতা মাতঃ আমাকে উদ্বাহ স্ত্তে সঁখদ্ধ করিবার পূর্বের মদীয় সহধর্মিণীর কেবল মাত্র শারীরিক দৌনদর্যোর সবিশেষ অনুসন্ধান করি-. য়া স্ব স্ব কর্ত্তব্য কার্য্য প্রতিপালন করিয়াছিলেন এবং মদীয় শ্বশুরও নিজ কন্যাকে চিরজীবনের নি-মিক্ত আমার সহিত মিলিতা করিবার পূর্বের জামতার

কেবল মাত্র কৌল-মর্য্যাদা ও ঐশ্বর্য্যের তত্ত্ব লইর! ভূঞীস্কৃত হয়েন ; স্কৃতরাং আমরা শাস্ত্রমতে পরি-ণীত হইয়া দেখি, যে আমাদিগের মন ইহজকের নি মিন্ত শাস্ত্রদারা অলজ্বনীয়রূপে মিলিত হইল, অথচ আমাদের প্রকৃতি স্বভাবতঃ সম্পূর্ণ প্রভিন্না— মন্তঃ-করণ সম্পূর্ণ বিভিন্নমতাবলম। তৎপরে আমর। এই বিভিন্নতায় এমত পীড়িত ও উত্যক্ত হইয়াছি-লাম, যে আমি অনেক সময়ে ভার্য্যাকে পরিত্যাগ করিতেও উদ্যত হইয়াছি, কিন্তু তাঁহার ক্ষমতা শূন্য অধীনভাব অবলোকন করিয়া দে উদ্যমকে নিতান্ত মুঢ়তার কল জ্ঞানে অন্তঃকরণহইতে তংক্ষণাৎ দূর করিয়াছি। এদিকে মদীয় ভার্য্যাও আমার বিভিন্ন স্বভাবে এমত অসুখিতা হইয়াছিলেন, যে অনেক সমশ্যে পতি-পরিহার দার। পরিণয়-স্তুতকে ছিন্ন করিতে মানস করিয়াছেন। অবশেষে, বৎসরেক মাত্র বিগত হইল, বসন্ত রোগ মদীয় হতভাগিনী পত্নার জীবন বিনাশ করিয়া আমাদিগের এই সন্তাপ-মূলক সম্প্রীতির উচ্ছেদ করিয়াছে। সে বাহা হউক, পরিণয়-বিশৃষ্খলা-বিঘটিত এবমিধ যুদ্ধণায় এতদেশীয় অনেক দম্পতীই বিড়ম্বিত হইতেছেন; একারণ আমি যাবতীয় অপরিণীত যুবক যুবতীকে এই পরামর্শ প্রদান করি, তাঁহারা অতঃপর পরিণয়-স্থত্তে দৃঢ়বদ্ধ হইবার পূর্বের পরস্পরের মনের ভাব ও চরিত্র অনুসন্ধান করেন ; নতুবা আমাদের ন্যায় বিভিন্ন-স্বভাব-নিবন্ধন দারুণ তাপে দন্ধীভূত হই-বেন ৷"

তিনি • এইৰূপে দার পরিগ্রহ-সম্বনীয় আল্ল-ছর্দ্দশা বর্ণনা করিলেন, এবং তৎপরেও বিবাহ বিষয়ে কতি-প্র হিতকর সত্রপার কহিতে লাগিলেন। তথন আমি তাঁহার পুনর্বিবাহের অভিলাষ জ্ঞাত হই-বার মানসে ভাঁহাকে কহিলাম, "আপনি পুন-ব্বার দারপরিগ্রহকালীন বোধ করি সহধর্মিণীর অন্তঃসৌন্দর্য্য বিলক্ষণৰূপে অনুসন্ধান করিবেন।" তাহাতে তিনি কহিলেন, "দখে! এক্ষণে পুনরার আর আমি ভার্য্যা গ্রহণ করিব না স্থির করি-য়াছি। বলিতে কি, বহু দিবসাবধি ভারতবর্ষের উত্তর-পশ্চিম প্রদেশ দর্শন করিবার নিমিত্ত নি-তান্ত ব্যতা রহিয়াছি। স্বামিবিরছে পত্নীর সমূহ ক্লেশ হইতে পারে মনে করিয়া কেবল এত দিন সে অভিপ্রায় সুসিদ্ধ করিতে পারি নাই। এক্ষ-ণে দে আশকাহইতে নিস্তীর্ণ হইয়া পুনরায় তা-হাতে আত্ম-সমর্পণ করিতে কোন মতেই ইচ্ছা করি না,। কিছু দিন হইল, জ্যেষ্ঠ ভ্রাতার নিকট কোন ত্রদেশে এক বাণিজ্যাগার প্রস্তুতের প্রস্তাব করিয়াছি, এবং সে বিষয়ে তিনিও এক ৰূপ অনু-মোদুন করিয়াছেন! এক্ষণে মানস করিয়াছি যে, মেই বাণিজ্যবিপণির তত্ত্বাবধারণের ছলে আমি

স্বয়ংও দেই দূরদেশে কিছু দিনের নিমিত্ত প্রস্থান করিব।"

তিনি এতাবমাত্র বলিয়া ক্ষান্ত হইলে এক জন পত্রবাহক আদিয়া তথায় উপস্থিত হইল, এবং "মহাশয়! এই পত্রিক৷ কলিকাতাহইতে নবীনকু-মার বাবু আপনার নিকট প্রেরণ করিয়াছেন" কহি-য়া এক খানি পত্রিকা তাঁহার হস্তে প্রদান করিল। তিনি পত্রিকা প্রাপ্ত হইবামাত্র তাহা পঠে করিতে আরম্ভ করিলেন; এদিতে পত্রপ্রেরক আমার পুরা-ভন স্থুনাগর নবীনকুমার কি না, এ বিধয়ে আমি মনোমধ্যে বিস্তর তর্ক বিতর্ক করিতে লাগিলাম : কিন্তু যখন করুণক্তদয় অমরনাথকে পত্র পাঠান্তে মানবদন ও তুঃখিত দেখিলাম, তখন আমি মদীয় मत्मिर जञ्जत्तत निमिख এত वांधा रहेलाम, य ७९-ক্ষণাৎ তাঁহাকে পত্রপ্রেরকের পিতার নাম ও ধাম किकामः कतिनाम, এবং उथन कानिए পातिनाम, আমার কলিকাতা-দ্থা নবীনকুমারই পত্রপ্রেরক। वस्तृवत अभवनाथ नवीनक्मात्रक आमात পরিচিত ব্যক্তি শুনিয়া কহিলেন, "সথে! তোমার নবীনকুমার এই পত্রিকার আমাকে অতিশয় ক্লিফ করিলেন. এবং পত্রের তাৎপর্য্য জানিলে তুমিও যথেষ্ট ছৃঃখিত হইবে। কারণ তিনি ভ্রমীচারদ্বারা আপন সমস্ত পৈতৃক সম্পত্তি বিলুপ্ত করিয়া এক্ষণে ঘোর ঋণে জড়িত হইয়াছেন ৷ এবং লিখিয়াছেন, শীঘ্ৰ কোন সাহায্য প্রাপ্ত না হইলে ঋণদায়ে তিনি রাজদ্বারে নীত ও অপমানিত হইতে পারেন। আহা! সে নিৰ্বোধ এ বিষম সঙ্কটে আত্মীয়বৰ্গকৰ্তৃক উপক্লভ न। इट्टेल একেবারে অকর্মণ্য इट्टेश यात्र। এক্ষণে তাহাকে কোন উপযুক্ত সাহায্য প্রদান করা নিতান্ত বিধেয় হইয়াছে, অতএব আমি জ্যেষ্ঠ ভ্রাতার সহিত সে বিষয়ে পরামর্শ করিতে গমন করি। তুমি এই স্থলে কিয়ৎ কাল উপবিষ্ট থাক।" তিনি এই**ৰ**পে এক পার্শবিত প্রাসাদে রার বাহাছরের নিকট প্রস্থান করিলেন। এবং কিয়ৎ কাল পরে তথাহই-তে প্রত্যাগমন করিয়৷ নবীনকুমারের বিপদের নিরু-পায়াবস্থা কহিয়া বিস্তর বিলাপ করিতে লাগিলেন। সে, দিবস আমরা নৰীনকুমারের বিষয় লইয়াই ক্ষে-পণ করিলাম।

নবীনকুমারের সহিত রায়বংশের এত প্রণয় ছিল,
আমি তাহা ইতিপূর্ব্বে বিন্তুমাত্র অবগত ছিলাম
না, কিন্তু এক্ষণে জানিতে পারিলাম, রায় বাহাতুর
অতি নিকট সম্পর্কে তাঁহার সহিত সম্বন্ধ আছেন।
সে যাহাঁ হউক, নবীনকুমারের এরপ তুর্দ্দশা উপস্থিত শুনিয়া আমি বিলক্ষণ তুঃখিত হইলাম বটে,
কিন্তু কিঞ্জিমাত্র বিশ্বিত হইলাম না, কারণ তাঁহার
ন্যায় চিন্তাশক্তিশূন্য অপব্যয়ি যুবক্দিগের এরপ
দশা অসম্ভাবনীয়া নহে। যাহারা আপনাদের আয়

ও অবস্থার দিকে দৃক্পাত না করিয়া কেবলমাত্র আপাততঃ মনোরম অাজ্মসুখের ধ্যান করিয়া থাকে, তাহারা অবশেষে এমন হীনদশাগ্রস্ত হইটের, ইহ। বিচিত্র নহে। আমি বিস্তর অনুসন্ধানদ্বারা অবগত হইয়াছি যে, এৰূপ মূঢ় ব্যক্তিরা যে প্রকারে আপে-नारनत ममय नके करत, महेबरभहे व्यापनारनत धन অপব্যয় করিয়া থাকে। তাহারা ভবিষ্যৎ ক্র লের প্রচুরত: দর্শন করিয়া বর্ত্ত্রমান সময়ের প্রতি যেৰূপ হতাদর প্রকাশ করিয়া থাকে, ভাবি ধনা-গমের নিশ্চিত সম্ভাবনা অনুভব করিয়া তাহার। বর্তুমান উপস্থিত ধনেরও দেইরূপ অপচয় করিয়া থাকে; সুতরাং অবশেষে ঋণজালে জড়িত হইরা স্বাধীনতাৰূপ পবিত্ৰ স্থাপে বঞ্চিত হয়, এবং পরকরু-ণার আশ্রম গ্রহণ করিতে বাধ্য হইয়া থাকে। যে প্রচুর ধন সেই সকল চিন্তা-শূন্য ব্যক্তিদ্বার। নিত্য অপব্যয়ে নিক্ষিপ্ত হয়, তাহা রক্ষিত হইলে বোধ করি তাহাদের পরম স্থথের হেতু হইতে পারে। এই সকল অপব্যয়ি জনের। স্বয়ংই আপনাদের ভয়া-নক শক্ত ; অথচ তাহারাই পুনরায় অপরের অ্সদ্বাব-शादात कथा नर्वामा नर्थाम किहा थाक । किह বিনি স্বয়ং আত্মস্কুদ হইলেন না, তিনি কিৰুপে অপরের সৌহার্দ্দ প্রত্যাশা করিতে পারেন ?

ভদ্র ও ধনী বলিয়া পরিগণিত হইবার বাসনা অনেকস্থলেই এক্রপ বিষম ফল প্রসব করিয়াছে।

আমরা বাহ্যাকারের ভদ্রত্ত্ব ও ধনবন্তা রক্ষার নিমিত্ত কত যোর দায়েই নিপতিত হইয়া থাকি! আমরা গৃহাভান্তরে বিলক্ষণ নির্ধনী থাকিতে সমতে আছি, কিন্তু লোকমণ্ডলে নির্ধনী বলিয়া পরিগণিত হইতে কোন মতেই অভিলাষ করি না। আমরা বহির্ভাগে অবশ্যই ধনীর ন্যায় প্রকাশিত হইব,—ব:হ্যাকারে আমাদিগকৈ অবশ্যই ভদ্রত্ত্ব রক্ষা করিতে ইইবে। করুণাময় জগদীশ্বর আমাদিগকে যে অবস্থায় সন্নি-বেশিত করিয়াছেন, আমরা সথৈয়ে তাহাতে অব-স্থিতি করিতে লজ্জিত হইয়া থাকি; একারণ আমর। আপনাদিগকে কোন বাহ্য-চিকণ অবস্থার অধীন ভাবিয়া (বস্তুতঃ তাহার অধিকারী না হইয়াও) মনে মনে যথেক সম্ভক্ত হইয়া থাকি, এবং সেই জন্মতা অভি-মানের ভৃপ্তি সম্পাদনের নিমিত্ত বিস্তর অপুবিধার আত্ম সমর্পণ করি। পুশোভন বাহ্যাকার দ্বারা এব-শ্বিধৰূপে লোকমণ্ডলীর মনে আত্মগৌরৰ প্রতীত করিবার দারুণ পিপাসা কত ক্ষতি, কত ছুঃখ ও কত ঋণ উৎপন্ন করিয়া থাকে, তাহার উদাহরণ প্রদানের কোন আবশ্যক দেখিতেছি না। ইহার প্রতিকল সহস্রবিধ প্রকার জনসমাজে নিত্য উপস্থিত হইতে-ছে। নিৰ্ধনীৰূপে প্ৰতীয়মান হইতে সাহস না করিয়া কত ব্যক্তি অসততা ও প্রবঞ্চনাদারা নিত্য তুরপনের কলঙ্কে মগ্ন হইতেছে! কত ব্যক্তিই বা স্বচ্ছনদ ও कुमनहरेरा अरक वादा मीना ଓ छः रथ नी उ हरेश्रा

আপনাদের পোষ্যবর্গকে ঘোর বিপদে নিক্ষিপ্ত করিতেছে!

সে যাহা হটক, নবীনকুমার এক্ষণে যেৰূপ ঋণে অবেদ্ধ হইয়াছেন, তাহাতে আপন সততা রক্ষা করা তাঁহার পক্ষে নিতান্ত স্থকঠিন ব্যাপার হইয়া উঠিয়াছে; কারণ নিঃস্ব ও ঋণি ব্যক্তির ঋজ্-গমন অতিশয় অসম্ভাবনীয়। ঋণ সকল সামগ্রীতেই প্র-লোভিত হইয়া থাকে। ঋণ মনুষার আত্মাদরকে থর্কা করে, ব্যবসায়ী ও ভূত্যবর্গের করুণায় তাঁহা-কে নিক্ষিপ্ত করে, এবং বিস্তর বিষয়ে তাঁহাকে নিতান্ত পরাধীন করিয়া ফেলে। এতদ্বাতীত ঋণি ব্যক্তি কোন মতেই সত্যপরায়ণ থাকিতে পারেন না। উত্তমর্ণের নিকট কত বারই তাঁহাকে প্রতিজ্ঞা ভঙ্গ ক্রিতে হয়! কত মিখ্যা কথারই বা স্থন্ধন ক্রিতে হয়! ডাকৃতর জন্সন্ যৌবনকালীন ঋণকে সর্ব্ব-নাশের হেতু বলিয়। ির্দেশ করিয়াছেন। তিনি ভদ্বিষয়ে যে বচন প্রয়োগ করিয়া গিয়াছেন, তাহা মহোপকারক ও চিরস্মরণীয়। উক্ত মহাত্মাসকল युवक जनतकरे এरे प्रश्यक्षां प्रभाग अनान कतिशारहन, ''ঋণকে কেবল মাত্র অস্থবিধা বলিয়া করিও না; তাহাকে তোমরা অবশেযে ঘোর বিপদ বলিয়া জানিতে পারিবে। ধনহীনতা পরোপ-কারের এত উপায় হ্রণ করিয়া থাকে, এবং স্বাভা-বিক ও নীতি-সম্বন্ধার বিপৎপাত নিবারণে মনুষ্যকে

এত অসমর্থ করিয়া ফেলে, যে নানা সাধু উপায় অবলয়নদ্বারা তাহাকে পরিত্যাগ করা নিতান্ত বিধেয়। অতএব কোন মনুষোর ঋণে পতিত না হওয়াই তোনাদের প্রধান বত্ন হউক। প্রতিজ্ঞা কর যে কোন মতেই নিঃস্ব হইবে না; যে কিঞ্চিৎ তোমরা প্রাপ্ত হইয়া থাক, তাহারই পরিমিত ব্যয় কর। দৈন্যদশা পার্থিব স্থথের পরম বৈরি; ইহা নিঃসন্দেহ স্বাধীনতাকে উচ্ছিল্ল করে, এবং কতিপয় সংক্রিয়ার অমুষ্ঠানকে একেবারে নিতান্ত অসন্তাবনায় ও কতিপরের অমুষ্ঠানকে নিতান্ত স্কঠিন করিয়া থাকে। মিতবয় কেবল স্কছন্দের মূল্ভ্ত নহে, দানশীলতারও প্রধান উদ্দাপক। নিঃসহায় জনে কথনই অপরের সহায়তা করিতে পারে না; দান করিবার পূর্বের দেয় সামগ্রীয় প্রচুরতা আবশ্যক করে"।

অতএব, যুবাজনে যখন যৌবরাজ্য দিয়া নিঃসংশরিতচিত্তে গমন করিতে থাকেন, এবং যখন পাপ নান।
বিমুগ্ধকরি আকারে তাঁহার পার্শ্বরহইতে প্রলোভন
প্রদর্শন করে, তখন তিনি বার্য্যবন্ধ ও দৃঢ়-প্রতিজ্ঞ
হইয়া "না" ইতিবাক্য বচন ও কার্য্যে প্রয়োগ ও
অনুষ্ঠান না করিলে নবীনকুমারের বিপদ্দশাহইতে
কোন ক্রমেই পরিতাণ পাইতে পারেন না।

আমি তোমার ইত্যাদি।

চতুর্দশ পত্রিকা। কলিকাতাহইতে কান্দীর।

সথে! আমি বঙ্গবাদিদেগের এক অতি র্চমৎকার ভ্রমে নিতান্ত বিশ্বিত হইয়াছি। আমি এখানে এত দিন অবস্থিতি করিয়া বিস্তর অনুসন্ধানদারা ইহ! নিঃসংশ্য়িতৰূপে অবগত হইয়াছি যে, এতদ্দেশীয় অধিকাংশ ভদ্রলোকেই শারীরিক পরিশ্রমকে অতি জঘন্য ও অপমানজনক বলিরা ত্বির সিদ্ধান্ত করি-য়াছেন। বস্তুতঃ হান-ব্যবসায়ি সামান্য ব্যক্তিরা যে শারীরিক পরিশ্রম অবলম্বন করিয়া জীবিকা নি-ব্বাহ করে, উৎকুষ্ট বর্ণে জন্ম গ্রহণ করিয়া এবং "ভক্ৰ" বলিয়া পরিগণিত হইয়া তাঁহারাই বা কি-**कर्श जाहात अधीन हरे** ति शासन ?— पिहिक खप স্বীকার করিয়া তাঁহারাই বা কিরূপে আপনাদের ভদ্রতার অমর্য্যাদা করিতে পারেন? কিন্তু ছুংখের বিষয় এই, বঙ্গবাসিরা এৰূপে আপনাদের ভদ্রতা ও গৌরব রক্ষায় প্রবৃত্ত হইয়। পনিত্র স্বাস্থ্যস্থা চির-বঞ্চিত হইয়া থাকেন। তাঁহারা শারীরিক পরি-শ্রমে পরাঙ্গ্রাথ থাকিয়া আপনাদের দেহতে ভগ্ন ও রুল্ল, এবং অন্তঃকরণকে ছিল্ল ও নির্বীষ্য করিয়া থা-রোগ, শোক, জনা, অকালমৃত্যুপ্রভৃতি ভীষণ দণ্ডে ভদ্রসমাজ যে নিদারুণরপে নিগৃহীত হইতেছে, দেহিক শ্রমের অভাবই তাহার প্রধান

কারণ, ইহাতে আর সন্দেহনাই। এ দেশে শত পত ছর্ডাগা ব্যক্তিকে যৌবনের প্রারম্ভেই বার্দ্ধকো পরিণত। ছইতে দৃষ্ট হইয়া থাকে; এমত কি ভদ্র-মপ্তলীতে শত শত পূর্বযৌবন মন্ত্র্যা মধ্যে দশ জন তেজীয়ান বলিষ্ঠ পুরুষ দৃষ্টিগোচর হওয়া নিতান্ত্র স্কটিন। অতএব ইহা অতি বিশ্ময়াকর ব্যাপার বলিতে হইবে যে, মনুষ্য জাবনের মর্য্যাদা রক্ষায় তৎপর হইয়া জাবনের স্থায়েত্বের প্রতি দৃক্পাত করিবেন না। হায়! কত দিনে এই সর্ব্যাশের মূলাভূতস্বর্ধা ঘারে ভ্রম বঙ্গদেশহইতে বহিষ্কৃত হইবে! কত দিনে এই বিলুপ্ত হইয়া স্কুত্রর শক্তি স্প্রক্রাশিত ইইবে! কত দিনেই বা বঙ্গবাদিরা পরিশ্রমের বশবর্ত্তা হইয়া তেজ্বী ও দীর্ঘ্জাবী হইবেন?

আমরা যদ্যপি একবার মাত্র শারীরিক পরিশ্রমের
মহান আবশ্যকতা বিষয়ে চিন্তা করি, তাহা হইলেট
ইহা স্পট প্রতীত হইতে পারে যে, দেহিক শ্রম ব্যতীত জগতে কোন মূল্যবান পদার্থই অর্জ্জিত হইতে পারে না। ধন ও মান ছরে থাকুক, ভোজ্য ও
পরিধেয়ও হন্তের শ্রমে ধারাবাহী স্বেদবারি মন্তক
হইতে পাদতলে পতিত না হইলে কোন মতেই
প্রাপ্ত হত্রা যায় না। জগদীশ্বর বিশ্বরাজ্যে যাবতায় সামগ্রীর প্রচুরতা প্রদান করিয়াছেন, কিন্তু
আ্যাদিগকে সে সমুদায় হস্তদ্বারা সংগ্রহ করিয়া

ব্যবহারে পরিণত করিতে হয়। জগদীশ্বর ভূমিতে উৎপাদিকা শক্তি প্রদান করিয়াছেন, কিন্তু আমরা হস্তদারা কর্ষিত করিয়া তদভান্তরে বীজ,বপন না করিলে কোন ক্রমেই শস্য প্রাপ্ত হই না। অতএব মনুষ্য যেৰূপ নিয়ম প্ৰণালীর অধীন হইয়া বিশ্ব-রাজ্যে সংস্থাপিত হইয়াছেন, তাহাতে পরিশ্রম নি-তান্ত তাঁহার স্বভাব-সন্মত। বিশেষতঃ বিশ্বপতি যেরূপ কৌশলে তাঁহার দেহ-যন্ত্র নির্মাণ করিয়া-ছেন, তাহাতে অঙ্গচালন৷ তাঁহার দেহ রক্ষার প্রধান উপায় বলিয়া প্রতাক হইতেছে। অঞ্চালনা ব্য-তীত তিনি কথনই ব্যাবান ও দীৰ্ঘজীবা হইতে পারেন না। একারণ, আল্ল-রক্ষাকৈ যাঁহারা মন্ত্র-ষ্যের গরীয়ান কার্যা বোধ করিয়া থাকেন, নিত্য নিয়মানুসারে অসচালনা করা তাঁহাদের পক্ষে একান্ত উচিত। সে যাহা হউন, সথে! আমি উভয় দেহ ও মনের অধিকারী হইবায় আপনাকে দ্বিবিধ কর্ত্তব্য কার্য্যের অধীন বোধ করিয়া থাকি,এবং যে দিবস পরিশ্রমন্বার! দেহ, এবং অধ্যয়ন ও চিন্তাদ।রা মনের পরিচালনা না করি, আমি সে দিবস কর্ত্তব্য কর্মের সমাধা হয় নাই বলিয়া পরিতাপ করিয়া থাকি।

বন্ধো! আমি এই স্থলেই কহিতে পারি, অঙ্গচা-লনা শার্রিক স্থস্তার পক্ষে বেরূপ অনুল্লঞ্জনীয় কর্ত্তব্য কার্য্য, মিতাহারও দেহ রক্ষার পক্ষে সেই

ৰূপ নিতান্ত আবশ্যক। আমি সর্বাদাই চিন্তা করি-য়া থাকি, আমরা অঙ্গুলনা বা মিতাহারে আত্ম সমর্পণ করিতে অসমর্থ হইরাই যাবভীয় ঔষধির সহায় লইতে বাধা হইয়া থাকি। অনেক সুকঠিন পীড়ার ঔষধি দেবন নিতাত অপরিহার্য্য হইয়া থাকে সত্য বটে, কিন্তু যাবতায় মনুষ্য নির্দ্দিষ্ট নিয়-মানুসারে অঞ্চালনা ও মিতাহারে প্রবৃত্ত হইলে আমি বোধ করি ঔষধির আবশ্যকতা ও আদর বি-স্তর পরিমাণে হ্রাস হইতে পারে। ফলে, ইন্দ্রিয় সেবাকে শারীরিক স্বাস্থ্য স্থথের সহিত সমঞ্জনীভূত রাথিবার মানদেই আমরা অধিকাংশ হুলে ঔষ্ধি দেবন করিয়া থাকি। ইহা প্রসিদ্ধ আছে, যে ড়াইও জিনিস্নামক এক জন গ্রীন দেশায় পূরাকালীন তত্ত্ববিৎ পণ্ডিত পথি-মধ্যে কোন কোন যুবাকে ভো-জন-নিমন্ত্রণে গমন করিতে দেখিয়া এরপে তাহাকে তাহার স্বজনবর্গ মধ্যে প্রত্যানীত করেন, যেন তিনি দে যুবাকে কোন অবশাস্তাবী ঘোর বিপদহইতে উদ্ধার করিয়াছেন। সেই বিজ্ঞান-বিশারদ মহাত্মা যদ্যপি আমাদিগের বর্ত্তমান ভোজন-সমাজে উপ-স্থিত হয়েন, তাহা হইলে না জানি তিনি কিৰূপ বা-ক্যুই প্রয়োগ করিয়া থাকেন! যদ্যপি ভিনি বর্তমান ভোজন-পাত্তের মৎস্যা, মাংসা, ফল, মূল, তুর্গ্ধা, ঘৃত-প্রভৃতি সহস্রবিধ ব্যঞ্জন নিরীক্ষণ করেন, তাই৷ হই-লে বোধ করি গৃহস্বামিকে পূর্ব্বাপরপ্র্য্যালোচনা-

পরিশূন্য উন্নাদগ্রস্থ ব্যক্তি অনুমান করিয়া ভূতাবর্গকে তাঁহার হস্তদ্ধর বন্ধন করিতে সমূহ বিনর
করিয়া থাকেন। হার! এবিয়ধ অপরিমিতাহার
হইতে কত প্রকার অস্বাভাবিক অস্পবৈকলা ও ভয়ানক ব্যাধি মানব-শরীরে উপস্থিত হইয়া থাকে! সে
যাহা হউক, আমি যখন এপ্রকার সহস্রবিধ উপাদেয়
সামগ্রীতে ভোজন-পাত্র স্থাোভিত দেখি,তখন বছ্ষ্ণরক্ত ও বাত, জরা ও অকাল মৃত্যুকে তন্মধ্যে গুপ্তভাবে বিরাজমান থাকিতে লক্ষিত করিয়া থাকি।

স্বভাব এক বিধ ও অমিশ্রিত খাদ্যেই আমোদ করিয়া থাকে। মনুষ্য ব্যতীত যাবতীয় জীব জন্ত কেবল এক প্রকার খাদ্যে আবদ্ধ থাকে। কেহ বা ফল মূল, কেহ বা মৎস্য, কেহ বা মাংস ভক্ষণ করি-রা পরিভৃপ্ত হয়; কিন্তু মনুষ্য, কি শস্য, কি মৎস্য, কি মাংস, সকলই এককালীন উদরস্থ করিয়া থাকেন। আমি তোমার ইত্যাদি।

আমাদিগের পরিভ্রামক এইবাপে যথন বঙ্গদেশে ।
অবস্থিতি করিতেছিলেন, তথন তাঁহার ,প্রিয় বন্ধু
প্রীদেব সিংহ তাঁহাকে গৃহানয়নের নিমিন্ত নানা প্রবোধ-পত্রিকা তাঁহার নিকটে প্রেরণ করেন। বীরসিংহও সে সমুদায়ের প্রত্যুত্তর প্রদান্কালীন
কঠিন-হৃদ্য় তত্ত্ববিৎদিগের ন্যায় নানা স্বক্পোল- ।
কম্পিত বিরোধী তর্কবারা স্বমতের পোষকভা করিয়া

অকুত্রিম মিত্রের অভ্যর্থনাকে নিক্ষল করিয়াছি-লেন। কিন্তু বছল অনুরোধের বৈকল্য দর্শন করি-या औरनव मिश्र विन्यू भाव विवक्त स्टाम नारे। चार्थ-मृना উদার প্রণয়ের এমনি আশ্চর্যা ধৈর্যা, যে যতক্ষণ সে নিজ অভিপ্রায় স্থুসিদ্ধ করিতে না পারে, ততক্ষণ কিছুতেই নিরস্ত হয় না। সে এক প্রকার উপায়ে আপন প্রিয়ঞ্জনের মঙ্গল-সাধনে অকৃত কার্য্য হইলে উপায়ান্তরের সহায় লইয়া থাকে। শ্রীদেব সিংহ যখন প্রথম পত্রে তাঁহার প্রিয় সুক্লদের প্রতিজ্ঞা-প্রবাহকে প্রত্যাকর্ষণ করিতে পারেন নাই, তখন পুনরায় দিতীয় পত্রিকায় মূতন যুক্তি প্রদর্শন করিয়া তাঁহার মনে স্বদেশাগমনের উচিত্য প্রতীত করিবার নিমিত্ত যথেষ্ট চেষ্টা করিয়াছিলেন। এই ৰূপে তিনি উপযু্তিপরি কতিপয় পত্রিকা প্রৈরণ করিয়াছিলেন; আমরা স্থানাভাবপ্রযুক্ত গ্রন্থে দে সকল প্রকটিত করি নাই: কিন্তু এই সময় বে পত্র কলিকাতায় উপস্থিত হয়, তাহাকে ত্যাগ করিতে না পারিয়া পাঠকবর্গের স্থগোচরার্থে নিমে প্রদান করিলাম।

পঞ্চদশ পত্রিকা।

কাশীরহইতে কলিকাতা।

প্রিয় বক্ষো! তুমি চির-নীহার-পিহিত হিমালয়

পর্বতেই পরিভ্রমণ কর, অথবা স্রোতস্থতী ভাগী-রথী কুলেই বিচরণ কর, অথবা ভারতবর্ষের অমরা-বতী-পুরী কলিকাতা নগরীয় নন্দন-কানন-সম মনো-হর পুষ্পাবাটিকাতেই কেলি কর,—তুমি যে কোন স্থলে যেকপ অবস্থাতেই অবস্থিত থাক সর্বাত্রেই স্থখ স্থাপান কর, করুণাসাগর বিশ্বপতির নিকট ইহাই আমার এক মাত্র প্রার্থনা। যে নিম্নেছ-রূপ নিষ্ঠুর দানব এক্ষণে তোমার হৃদয় রাজ্যে পাষাণময় সিং-হাসন নির্মাণ করিয়া দারুণ দৌরাত্ম্য আরম্ভ করিয়াছে, করুণাময়ী দয়া-দেবী কত দিনে তাহাকে সিংহাসন চ্যুত করিয়া ভোমার অন্তঃকরণকে তাহার অত্যাচারহইতে বিমুক্ত করিবেন, তাহাই আনমার সার্বাক্ষণিক চিন্তা ইইয়া উঠিয়াছে।

বন্ধো! আর কত দিন তুমি জ্ঞানার্জন-স্পৃহার
বশবর্তী হইয়া সংসারের যাবতীয় নির্মাল স্থাধর
আস্বাদনহইতে বিমুখ থাকিবে? যে সকল সম্বল্ল
অতি শান্তকরী, সে সকলহইতে আর কত দিন সপৃথক্ রহিবে? যে সকল জীবপুঞ্জকে ইহ জন্মের জন্য
আপন স্থুখ তৃঃথের তুলা অংশ্রী করিয়াছ, তাহাদিগকেই বা আর কত দিন নিজ ক্লেশের ভাগী করিয়া রাখিবে? তোমার জননী, পত্নী, ভ্রাতাপ্রভৃতি
সমস্ত আত্মীয়জনেরা তোমার বিরহে যেরূপ তৃর্বিষহ
সন্তাপে দগ্ধীভূত হইতেছে, তাহা বোধ করি বর্ণনাদ্বারা তোমার ন্যায় বিচক্ষণ পুরুষকে বিদিত করি-

তে হইবে না। আহা! একে উপরত বিভব, তাহে পুনরায় প্রিয়জন-বিরহ। এরূপ ভীষণ সাংসারিক সঙ্কটে পতিত হইয়া তোনার ন্যায় তত্ত্বজানী ভিন্ন অপর কোন রক্ত-মাংস—রচিত মর্ত্য-নর সন্থাপ-খুন্য হইয়া কালপাত করিতে পারে না ৷ যাহারা এত কাল সম্পদ-স্থলভ আদর ও মৰ্য্যাদায় আৰুত থাকিয়া আপনাদের অভি-মানের বিলক্ষণ সমৃদ্ধি-সাধন করিয়াছিল, তাছার। সেই সম্পদ-মঞ্হইতে নামিত হইয়া অপরের অনাদর ও তাচ্চল্যে যেৰূপ সন্তাপিত হয়, তাহা বোধ করি তুমি বিলক্ষণ অবগত আছে। সে বাহা হউক, যে জননীর অপত্য-ম্বেহ স্থথের দশায় দুরে थाकूक छ। हात मुभूर्यकारल ७ म्कू खिंयुक इहेश थारक, ও যে পতিপরায়ণা সহধর্মিণী স্বামী-বিচ্ছেদে সৌ-ভাগ্যজনিত বিলাসে পরিপূর্ণ অন্তঃপুরকেও অন্ধ-কারময় বলিয়া নিরীক্ষণ করিয়া থাকে, ভাহাদিপকে এবস্থিধ তুরবস্থার সময়ে এত্তপে অকারণে বিরহিত করিয়া চির-ছুথিনী করা অপত্য বা স্বামী কাহারও कर्खवा नरह। करल, याँहात ऋमरत्र छिक, महा, মন্ত্রার ও প্রণয়ের কণামাত্রের সংযোগ থাকে তিনি কথনই এৰূপ স্নেহ-খূন্য কঠিন ব্যবহার দ্বারা আপন প্রিয়জনবর্গকে পীড়িত করিতে পারেন না। বংশা! যিনি অপরের চরিত্রের পুৠারুপুৠ অনু-সন্ধান করিতে সমর্থ, যিনি অপ্রের কার্য্যের

ওচিত্যানৌচিত্যের স্থন্দর বিচারক, ও যিনি অপরের দোষাবলোকনে বিলক্ষণ পটু, তিনি আপন চরিত্তের অনুসন্ধান লইতে এত অসমর্থ, তিনি আপেন কা-র্যোর এত এক-পক্ষ-মাত্র-দর্শী, ও আত্ম-দোষ দর্শনে এত অন্ধ, ইহা এক অতি আশ্চর্য্য ঘটনা বলিতে হইবে। তোমাৰ জ্ঞানালোকসম্পন্ন উৎকৃষ্ট চিত্ত প্রিয়জনবর্গকে পীড়ন করাকে নিন্দনীয় গহিত কা-র্য্য বলিয়া গণ্য করিতেছে না, ইহা অতি বিস্ময়াবহ ব্যাপার! তোমার প্রাজ্ঞতা কি তোমার অজ্ঞতা নির্দেশ করিতেছে না ? তোমার দয়ারুত্তি কি স্নেহ-বিষূঢ় জীবকুণকে যাতনা-জড়িত করিয়া ক্লেশ-বিগ-লিতা হইতেছে না? অধিকস্ক, তোমার বীরত্বও কি ত্রবস্থার আক্রম:৭ পলায়ন-পরায়ণ হওয়াকে কা-পুরুষের ধর্ম বলিয়া কুন্ন হইতেছে না? ফলে, যাঁ-হার। ভগ্ন দশায় পতিত হইয়া ভগ্ন-চিন্ত হইয়া থা-কেন, তাঁহাদের ন্যায় কাপুরুষ সমস্ত িশ্বমগুলে আর দৃষ্ট হয় না। কারণ অবস্থা চক্রের ন্যায় সর্ব্ব-দা ঘুনায়মানা হইতেছে; কথন আমাদিগকে উর্দ্ধে উত্তোলন করিতেছে, কথনও বা অধোভাগে আনয়ন করিতেছে। সে যাহা ২উক, অবস্থা এমত পরিব-র্ত্তনশীলা না হইলে মনুষ্ট্যের বারত্ব ও গৌরব প্রকাশ পাইত না। কখন পতিত না হওয়া অপেক্ষা পত-নের প্রতোক বারেই গাত্রোখান করা অধিকতর পুরুষার্থসূচক।

সথে! এক্ষণে গৃহে প্রত্যাগমনপূর্বক উৎকলিকাকুল পরিজন মগুলকে পরিতৃপ্ত কর, এবং উৎসাহ
ও অধ্যুবসার সহকারে পুনরার অবনত অবস্থার
উন্নতি সাধন কর, ইহাই কেবল আমার এক মাত্র উদ্দেশ। যদিও আমার উপরোধে না হউক, তথাচ
দরার অনুরোধেও এ প্রস্তাবে সন্মত হইবে!

তোমার সহধর্মিণী এক খানি বিলাপ পত্তিকা প্রেরণ করিয়াছেন, আমি নিম্নে তাহার অনুলিপি প্রদান করিতেছি। যদিও আমার এত বাক্য সকলই ব্যথীকৃত হয়, তথাচ ভোমার প্রণয়িনীর কাতর বচনে যে তোমার পাষাণীভূত হৃদয় দ্রবীভূত হইবে, সে বিষয়ে সন্দেহ করি না।

> "কাশ্মার। " তারিখ—————।

"পরম পূজ্য প্রণয়-পবিত্র জীবিতেশ্বর!

"এই বিষাদ-পূর্ণ প্রণয়-লেখন দর্শন করিলেই আপ্রনি এ পাণীয়সীকে জীবিত জানিয়া বিস্মিত হুইবেন, সন্দেহ নাই। কিন্তু আমি মহাশয়ের সেবিসায় ভূঁঞ্জনের নিমিন্ত কহিতেছি যে, বিধাতা রমণী জাতিকে পাষাণে নির্মিত করিয়াছেন বলিয়াই হুউক, অথবা দীর্ঘ-জীবীনী হুইয়া বিরহ্-বেদনায় দীর্ঘ কাল ব্যথিত হুইলে মদীয় পাতকের পূর্ণ প্রায়-দিক্ত হুইবে বলিয়াই হুউক, অথবা এ পাপিনীয়

কলুবময় দেহকে নিঘৃণ যমদৃতেরাও অস্পৃণ্য বি-বেচনা করিয়াছে বলিয়াই হউক, আপনরে অনাথি-নী হতভাগিনী সহধর্মিণী অদ্যাবধি জীবিতা, আছে। এবং জীবালা দেহ-পিঞ্জর পরিত্যাগ করেন নাই বলিয়া আপনার পাতকিনী রমণীর অন্তঃকরণ এপ-যান্ত বোধ-শূন্য হয় নাই; স্কুতরাং বিচ্ছেদ বাণের প্রাণঘাতিনী যন্ত্রণা অনুভব করিতে অদ্যাবধি বিল-ক্ষণ সমর্থ রহিয়াছে।

" হে প্রাণেশ্বর! আপনি যদিও বহু দিবসের প্রী-তিকে পর্যাটন স্পৃহায় থিসর্জন করিয়া স্থানীয় তুর-বস্থাপন্না কামিনীকে প্রথমে একাকিনী পরিত্যাগ করিয়াছেন, এবং তৎপরে অন্য পদার্থগত-চিত্ত হইয়া ষদিও নিজ পতি-প্রাণা তুঃখিনীকে স্বপনেও স্মৃতি-পথবৰ্ত্তা করেন না, তথাচ এ স্বামীমাত্রধারেনী যুব-তী আপনাকে পরিত্যাগ করিতে না পারিয়া স্বকীয় বিচ্ছিন্ন হৃদয়কে চিরকালই আপনার অনুগামী রা-থিয়াছে, এবং স্মৃতিরাজ্যে প্রেম-রচিত সিংহাসনে আপনার উজ্জ্ব শরীরকে সমাসীন রাথিয়া অবিরত ধ্যান করিতেছে। আমি অব্যাঘাতে এব্রিধ প্রে-মাচারের অনুষ্ঠান করিতে সমর্থ হইলে দিবা সচ্ছন্দ-চিত্ত থাকিতে পারিতাম ; কিন্তু ছুঃখের বিষয় এই ষে নৈরাশারূপা রাক্ষসী নানা উন্মন্তকরি বিভীষি-কার আমার স্বচ্ছনদ ভগ্ন করিয়া দেয়। বখন আমি মহাশয়ের স্থৰূপ চিন্তায় নিবিন্টমনা ও বাহ্য-

জ্ঞান-শূন্যা থাকিয়া মোহভৱে আপনাকে মদীয় শ্ব্যায় শ্রিত দেখি, এবং আমি অসম্ভাবিত স্বামী-সমাগম, সাহদে উত্তেজিতা হইয়া আনন্দে গদাদস্বরে প্রিরসম্ভাষণদ্বারা প্রীতি-প্রকুল্ল নেত্রে পতি-মুখ-চুম্বনে উদ্যতা হইয়া থাকি, তখন অমনি সে চুরস্ত নৈরাশা আমার মোহ-দূর করিয়া চৈতন্যোদয় করি-রা দেয়, এবং আমার প্রেমাকিঞ্নেরা নিক্ষলতা স্থপ্রকাশ করিয়া আমাকে অতি কঠিন বচনে তির-স্কার করিতে আরম্ভ করে। তথন আমি আর তা-হার নিদারুণ গঞ্জনায় ধারাবাহী অঞ্চবারির প্রবল প্রবাহকে সংযত রাখিতে পারি না, এবং উদ্যম-ভঙ্গ জনিত অন্তর্ব্যথার কিয়দংশকে ঘনঘন দীর্ঘশ্বাস পরি-ত্যাগদারা হৃদয় ভাণ্ডার হইতে বহিষ্ঠ করিয়া দিই। হে প্রাণকান্ত! শ্বশ্র-দেবার ওু গৃহকার্যে মনোনিবেশ করিয়া অপরাপর যাবতীয় তুঃখকে বিস্মৃত হইতে পারি, কিন্তু এ নৈরাশার জ্রকুটি-পীড়ন সহ্য করিতে পারি না। যাহাতে সেই নির্মানা রাক্ষ-সী আমার উপর দৌরাল্মা করিতে না পারে, এমত উপায় উদ্ভাবন করিয়া এ কণ্ঠাগতপ্রাণা রমণীকে तका तैकन। किछ जाशनि यमाशि जामात এই मुमूर्य्कालीन कङ्गा आर्थनात्र উপেका आनर्भन करत्न, তाहा इरेल এर निकास्त्रस्य कर्गरमञ्जल বিখ্যাত রহিবে, যে মনুষ্য আপন অধীনস্থিত জীব-দিগের উপর কঠিন বাবহার প্রকাশ করিতে সঙ্কু-

চিত হয়েন না, ও পুরুবেরা প্রেমাকাক্ষিনীর সমর্পিত হৃদয়কে পরিত্যাগ করিতে ক্লেশ।নুতব করেন না।

"হে নাথ! যদ্যপি এ বিরহিনীর ধাবতায় কাতর বচন নিজ্ফলীকুত না হয়, তাহা হইলে মহাশরের করুণা সন্নিকটে আরও ক্ষণেক কাল রোদন করিতে সম্মত আছি। বিরহিনীদিগের পক্ষে রোদনই ८ इतन यथार्थ श्रियमधीत कार्या कतिया थाटक। নন্পি বিচ্ছেদ-বাণ-বিদ্ধা যুবতীরা অঞ্চবারি-স্বক-পিনী **সুন্দ্র স**হচরীর আশ্রয় না পাইত, তাহ৷ হই-লে আমি বলিতে পারি না তাহারা কিরুপে জীবিত থাকিত। সে যাহা হউক, হে জীবিত-সর্বস্থ ! আ-মি অফ প্রহর অননামনা ও অননাকর্মা হইয়া ভব-দীয় মুখারবিন্দ ধ্যান করিয়। অজস্র অশ্রুবারি বরি-थन कति, এবং यमविध आभात झेनुमी विषमनभा छेश-স্থিত হইরাছে, তদবধি আমি এক স্থলে অঞ্পাত করিলে বোধ করি কোন স্রোতস্বতীর উৎপত্তি হইত।

"অত এব হে প্রীতি-নিধান প্রাণনাথ ! যদ্যপি পরিণীতা ভার্য্যাকে ভর্ত্তাগতপ্রাণা ও শেষদশা-পন্না দর্শন করিয়াও কঠিন হৃদয়ে যাবজ্জীবন বির-হিতা রাখিতে দৃঢ় প্রতিজ্ঞ হইয়া থাকেন, তাহা হইলে আমাকে সরল হৃদয়ে ইহজন্মের মত বিদায় প্রদান করুন: কিন্তু মৃত্যুকালেও পতিমুখ অবলোকন করিতে পারিলাম না,এরূপ দারুণ তুঃখ মরণেও আমি বিশ্বতা হুইব না, এবং আপনি যদ্যশি কথন এ দেশে প্রত্যা-গমন করেন, তাহা হুইলে (অ নি নিঃসংশয়ে কহি-তেছি) মহাশয়ের প্রেম রুসাভিষিক্ত লোচনদ্বর ধে দুংথকে আমার দক্ষীকৃত দেহের ভন্ম মধ্যেও দর্শন করিতে পারিবে !

> "তব সেবিকান্থসেবিকা। "শ্ৰীমতী———।"

সংধ! ইহাহইতে পরিজনকুলের আর কি অধিক-তর ছঃধ হইতে পারে ?

> তব প্রিয় স্কুছ্সন। শ্রীদেব সিংহ।

ষোড়শ পৰিকা।

কলিকাভাছইতে কাশীর।

সুহৃদ-প্রবর! আনি তোমার দে দিবদের প্রণয়-গর্ত্ত পত্রিকা পাঠ করিয়া বিলক্ষণ তুঃখিত হইরাছি; এবং যদিও আমার নয়নবারি মরকত মণিহইতেও অধিকক্তর মূল্যবতী, তথাচ তোমার পত্রিকা তাহার কতিপর বিন্তু গ্রহণ করিয়াছে। কিন্তু প্রিয়জন-বর্গের তুঃখ যদিও আমার মনে সুন্দরক্রপে অনুভূত হইয়াছে, তথাচ আমার অন্তঃকরণকে বিচলিত করিতে সমর্থ নহে। মণীয় চিত্ত-দর্পণে যাবতীয় পদ।র্থই প্রতিফলিত হইয়া থাকে বটে, কিন্তু কেহই তাহাকে মলিন করিতে পারে না।

তুমি যে আমাকে আপন চরিত্র ও কার্য্যকদম্বের প্রতি কটাক্ষপাত করিতে সম্পূর্ণ অন্ধ কহিয়াছ, তাহা অতি সত্য; এবং ইহা যে কেবল আমার পক্ষেই সত্য, এৰূপ নহে,—ইহা (যদিও সকলের পক্ষে না ২উক, তথাচ) অনেকের পক্ষেই সত্য। কিন্তু সথে! আমি বিষয়ে "সম্পূর্ণ অক্ষা" নহি; কারণ যদিও আমি আত্ম-দোষের প্রতীকার সাধনে সম্যক সমর্থ নহি, তথাচ দে সকলকে অন্তঃকরণে অমুভব করিতে जक्रम निह। এवः जामि मर्यामायिविर्काण निह वित्रा य मनुषा मनखब्बानुमन्त्री इरेव ना, रेहा কোন মতেই যুক্তিসঙ্গত বলিয়। বোধ হইতেছে না। যদাপি আমরা সকল মনুষ্টোর মনঃদার উদঘাটন করিতে পারিতাম, ও সকলের অন্তঃকরণকে বাছ-দৃষ্টির সম্মুখীন করিতে সমর্থ হইতাম, তাহা হইলে বোধ করি জ্ঞানী ও মূর্খের মনে অতি সামান্য প্র-ভেদই দৃষ্টি হইত। তবে প্রধান প্রভেদ এই যে, কেহ নিজ চিন্তা ও মনোগত ভাব সকলকে স্থকৌ-শলে লুক্কায়িত করিতে সমর্থ হয়েন, কেহ'বা সেই আত্ম-গোপনের শিল্পে সম্যক্ দক্ষ নহেন। মনুষ্য আমাদিগের অন্তর্ভাব ও গুপ্তকার্য্য সকল দর্শন করিতে পারেন না, একারণ যিনি আত্ম-কার্যাপুঞ্জকে আত্ম-রসনাহইতে যত স্থদূরে রাথিতে পারেন,

তিনি তত ধীর ও সাধু বলিয়া পরিগণিত হইয়া পাকেন। তুমি আমার পারিবারিক আচরণ অবগত আছ বলিয়াই আমাকে নিষ্ঠুর ও কাপুরুষ বলিয়া তিরকার করিয়াছ; কিন্তু যাঁহারা আমার সে সকল গুপ্ত ব্যবহার বিদিত নহেন, ও কেবল মাত্র আমার বচন-পাণ্ডিত্য জ্ঞাত হইয়াছেন, তাঁহারা আমাকে যথেষ্ট সাধুবাদ প্রদান করিয়া থাকেন! অতএব मरथ ! माधू-वाका कथन कठिन नरह ; পবিত্র চিন্তায় মনকে পরিপূর্ণ রাখা ও সাধু ব্যক্তি হওয়াই কেবল স্কঠিন। একারণ আমি কখনই এৰূপ কহিতে পারি না, যে সাধুতার পূর্ণভাব আমার সর্বকার্য্যে प्रिमान इहेशा थाकि। व्यवभावे व्यामात किं পয় কাৰ্য্য ভ্ৰান্তি ক্ৰমে দূষনীয় পথে প্ৰবাহিত হই-তেছে। সে যাহা হউক, ভুমি ভ্রান্তি নির্দেশ করিয়া আমার কতিপয় আচারের তুর্নীতিপরতা মদীয় মনে প্রতীত করিয়াছ বলিয়া আমি ভোমার নিকট চিরকাল উপকৃত রহিলাম।

সংখ! আমি তোমার সরল স্নেহের উপরোধকে বার্যার অবমাননা করিয়াছি; তজ্জন্য আমি যে অপরাদ্ধ হইয়াছি, তাহা তুমি সেই স্নেহের বশবন্তী হইয়া বিশ্বত হইবে। তুমি যে আমাকে অবস্থার উন্নতি সাধন নিমিত্ত উত্তেজিত করিয়াছ, আমি সেই উত্তেজনার অনুরোধেই তোমার প্রেম-

শ্বিশ্ব আহ্বানকে পুনঃপুনঃ অবহেলন করিয়াছি৷ ত্রোদশ পত্রিকায় সাধু-স্বভাব অমরনাথ কোন দূর-দেশে বাণিজ্যাগার প্রস্তুত ও ততুপলকে দেশ ভ্রম-ণের যে মানস প্রকাশ করিয়াছিলেন, তাহা বোধ করি তুমি বিস্মৃত হও নাই। তিনি এক্ষণে সে কণ্প-নাকে স্থির কুত করিয়াছেন; এবং ইহাই নিরূপিত হইয়াছে, যে কাশ্মারে এক খানি বাণিজ্য বিপণি স্থাপিত হইবে, তাহার তত্ত্বাবধারণের নিমিত্ত সম্প্র-তি প্রিয়-বন্ধু অমবনাথ স্বয়ংই তথায় গমন করি-বেন, এবং আমি তাহার প্রধান কর্মচারী-স্বৰূপে তাঁহার সমভিব্যাহারী হইব। একারণ রায় বাহা-তুর এক্ষণে সেই উদ্দেশের সমস্ত আয়োজন করি-তেছেন, ও পণাদ্রবা.সকল মনোনীত করিয়া ক্রয় করিতেছেন। এই সকল আয়োজন প্রস্তুত হুই-লেই আমি সুবিজ্ঞ অমর্নাথের সহিত কলিকাতা হইতে স্বদেশ যাত্রা করিব !

কিন্তু বলো ! ইহা আমার মনে যাবজ্জীবন জাগকক থাকিবে, যে আমি সত্য-প্রতিজ্ঞ হইয়া ভ্রমণ
কুতৃহল পরিত্প্ত করিতে পারিলাম না। হায়!
কেন আমি দারপরিগ্রহ করিয়া সংসারী হইয়াছিলাম ? আমি যদ্যপি তন্তুকীটের ন্যায় নিজরচিত স্থতে আবদ্ধ না হইতাম তাহা হইলে ভ্রমণ
প্রতিজ্ঞা পালন করিতে অসমর্থ হইতামনা। কিন্তু

ন্সামি ইহা নিশ্চয় জানিতেছি, যে কবি শেখর ভারত-চন্দ্রের ন্যায় বিজ্ঞ ব্যক্তি এক্ষণে ইহাই কহিবেন, যে ''ভাবিতে উচিত ছিল, প্রতিজ্ঞা যথন।''

> আমি তোমার প্রিয় বন্ধু। শ্রীবীর সিংহ।

मदम्म भडिकः।

কলিকাতাহইতে কান্দীর।

মন্তুর্য বদ্যপি নানা মান্ষিক উৎকৃষ্ট ও নিকৃষ্ট প্রবৃত্তির বশবর্ত্তা না হইরা কেবল মাত্র জীবনের অধীন হইতেন, তাহা হইলে তিনি এক প্রশ্নের নিশ্চেষ্ট-সভাব ও বিরত-প্রকৃতি হইতেন, সন্দেহ নাই; তাহা হইলে কর্মাণালতা, অধ্যবসায়, তৎপরতাপ্রভৃতি মহাগুণের তিনি কোন আবশ্যকই রাখিতেন না। একারণ জগৎপতি এই অভিপ্রায়ে প্রস্তুত্তির উৎপত্তি বিধান করিয়াছেন, যে তাহ্বরা আমাদিগকে উত্তেজিত করিয়া কার্ষ্যে নিযুক্ত করিবে, বুদ্ধিরৃত্তিকে জাগ্রহ ও পরিচালিত করিবে, এবং সমস্ত অন্তরেক্রিয়কে সমুন্থিত ও উদযুক্ত করিয়া অভীপিত বিষয়ের অনুসরণে সমর্থ করিবে। সামান্যতঃ সকল মনোরুত্তিতেই এবিধি

প্রয়োজন দৃষ্ট হুট্রা থাকে; তল্পধ্যে চিখ্যাসার*
তাহা বিশেষৰূপে দর্শন করা যাইতে পারে। এবং
যদ্যপি আমরা সেই বিষয়ে নিবিষ্টচিত্ত হুট্রা
চিন্তা করি, তাহা হুইলে জগদীশ্বর যে মহতাতিপ্রায়ে আমাদিগকে এই চিখ্যাসার্ত্তির বশবতী
করিয়াছেন, তাহা স্থান্ধর স্বদ্রক্ষে হুদ্যুক্সম হুইতে
পারে।

অতি সামান্য বিবেচনা করিয়া দেখিলেই ইহা স্পান্ট অনুভূত হইতে পারে, যে বিজ্ঞানশাস্ত্র আবি-ক্ষত ও পরিচর্চিত, শিম্পবিদ্যাসমূহ উদ্ভাবিত ও সম্বর্জিত, পুস্তক্সকল রচিত ও প্রচারিত, এবং দেশসকল অন্তৰ্বলে বিজিত ও সভ্যতায় অলঙ্কৃত ना इट्रेटन मनुषा कथ्नटे बेहिक सूरथत अधिकाती হইতে পারেন না। কিন্তু ঈদুক্ মহারান্ কার্যো অভিনিযুক্ত হইলে যদ্যপি কোন স্বার্থলাভের সম্তা-বনা না থাকিত, তাহা হইলে কতিপয় প্রশন্তচিত্ত সাধু ব্যক্তিরাই কেবল সে সকলের অনুষ্ঠানে যত্ন-বান হইতেন; স্কুতরাং যদ্যপি বিশ্বনিয়ন্তা যাবতীয় মনুষ্যেরই মনোমধ্যে কোন প্রবৃত্তিজনক স্বার্থাভি-লাষ সংস্থাপিত না করিতেন, তাহ। হইছল বোধ করি পৃথিবীতে 🕮 বৃদ্ধিদাধক অতি সামান্য উন্ন-

^{*} খ্যা ধাতুর উত্তর সন্ প্রভায় করিলে চিখ্যাস। পদ সিদ্ধ ছইরা থাকে; এবং এই কারণ ইহার ধাতুঘটিত অর্থ "খ্যাতি প্রাথির ইচ্ছা।"

তিই হইত। একারণ তিনি আমাদিগকে স্বার্থ-মূলক অভিসন্ধিত্বৰূপা চিখ্যাসা নাদ্ৰী এক স্থুন্দর প্রবৃত্তি প্রদান করিয়া মঙ্গলজনক শ্রেষ্ঠ কার্য্যে উত্তেজিও করিয়াছেন। এক ব্যক্তি যে সকল মান-मिक श्रुटा वनक्रु इरेग्नां हिन, यट्नां जिनाय (मरे সকলকে পরিমার্জিত করিয়। সাধারণের মঙ্গলে পরি-ণত করিয়া থাকে: এবং যে অসৎ ব্যক্তির মনোমধ্যে माधुकार्या माधनार्थ विन्छूमाज देखा ना इस, याना-বাসনা তাহাকেও প্রশংসনীয় উৎকৃষ্ট কার্য্যে অভি-নিযুক্ত করিয়া থাকে। এ স্থলে আমি আরও কহি-তে পারি যে, যে সকল ব্যক্তির মানসিক ক্ষমতা অতি অসাধারণ, তাঁহারাই এই চিথ্যাসার দারা অসাধারণৰূপে উত্তেজিত হইয়া থাকেন; এদিকে অপ্রশস্ত চিত্ত সামান্য মন ইহার দারা ষৎসামান্য-क्रांभरे উদ্যুক্ত হইয়া থাকে। সঙ্কীৰ্ণ-শক্তি ব্যক্তিরা মনোমধ্যে আপনাদিগের অক্ষমতা ও অনুপযুক্ততা অনুভব করিয়া থাকে বলিয়াই হউক, অথবা মহদা-শর শূন্য সামান্য জনেরা ভবিষ্যৎ স্থুখের আশয়ে বর্ত্তমান অস্কুবিধায় আত্ম-সমর্পণ করিতে অসমর্থ হইয়া থাকে বলিয়াই হউক, অথবা হীনচিত্ত অক-র্মাণ্য বক্তিদিগকে চিখ্যাসার কশবন্তী করিলে পৃথি-বীর কোন উপকার দর্শিবে না বলিয়া বিশ্ববিধাত। তাহাদিগকে সে প্রবৃত্তির অধীন করেন নাই বলি-য়াই হউক, অনেক সামান্য-শক্তি জঘন্য মনুষ্য

খ্যাতি প্রাপ্তির বাসনায় একেবারে জলাঞ্জলি প্রদান করিয়া থাকে।

সামাজিক রীতি অনুসন্ধান করিয়া জানা যাইতে পারে, যে যদাপি এই চিখ্যাস। অতি বলবতা রুদ্তি না হইত, তাহা হইলে যশোলাভের স্কাঠিন্য ও যশ-বিনাশের বহুল সম্ভাবনা দর্শন করিয়াই মনুষ্য একপ মরীচিকার অনুসর্ণ হইতে ক্ষান্ত হইতেন, তাহাতে আর সন্দেহ নাই।

নমুব্য-সমাজে যশোলাতে ক্নতকার্য্য হওয়া যে নিতান্ত স্থকঠিন ব্যাপার, তাহা সর্বাত্যেই বিবেচনা করা উচিত।

ইহ। সচরাচর দৃষ্ট হইয়া থাকে, যে অতি অপপ সংথাক ব্যক্তিই আপন কার্যাকলাপের দৌরতে পৃথিবী মধ্যে আপনাকে গৌরবান্থিত ও প্রশংসিত করিতে সমর্থ হইয়া থাকেন;—অতি অপপ সংথাক ব্যক্তিই স্থভাবতঃ সমস্ত মানসিক গুণে অলঙ্ক্ত হয়েন। বিধাতা মনুবোর মন নির্মাণকালে এক প্রকার সমতার প্রতি দৃষ্টি রাথিয়াছেন; যাহাকে এক বিষয়ে উৎকৃষ্ট করিয়াছেন, তাহাকে অপর বিযয়ে নিকৃষ্ট করিয়াছেন; ফলে তিনি কোন"মনকেই পূর্ণাবস্থা প্রদান করেন নাই। এ দিকে যাহারা স্থাভাবিক নানা মানসিক ক্ষমতায় বিভূষিত হইয়া পরিশ্রমদ্বারা সে সকলের বিলক্ষণ উন্নতি সাধনকরিয়াছেন, তাহাদের মধ্যেও কত লোকেরই গুণপুঞ্জ

দর্শকম গুলীর অজ্ঞত!, কুসংস্কার ও বিদ্বেন বুদ্ধি দারা মলিনীকত হইয়া যায়। মনুষ্য অনেক সময়েই মৃহৎ ও নীচ কার্য্যের মধ্যে প্রভেদ করিতে
সমর্থ হয়েন না;--প্রভেদ করিতে সমর্থ হইলেও
অনেক সময়ে ইচ্ছাবশতঃ তাহা করেন না। অনেকে আমাদের সাধু কার্য্যকেও কোন কুৎসিত অভিপ্রায়ের প্রতিফল বলিয়া নিন্দ। করিয়া থাকেন।

কিন্তু এই স্থলে ইহাও কথিত হইতে পারে, যাঁহারা যশোলাভের নিমিত্ত একান্ত বাগ্র হইরা উঠেন,
তাঁহারাই তাহার উপার্জ্জনে নিতান্ত অক্ততকার্য্য হইরা থাকেন। কোন প্রাচীন গ্রন্থনার অতি বিজ্ঞতার
সহিত কহিয়াছেন, যে রোমদেশীয় প্রসিদ্ধ কেটো
প্রশংসা প্রাপ্তির নিমিত্ত যত অনভিলাষ প্রকাশ করিতেন, তিনি ততই ভাহার অধিকারী হইতেন। •

আমাদিগের কামনা খণ্ডন ও প্রার্থিত পদার্থের উপলাভে বিল্প উৎপাদন করিতে সমর্থ ছইলে নফ্ট-স্থভাব মনুষ্যের। অতি পুলকিত হইয়। থাকে। একারণ যথন তাহার। কোন উচ্চাকাজ্জী ব্যক্তিকে যশংপ্রাপ্তির নিমিন্ত নিতান্ত সমুৎস্কুক দেখিয়া থাকে, তথন অমনি তাহার। প্রশংসা প্রদানে কুপণতা অব-লম্বন ও তাঁহার স্থখাতির প্রতি বিষদৃষ্টি নিক্ষেপ করি-য়া থাকে। এবং যদ্যাপি কোন অপরিহার্য্য কারণে প্রশংসাদানে তাহাদিগকে বাধ্য হইতে হয়, তাহা হইলে তাঁহার শুণরাশিকে তাচ্চল্য করিয়া আপ- নাদের অনুগ্রহকেই তাঁহার প্রশংসাপ্রাপ্তির প্রধান কারণ বলিয়া নির্দেশ করিয়া থাকে। এদিকে যাঁহারা এরপ অসৎ প্রবৃত্তির বশবত্তী নহেন, তাঁহারাও আর এক প্রকার আশঙ্কার অধীন হইয়া তাঁহাকে প্রশংসা করিতে অসক্ষত হইয়া উঠেন। তিনি গণনীয় ব্যক্তির নিকটহইতে প্রশংসালাভ করিয়া পাছে আলু-গুণাভিমানী হয়েন, এরপ শঙ্কায় অনেকেই তাঁহাকে প্রশংসা প্রদান করিতে অনভিলার প্রকাশ করিয়া থাকেন।

অধিকস্ত যথন যশোভিলাষ অত্যন্ত প্রবল হইয়া উঠে, তখন চিখ্যাম্ব ব্যক্তি অজ্ঞাতসারে কতিপয় নীচাশয়ের বশবন্তী হইয়। আপন সুখ্যাতির ব্রাস করিয়া থাকেন। পাছে তাঁহার কোন উৎক্রম্ট কার্য্য মন্ত্রষ্যমণ্ডলে অপ্রচারিত থাকে, পাছে তাঁহার কোন গুণ মনুষ্য কর্ণে অপ্রবিষ্ট রহে অথবা অপরের বর্ণ-नाय मिनीकुछ इय, এक्प छात्र छिनि मर्खनाई উদ্বিগ্ন-চিত্ত হইয়া রুখা গর্বা ও আত্ম-ঘোষণা করিতে मक्ष्ठि रुराम ना; এবং निक मुर्थ याञ्च-कौर्खित উল্লেখ করিতেও বিন্তুমাত্র সন্দেহ করেন না। কলে, সম্ভাষণকালীন তাঁহার বাগিন্দ্রিয় হয় অপর কোন वाक्तित श्वरात लघुज ७ व्यमम्पूर्वण वर्वनात्र श्रद्ध হইয়া থাকে, অথবা তাঁহার স্বকীয় গুণের প্রশংসা-ভাজনত্ব প্রকাশ করিয়া থাকে। আত্ম-গরিমা চিখ্যাস্থ ব্যক্তিদিগের স্বাভাবিক ছর্বলভা; ভাঁহারা

এই আত্ম-গরিমার বশবর্জী হইরা অপরের অন্তঃকরণে গুপুভাবে এক প্রকার ঘূণা ও অভক্তির উদয় করিয়া দেন, এবং যে প্রশংসা প্রাপ্তির নিমিন্ত তাঁহারা এত যত্মন হইয়া থাকেন, অ্যুপন হস্তে তাহারই উৎসেদ সাধন করেন।

এতদ্বাতীত এই চিখ্যাসা দিবা-স্বভাব প্রধান-ব্যক্তিদিগের চরিত্রের মধ্যেও এক প্রকার দুর্যনীয়া প্রবৃত্তি বলিয়। পরিগণিত হইয়া থাকে। যে ভেষ্ঠ অন্তঃকরণ দেই চিরসারবান অক্ষয় পরমার্থের অনু-সন্ধান করিয়া থাকে, সে মনুষ্য-মুখ বিনির্গত প্রশং-मावामरक जुष्हीकुछ करत। এकारन यथन जामता কোন ব্যক্তিকৈ আমাদের মুখ-বহিষ্ঠা প্রশংসা বা ष्यथमः मात्र প্রতি मण्णूर्न ष्रमात्याने ताथिया माधू-পধ অতিবাহিত করিতে দেখিতে পাই, তথন আ-মরা অন্তঃকরণে তাঁহার প্রতি এক প্রকার ভয়-মিশ্রিড ভক্তি প্রকাশ করিয়া থাকি। এদিকে আমরা যথন কোন ব্যক্তির কোন কার্য্যের স্থগাতি হ্রাস করিতে ইচ্ছা করি, তথন দেই কার্য্যকে তাঁহার যশোভি-লাষে আরোপিত করিয়া থাকি! কলে, মনুষ্যের প্রতি স্বার্থ-পূন্য প্রণয় অথবা সেই অদ্বিতীয় সতের প্রতি সরল ভব্তিদারা উত্তেজিত না হইয়া স্বার্থা-**बिनाय ७ हिथातात तमवडी इरेब्रा छेश्क्रके कार्या** সম্পন্ন করিলে কোন অধিকতর গুণশালীত প্রকাশ পায় না :

অতএব, যথন অধিকাংশ ব্যক্তিই নট স্থভাব বা অদমতের বশবন্তী হইরা যশোভিলাধিকে প্রশংসা প্রদান করেন না, এবং যথন এই খ্যাতি-পিপাসা অতিশর বলবতী হইলে তাঁহাকে নানা নীচাশরের অধীন করিয়া তাঁহার প্রতিপত্তি হাস করিয়া থাকে, ও মহীয়ান্ ব্যক্তিদিগের চরিত্র মধ্যে দূষনীয়া প্রবৃ-ত্তি বলিয়া পরিগণিত হয়, তথন ইহা স্পাই প্রতীত হইতেছে, যে যশোলাভ করা সকলের পক্ষেই অতি সুক্ঠিন কার্যা।

আমি তোমার ইত্যাদি।

অফীদশ পরিকা। কলিকাতাহইতে কান্দীর।

প্রিয় বক্ষো! যশঃ যে অতি অনায়াদেই বিনাশ প্রাপ্ত হয়, ও যশের অর্জ্জন যেমন স্থকটিন, তাহার রক্ষাও যে সেইস্কুপ, অদ্য এই পত্রিকায় তাহাই বি-চার করা যাউক্।

আমাদিগের মনোমধ্যে এমত অনেক নিকৃষ্ট প্রবৃত্তি ও বিদ্বেভাব দৃষ্ট হইয়া থাকে, যে, যথন আমর। কোন ব্যক্তিকে মানবমগুলের আদরে উচ্চীকৃত হই-তে অবলোকন করি, তথন আমর। তাঁহার গুণরা-জীকে লছীয়ান ও বিমলিন করিতে যতুবান ছইয়া ধাকি। যাহারা তাঁহার সহিত এক লগ্নে সমান সুযো- গের অধীন হইয়া কর্মক্ষেত্রে প্রবিষ্ট হইয়াছিল, ও এক কালে ভাঁহার সমকক্ষ ব্যক্তি বলিয়া পরি-গণিত হইত, তাহারা এক্ষণে তাঁহার গুণ সৌষ্ঠৰ ও ক্লতিত্বের প্রশংসাকে আপনাদের অগুণ ও অক্লত-কার্য্যের অখ্যাতি বলিয়া বোধ করিয়া থাকে, এবং তাঁহাকে আপনাদের তুল্যঅবস্থায় আনীত করি-বার নিমিত্তই হউক, অথবা তাঁহার বর্ত্তমান গৌর-বের লঘুত্ব সাধনের মানসেই হউক, তাঁহার কোন অতীত কার্য্যের কলঙ্কোল্লেখ করিয়া কুৎসা করিয়া থাকে। এদিকে, যাঁহারা এক কালে ভাঁহার উপর প্রাধান্য উপভোগ করিয়াছেন, ও তাঁহার অপেকা অধিকতর সমানে অবস্থিতি করিয়াছেন, তাঁহারাও এক্ষণে ঐ ৰূপ চিন্তার বশবত্তী হইয়া ডাঁহার প্রতি দ্বেষভাব প্রকাশ ক্রিয়া থাকেন ; কারণ এক জন পশ্চাৎ-স্থিতকে প্রশংসাপথে অগ্রবন্তী হইতে দে-থিলে তাঁহার৷ আপনাদের মর্য্যাদার অপক্ষয় বোধ করেন; এবং আত্ম-গৌরব রক্ষা মানসে সেই নব-প্রসিদ্ধ ব্যক্তির খ্যাতি লোপে প্রবৃত্ত হয়েন। कत्न, नमकक वाक्तिता जाहारक वाशनामिशत অপেক্ষায় অধিকতর প্রধান দেখিয়া হিংসাপরবশ হইয়া থাকে, এবং উচ্চ-পদস্থিত ব্যক্তিরা তাঁহাকে चाशनामिटशत नात्र छेक्रशमाब् इटेंट पिथिया ষ্বেষভাব অবলম্বন করিয়া থাকেন।

অধিকল্ক, যথন কোন ব্যক্তি সন্মান ও প্রশংসা

কর্ত্তক উচ্চীকুত হইয়া মনুষ্যমগুলীমধ্যে বিজ্ঞাত इहेब्रा छेट्रिन, उथन कछ मह्य नवनहे छाँहात्रिक নিক্ষিপ্ত হইয়া তাঁহার চরিত্রের পুঝামুপুঝ অনুসন্ধান করিতে প্রবৃত্ত হয়! কত সহস্র ব্যক্তিই বা তাহার চরিত্রের কদর্য্য ভাগে প্রবেশ করিতে পারিলে মহানৃ পরিতৃষ্ট হইয়া থাকে! অনেকেই অপরের গুণবাদের প্রতি বিপক্ষবাক্য ব্যবহার ও প্রতিষ্ঠিত চরিত্রের দোষপুঞ্জ চতুর্দ্দিকে প্রচার করিয়া বছল আনন্দ অনুভব করিয়া থাকে। যখন তাহারা এইৰূপে প্রসিদ্ধ জনগণের দোষ ঘোষণায় নিযুক্ত হয়, তখন তাहाता এक श्रकात कमया मर्ल क्लीं हहेन्ना উঠে; এবং দোষানুসস্বানে তাহাদের বুদ্ধিবৃত্তি অধিকতর তীক্ষতা প্রকাশ করিয়া থাকে বলিয়াই হউক, অথবা সাধারণের চকুহইতে যাহা লুক্লায়িত ছিল, তাহা আপনাদের দৃষ্টিপথে আনীত করিতে পারে বলি-রাই হউক, অথবা যাহাকে সাধারণে প্রশংসা করিত, ভাহার মধ্যেও কলক্ষ দর্শন করিতে সমর্থ হইয়া थाटक वित्राहे इंडेक, তाहाता मत्न मत्न व्यापना-দের বুদ্ধিমন্তার ভূয়সী প্রশংসা করিয়া থাকে। এতদ্বাতীত, এৰূপ ব্যক্তিও অনেক দৃষ্ট হইয়া থাকে, ষাহারা স্বয়ং কোন এক দোষের বশবন্তী' না থাকিয়া কোন গণনায় প্রধান ব্যক্তিকে তদ্বারা দূষিত হইতে দেখিলে মনুষ্যমণ্ডলে ভাছার আন্দোলন করিয়া আপনাদের ভদিষয়ে শ্রেষ্ঠত্ব প্রকাশ করিয়া থাকে;

যেহেতু চ তাহারা যথন এই রূপে তাঁহার দোষ কীর্ত্তন করিতে থাকে, তথন প্রকারাম্বরে আপনাদের তদোব-শূনাতা প্রকাশ করিয়া প্রতিষ্ঠা-ভাজন হই-তে ঢেফা করে। এবং ইহাও তাহাদের ন্যায় জঘ-ন্য অন্তঃ করণের সামান্য দর্পের হেতুভূত ন**হে, যে** কোন গণনীয় বিখ্যাত ব্যক্তিহইতেও তাহারা অধিকতর দোষ বিবর্জিত। প্রত্যুত এৰূপও দৃষ্ট इहे । थादक, याहाता अप्तर नाना त्नात्य कृषिण हत्र, তাহারটি অধিকতর আগ্রহের সহিত বিখ্যাত ব্য-क्रित (मरे (मरे (मारवत (घावना कतिता थारक। ফলে, তাহার৷ এইৰূপে তাঁহার শ্রেষ্ঠ দৃষ্টান্ত প্রদ-র্শন করিয়া আপনাদের কলঙ্ক নিরাকরণ করিতে মানস করিয়া থাকে, এবং তাঁহার দোষভাগের সহিত মিলিত হইয়াও মনে মনে আপনাদিগকে তঁ:হাৰ সহিত সমস্তাৰ চিন্তা করিয়া এক প্রকার আনুমানিক আমোদে উন্মন্ত হয়। অপর, কোন গণনীয় ব্যক্তিকে উপহাসাম্পন করিতে সমর্থ হইলে অধিকতর বাগ্মীতা ও রদিকতা প্রকাশ পায় মনে क्रियारे र्फेक, अथवा थााि टिनलादारी क्रमदक কোন মতে লোক-বিরাগে নাত করিতে পারিলে ছিংসার অধিকতর ভৃপ্তি হইতে পারে বোধ করিয়াই হউক, অনেক অসৎস্বভাবাপন্নহীন-চিন্ত ব্যক্তিরা কোন লোকামুরাগভাজন শ্রেষ্ঠমনুষ্যের म्हारवाचाश्रम क्रिशे। मञ्जायनकारल हजूःशार्याश-

বি**ঊ জনগণের রহসা বর্দ্ধন করিতে প্রবৃত্ত হ**ইয়া খাকে।

अकरा विवक्षनकार मुखे इड्ल, ख कछ अ-কার কুটিল স্বভাব নিন্দিৎস্ব ব্যক্তিও কত প্রকার দোব-দ্রত। গুপ্তচর অভ্যাপরবশ হইয়া প্রশংসিত বিখ্যাত জনের চরিত্র অনুসন্ধান করিয়া থাকে। তাঁহার তুর্ণাম উপস্থিত হইবার নানা স্থবিধা যেৰূপে উৎপন্ন হইয়া থাকে, তাহাও এক্ষণে উত্তমৰূপে দৃষ্ট হইল। ফলে, অতি সামান্য দোষও তাঁহার স্বচ্ছ চরিত্র মধ্যে অধিকতর काज्जामान रहेशा छेट्ठ विलशा विलशाहे रुछेक्, অথবা গুরুতর কার্যো মন:সংযোগ রাথিয়া পুনরায় সাংসারিক সামান্য ব্যাপারব্যুহে সমান मृष्टि রাখা প্রধান ব্যক্তিদিগের পক্ষে यদিও অসা-थां ना रुष्ठेक उथाह, निजाञ्च कंत्रिन वित्रारे रुष्ठेक, অথবা যশোভিলাসের অত্যন্ত প্রবলতা-জনিত কুদ্রা-শয় প্রকাশ হইতেই হউক,—ফলে যে কোন কার-ণেই হউক—আমরা কোন শ্রেষ্ঠ গণনীয় ব্যক্তির নামোলেথ অবণ করিলেই ভাঁহার কতিপয় দোষের উল্লেখও প্রায় শুনিতে পাইয়া থাকি। 4েস যাহা হউক, ইহা অবশ্যই স্বীকৃত হইবেক যে, অতি মৃহৎ ও উৎকৃষ্ট গুণরাশি এবিষধ কুদ্র অপবাদ ও তুর্নামে মলিনাকুত হয় না, বরং সে সকলের মধ্যুহই-তেও দ্বিগুণতর দীপ্রমান হইরা উঠে; কিন্তু যদ্যপি তুর্জাগ্যশতঃ কোন মহীয়াক্ ভ্রমে পতিত হইয়া অথবা মনুষ্যের কোন স্বাভাবিক অসম্পূর্ণতার বশবর্ত্তী হইয়া সংসারের কোন গুরুতর অত্যাবশ্য-কীয় •ব্যাপার সাধনকালীন তিনি অনুচিত সোপানে পদার্পণ করেন, তাহা হেইলে তাঁহার থ্যাতি প্রাপ্তির ममल्यमञ्जावन। একেবারে বিনফী হইয়া বার। कुछ অঙ্ক ও দামান্য দোষ সকল চাতুঃপার্থিক ঔব্দুল্যে লুক্কায়িত হইতে পারে, কিন্তু প্রধান প্রধান কলঙ্ক সকল চতুর্দ্ধিকে এক প্রকার ঘার প্রতিচ্ছায়া 🔁 ক্ষেপ করিয়া অপরাপর যাবত র সদ্গুণকে আপনা-দের বর্ণে আচ্ছাদিত করিয়া ফেলে। অতএব, যখন শ্রেষ্ঠনামধারি যশস্থি ব্যক্তিদিগের দোষপুঞ্জ মানবসমাজে এত আলোচিত হয়, যখন যাহারা এক কালে তাঁহার সহিত সমকক্ষ সিঃ তাঁহার অপেক্ষা অধিকতার উচ্চপদস্থিত বলিয়া পরিগণিত হইত, তাহারা এক্ষণে তাঁহার এত কুৎদা করিয়া থাকে, যখন তাঁহার দোবঘোষণা করিয়া কেছ বা আপনাদের বুদ্ধিমন্তা, কেহ বা আপনাদের বাগ্মী-ত। ও রসিকতা প্রকাশ করিয়া থাকে, য**খন** কে**হ** বা তাঁহার দোষহইতে বিবর্জিত, কেহ বা তাঁহার দোষে সম্পূর্ণ লিপ্ত থাকিয়া ঘোরতম আগ্রহের সহিত তাঁহার নিন্দায় প্রবৃত্ত হয়, তথন মানবসমাজে গণনীয় প্রধান নাম রক্ষা করা কত কঠিন? তথন

় লব্ধ খ্যাতিকে অব্যাঘাতে উপভোগ করাই বা কত ক্লেশকর ব্যাপার?

কিন্তু বদ্যপি কোন মনুষ্যই **এর**ণ নিনদাশীল ছুশুরুত্তির বশবর্ত্তী হইয়। তাঁহার অপকার্তি না ্রিত, ত'হা হইলেও আপুন খাতির যাবতীয় ঔজ্ব। ও উচ্চতা রক্ষা করা তাঁহার পক্ষে কোন মতেই অনায়াস-কাষ্য বলিয়া প্রতীয়মান হইতেছে না। তিনি সর্বাদাই গরায়ান্ কার্যের অনুষ্ঠান না ক্রিলে যশোরক্ষায় দোন নতেই কুতকার্যা হইতে পারেন না। তাঁহার কার্যাপ্রবাহ একেবারে কিছু দিনের সিমিত সংযত হইলেই খ্যাতি প্রথমে সচ-ঞ্জা ও তৎপরে প্রস্থানপরায়ণা হইরা থাকে। প্রশংসা অতি ক্ষণস্থারিনী প্রবৃত্তি; এবং অবিরত অভুত পদার্থদলে তাহার সম্বুথে উপচিত হইয়া তঃহাকে জগ্রেতী না রাখিলে আপন প্রিয়নস্তর সহিত একবার পরিচিতা হইলেই তাহার হ্রাস হইয়া থাকে। এমত কি, কীর্ত্তিমান্ ব্যক্তির অনেক माधुकार्या ७ व्यानक नमार्य वानत्वे, स इस ना। কারণ তিনি আপন মহ য়:ন্ নামের উপযুক্ত কার্য্যের অনুষ্ঠান করিবেন, তাহা লোকমগুলে অসম্ভাবিত ও বিচিত্র বলিয়া বিবেচিত হয় না; কিন্তু যদ্যপি কোন সাধুকাষ্যও তাঁহার মহ:নামোচিত শ্রেষ্ঠ না হয়, ঃ তাহ। হইলে যদিও কোন সামান্য মনুষ্যের পক্ষে সেরপ কার্য্যের অনুষ্ঠান মহাগৌরবের বিষয় হইতে পারে, তথাচ ভাহার পক্ষে গৌরবস্থচক হওয়া দূরে থাকুক নিন্দনীয়ও হইয়া থাকে।

আমি একপ বোধ করিয়া থাকি যে, স্থাতির উপভোগের সহিত অবশ্যই কোন বিচিত্র ও অভুত আনন্দেরও আস্থাদন প্রাপ্ত হওয়া যায়; নতুবা এতবিধ নিরন্তিসাধক ঘটনা দর্শন করিয়াও মনুষ্য কি কারণে সেই স্থাাতির অনুসরণ করিয়া থাকেন? যদ্যপি কেই চিন্তা করিয়া দেখেন যে, প্রধান ব্যক্তি-দিগের (যদিও ভোগের ভাগ না হউক, তথাচ) স্থাবের ভাগ কত অপ্প, ও ভাবনার ভাগ কত অধিক, তাহা হইলে তিনি সহস্র সহস্র ব্যক্তিকে সেই প্রধানত্ব প্রাপ্তির আকাজ্জী হইতে দেখিয়া চমৎক্বত হইবেন সন্দেহ নাই।

বিবেচনা করিয়া দৈখিলে চিখ্যাসার ন্যায় অত্প্রস্বভাবা প্রবৃত্তি আর দৃষ্ট হয় না। অপরাপর রিপুসকল আপনাপন ভোগ্য সামগ্রী প্রাপ্ত হইলে
(যদিও চিরকালের নিমিত্ত না হউক, তথাচ) ক্ষণকালের নিমিত্তও পরিতৃপ্ত ও নিরাকাজক হইরা
থাকে; কিন্তু চিখ্যাসা প্রচুর খ্যাতি উপভোগ
করিয়াও ভৃপ্তা হয় না। স্থ্যাতি চিখ্যাসাকে যেরূপ আনন্দ প্রদান করে, তাহাতে বর্ত্তমান আকাজক্রার নির্ত্তি হওয়া দুরে থাকুক, মৃতন মৃতন
স্পৃহা উদ্বর্জমানা হইয়া চিখ্যাস্থ ব্যক্তির চিত্তকে

ভাবনার আলোড়িত করে। আমরা এপর্য্যস্ত কথনই শুনিতে পাই নাই যে, কোন ব্যক্তি এড অধিক স্থুখ্যাতি উপার্জ্জন করিয়াছেন, যে তৎপরে সে বিষয়ে তাঁহার বিভৃষ্ণা জিম্মাছে। অনেক ব্য-ক্রিকে খ্যাতি প্রাপ্তির অনুসরণে প্রবৃত্ত হইয়া পুন-রায় তাহাহইতে নিরস্ত হইতে দেখা গিয়াছে বটে, কিন্তু সামান্য অনুসন্ধানদারাই অবগত হইতে পারা বায় যে, হয় সুখ্যাতি পথে নানা বিল্লজনক নৈরা-শার চিষ্ণ দর্শন করিয়া, অথবা সে পথে অতি সা-মান্য সুথ জানিতে পারিয়া, অথবা রুদ্ধাবস্থার বছ দর্শন-জনিত বা স্বাভাবিক নিস্তেজ ভাবের বশবতী হ্ইয়া তাঁহারা খ্যাতি লাভের আশায় জলাঞ্লি প্র-দান করিয়াছেন। কিন্তু স্বখ্যাতি প্রাপ্তির সম্পূর্ণতা इटेरा य किह मि विषय निवाक कि अ निरम्ह হইয়াছে, তাহা প্রায় দেখা যায় না।

চিখ্যাসা যে কেবল অভ্প্ত-স্বভাবা এমন নহে; এই যশোভিলায আমাদিগকে নানা আকস্মিক মনস্তাপে নিক্ষিপ্ত করে। প্রত্যাশিত স্থলে স্থ্যাতি প্রাপ্ত না হইলে চিখ্যাস্থ ব্যক্তি কত বারই ক্ষ্ন-চিছ ও নৈরাশাপল্ল হইয়া থাকেন? প্রত্যুত, সেই প্রশং-সা তাঁহার প্রত্যাশার উপ্যুক্ত না হইলে প্রশংসালাভ করিয়াও তিনি কত বারই ভগ্নোদ্যম ও সন্তাপিত হইয়া থাকেন? অতএব, তিনি যথন স্থ্যাতি লাভ করিয়াও খিদ্যমান হইয়া থাকেন, তথন আপন অপ- বাদ প্রবণ করিলে না জানি তিনি কেমনে বৈর্যা-ধারণ করিতে পারেন? কারণ আমরা যে প্রবৃত্তির বশবর্তী হইয়া খ্যাতি প্রাপ্তির অভিলাষ করিয়া থাকি; তাহারই বশবর্তী হইয়া আমরা স্থাপবাদকে ঘৃণা করিয়া থাকি। যখন তিনি মনুষ্যের প্রশং-সায় আহ্লাদের পরাকাষ্ঠা প্রাপ্ত হইয়া থাকেন, তথন তিনি তাহাদের নিন্দায় অবশাই সমধিকরপে সন্তাপিত হয়েন, তাহাতে আর সংশয় কি।

আমরা এস্থলে আরও কহিতে পারি যে, চিখ্যাস্থ ব্যক্তি যশোলাভ ও তাহার উপভোগে যত আন-দিত না হয়েন, যশোভাব ও যশোবিনাশে ততো-ধিক তাপিত হইয়া থাকেন। কারণ যদিও এই আনুমানিক মঙ্গল উপস্থিত থাকিলে আমরা স্থা-মুভব করি না, তথাচ ইহা অনুপস্থিত থাকিলে আমরা যথার্থই জুঃখ বোধ করিয়া থাকি।

অতএব, যশং নিজ সমভিব্যাহারে যে সস্তোষ সানয়ন করে, তাহার ভাগ কত সংমান্য! তাহা আমাদিগকে যে সকল ছুর্ভাবনার অধীন করে, তাহার ভাগই বা কত অধিক! যশোভিলায অন্তঃ-করণকৈ বিচলিত করে, এবং বাঞ্ছিত সামগ্রীর উপভোগে পরিভৃপ্ত না হইয়া বরং প্রজ্বলিত হইয়া উঠে। যশের উপলোগে একে অতি সামান্য আনন্দই উপস্থিত হয়, তাহাতে পুনরায় সে আনন্দ এত নিজায়ত্ত-বহির্ভৃত, যে তাহা অপরের ইচ্চান উপর সম্পূর্বশ্বপে নির্ছর করিয়া থাকে। এদিকে, সেই যশের অভাব বা বিনাশে বছল ক্লেশেরই উৎপত্তি হয়।

আমি তোমার ইত্যাদি।

উনবিৎশ পত্রিকা।

কলিকাভাহইতে কাশীর।

প্রিয় স্কৃদ্! যশের ন্যায় স্থায় বিস্তৃত প্রশন্ত ক্ষেত্রে প্রবিষ্ট হইয়া কি জানি কোন দিক্জমে পতিত হইতে হয়, এরপ আশঙ্কায় আমি স্থপণ্ডিত মহাজনদিগের পদচিক্রের অনুবর্ত্তী হইয়া তয়ধ্যে পাদচারণা করিতেছি। কলে আমি বিশেষ শৃষ্পলা ও পদ্ধতি অবলম্বন করিয়া যশের বিষয়ে লেখনি সঞ্চালন করিতেছি। জগদীশ্বর যে উৎকৃষ্ট অভিপ্রামে আমাদিগকে খ্যাতি প্রাপ্তির নিমিক্ত উত্তেলিত করিয়াছেন, তাহা সর্বাত্রেই বিবেচিত হইয়াছে। তৎপরে নানাপ্রত্যক্ষ পরিদৃশ্যমান কারণে ইহা নিরূপিত হইয়াছে যে, প্রথমতঃ যশঃ অতি ক্রেশে উপার্জিত হয়, কিন্তু অনায়াসেই বিনাশ প্রাপ্ত হয়াছে গ্রাকে: যশঃ চিখ্যাম্ব ব্যক্তিক্র অতি সামান্য স্থেবর অধিকারী করে, কিন্তু তাঁ-

হাকে বিস্তর ভাবনা ও অসন্তোষের অধীন করিয়া থাকে। অতঃপর অদ্যকার এই পত্রিকায় ইহাই নিরূপিড হইবে যে, যশঃ আমাদিগের সেই পূর্ণানন্দ-পরিপূর্ণ পরমপদের উপার্জ্জনে সমূহ বিশ্ব উপস্থিত করিয়া থাকে। যে ব্রহ্মানন্দ-বিভূষিত ও অনস্ত-শান্তির আস্পদস্বরূপ মুক্তিপদ কি ধনী, কি প্রভু, কি দাস, কি স্থামী, কি ব্রাহ্মণ, কি চণ্ডাল, সকলের জন্যই লোকান্তরে সঞ্চিত রহিয়াছে, সেই নিত্যা-বস্থাকে আমি এ স্থলে পরমপদ বলিয়া যে উল্লেখ করিরাছি, তাহা বোধ করি ব্যাখ্যাদ্বারা তোমার ন্যায় বিচক্ষণ ব্যক্তিকে অবগত করিতে হইবে না।

সংখ! যশোন্ধসরণ যেৰূপে সেই চিরসারবান প্রমপদ উপলাভে বিশ্বকর হয়, তাহা তুমি নিমু লিখিত এই হেতুত্রয়হইতে অনায়াসেই বিচার করি-য়া লাইতে পারিবে।

প্রথমতঃ। কারণ বলবতী যশঃ ভৃষণ অন্তঃকরণে নানা পঙ্কিল প্রবৃত্তির উৎপত্তি করিয়া থাকে।

দ্বিতীয়তঃ। কারণ যে সকল কার্য্যের অনুষ্ঠানে নিনুষ্য যশুস্বী হইয়া থাকেন, তন্মধ্যে অনেক কা-র্য্যেরই এমত স্থভাব যে, সে সকলের দ্বারা অনন্তস্তুথ-লাভের ব্যাঘাত জন্মিয়া থাকে।

ভৃতীয়তঃ। কারণ যদিও আমরা ইহা স্বীকার করি যে, যে সকল কার্য্যে যশোলাও হয়, সেই সক-লের দ্বারা এই নিত্যসূথেরও উপার্ক্তন হইতে পারে, তথাচ সেই সকল কার্য্য কেবল মাত্র যশো-ভিলাষে অনুষ্ঠিত হইলে কর্ভৃপক্ষ তদ্বারা কখনই সে অনন্তস্তুখের অধিকারী হইতে পারেন না।

প্রিয় বন্ধো! এই কারণত্তায় এমত স্পাই, যে তো-মার ন্যায় নীতিচিন্তামোদীভারুক ব্যক্তিকে তাহার প্রমাণ প্রদান করিতে আমি আবশ্যক বোধ করি না। এক্ষণে আমাদের মনকে ঐ বিষয়ক অপর কোন গভীর চিন্তায় নিময় করা যাউক।

পূর্বে যাহা কথিত হইয়াছে, আমি তাহাইইতেই এক্ষণে এই স্বাভাবিক সিদ্ধান্ত নিরূপণ করিতে পারি যে, সেই সর্বজ্ঞ জগদিখার ভিন্ন অপর কাহারও নিকটইইতে প্রশংসা বা অনুমোদন প্রাপ্তির অভিলাষ করা অপেক্ষা অপর কিছুই অধিকতর নির্বৃদ্ধির কার্য্য নহে। যেহেতু সেই পরম পুরুষ ভিন্ন অপর কেইই আমাদের অন্তঃকরণের যথার্থ তত্ত্ব অনুসন্ধান করিয়া প্রকৃত গুণানুসারে আমাদিগকে প্রশংসা করিতে সমর্থ হয়েন না; এবং যেহেতু আমরা অপর কাহারও প্রশংসা বা অনুমোদনে অধিকতর মক্ষললাভ করিতে পারি না।

প্রথমতঃ ইহাই বিচার করা যাউক, যে দেই পরম পুরুষ ভিন্ন অপর কেহই আমাদের অন্তঃকরণের যথার্থ তত্ত্ব অনুসন্ধান করিয়া প্রকৃত গুণান্তুসারে আমাদিগকে প্রশংসা করিতে সক্ষম হয়েন না ১ স্থানিত জীবেরা আমাদের কেবল মাত্র বাহ্ডাগ

দর্শন করিয়া থাকে; স্কুতরাং বাছারীতি ও বাছাব্যব-হার দ্বারা আমাদের অন্তঃকরণের ষথার্থ স্বভাব বি-চার করিয়া থাকে। হায়। তবে তাহাদের সেই সকল দিদ্ধান্ত কত ভ্রান্তিমূলক হইতে পারে? কার্য্য দারা প্রকাশমান হইতে পারে না, এৰূপ অনেক मला । আমাদের অন্তর্মধ্যে অনুভূত হইয়া থাকে; সাধু ব্যক্তির অন্তঃকরণ মধ্যে এমত **অনে**ক দিব্য শোভাসম্পন্ন পূৰ্ণভাব লক্ষিত হইয়া থাকে, যে সে সকল হৃদয়-ভাণ্ডারহইতে বহিভূতি হয় না, ও মনু-য্যের জ্ঞান গোচরও হয় না,—সে সকল অতি গো-পনে निःশব्দে ক্রিয়মান হয়, ও কেবল সেই অন্ত-র্যামির চক্ষেই নিপতিত হইয়া থাকে। কোন্কার্য্য দারা সাধুসভাব পুণ্যাত্মার মনের সে নিঞ্চলঙ্ক বিশুদ্ধভাব বাহে প্রকাশ পাইতে পারে? বর্ত্ত-মানের উপভোগে তিনি অন্তঃকরণে যেৰূপ পবিত্র সুস্থিরতা ও নির্মাল সন্তোষভাব ধারণ করিয়া থা-কেন, তাহা কোন্ বাছকার্যাদারা নৃচকু:গোচর इटेंट পाরে? সাধুকার্য্যের অনুষ্ঠানে ভিনি মনেং যেৰূপ নিৰ্মাল আত্মপ্ৰসাদ ও পবিত্ৰ আনন্দ অনুভব করেন, ভাঁহাই বা কোন্ কার্য্যের দ্বারা দৃশ্যমান হইতে পারে? এবং অপরের সম্পদ ও স্থােদর দর্শন করিয়া তিনি পরম রমণীয় বিচিত্র প্রীতির উৎসে যেৰূপে আত্ম-চিন্তকে নিমগ্ন রাখিয়া থাকেন তাহাই বা কোন্ কাৰ্য্যদারা মানব্সমাজে অবলো

কিত হইতে পারে? এসকল ও এবম্বিধ অপরাপর গুণপুঞ্জ আত্মার গুপ্ত অলঙ্কার স্বৰূপ; এবং যদিও জরামরণশীল মনুষ্াের নয়নে দৃষ্ট হয় না, তথাচ যাঁহার নিকট জগতের কোন ব্যাপারই লুক্কায়িত থাকে না, ভাঁহার চকুঃহইতে অপ্রকাশিত রহৈ না। পুনরায় এমত সদ্গুণও অনেক দেখিতে পাওয়া वात्र (य, त्म मकल नाना ऋ (यार अंत्र मियलन ना इहे-লে বাছকার্যাদ্বারা প্রকাশিত হইতে পারে না। কোন সাধুকার্যাই স্থান ও সময়, উপযুক্ত পাত্র ও বিস্তর সুবিধা প্রাপ্ত না হইলে অনুষ্ঠিত হইতে পারে না। দারিদ্রাবস্থায় দাভৃত্বগুণ ও ব্যয়শীলতা প্রকাশ পার না; -- হানাবস্থায় ভক্তিও দৃশ্যমানা হয় না। সংসারত্যাগী স্কবিজ্ঞ ব্যক্তিও আপনার বিষয় নৈপুণ্য প্রকাশ করিতে পারেন না। কতিপয় **দদ্গুণ কেবল বিপদকালে ও কতিপ**য় কেবল সম্পদকালে দৃষ্ট হইয়া থাকে;—কতিপয় রাজদারে ও কতিপয় গৃহাভান্তরে ক্ষৃতিমান্ হয়। কিন্তু সেই সর্বাদৃষ্টিমান জগৎপতি সে সকলই নথাগ্রন্থিতের नार्श मर्गन कतियः। थोटकन ; य नकल कार्या जामता করিয়াছি ও যাহা করিতাম, তিনি সে সকলই আদ্যোপান্ত অবগত হইয়া থাকেন। অপর অব-স্থায় অবস্থিত হুইলে আমরা যেৰূপ কার্য্যের অনু-ষ্ঠান করিতাম, তাহাও তিনি জানিতে পারেন। দরিদ্রকে ধনদান না করিলেও তিনি অনেক ব্যক্তি-

কে দাতা বলিয়া গণ্য করিয়া থাকেন;উপবাসী হইয়া নানা উপচারে খোর ঘটায় স্থুচিকন দেবতার পুজা. অথবা বছ মহাজনসমাকীৰ্ন স্থানে বাগ্মীতা-গ্রথিত স্থললিত বক্তৃতায় ব্রক্ষোপাসনা না করিলেও তিনি অনেক ব্যক্তিকে ভক্তিমান্ বলিয়া জানিতে পারেন; এবং জনেক প্রজা ও পরিজনের স্বামী অথবা কোন এক ব্যবসায়ে লিপ্ত না হইলেও তিনি অনেক ব্যক্তিকে বিষয়নিপুণ বলিয়া স্থির করিতে পারেন। এতদ্বাতীত, মনুষ্যের। আমাদের কার্য্য সকলের যথার্থ অভিসন্ধি স্থির করিতে সমর্থ হয়েন কার্য্যসমূহের স্বভাব অতি মিশ্রিত, এবং সে সকল এতবিধ বিভিন্ন ঘটনায় জড়িত হইয়া থাকে, যে মনুষ্যেরা এক কালে তাহার সকল ভাগ সমানৰূপে নিুরীক্ষণ করিতে পারেন না; স্থতরাং তাহাদের অনুষ্ঠিত হওনের যথার্থ অভিসন্ধি অনেক সময়েই নিৰ্ণীত হয় না। এমত কি, এক ব্যক্তি যে কার্য্যকে অতি অসাধু ও কুটিল অভিপ্রায়-জনিত বোধ করেন, হইতে পারে অপর কেহ সেই কার্য্যকে সরল সাধুপ্রকৃতি-সম্ভূত বলিয়া স্থির করিতে পা-রেন। স্বতএব যিনি বাছকার্য্যদ্বারা আমাদের অন্তঃকরণ পরীক্ষা করেন, তিনি কোন মতেই যথার্থ-ৰূপে আমাদের স্বভাব জানিতে পারেন না। একারণ যাঁহাকে কার্য্যের সততাম্বারা আমাদের মনের সরলতা নিৰূপণ করিতে হয় না, কিন্তু যিনি আমাদের মনের সরলতাছার। কার্য্যের সভত। পরীক্ষা করেন, তিনিই কেবল আমাদের অন্তঃকর-ণের যথার্থ তত্ত্ব নিরূপণ করিতে সক্ষম হইয়া থা-কেন।

व्यधिकसु, य नकन अनिमिन्न्रहरू कार्यात छे९-পত্তি হইয়া থাকে, বাহাকার্য্যদারা সে সকলের যাবতীয় শক্তি ও যাবতীয় বিস্তার যথার্থৰূপে প্রকাশ পাইবে, ইহা নিতান্ত অসন্তাবিত। কার্য্যদারা আমাদের অভিপ্রায় অতি অস্পট্রূপে লক্ষিত হই-য়া থাকে। কিন্তু জগদীশ্বরের নিকট আমাদের কোন অভিপ্রায় ও মনোগত ভাবই অপ্রকাশিভ থাকে না :-- যে সকল পক্ষিল ইচ্ছা মনে কেবলমাত্র উদুদ্ধমানা হইয়াছে, ও এপর্য্যন্ত অভিদক্ষিতে পরি-ণতা হয় নাই, এবং যে সকল ইচ্ছা অভিসন্ধি ও কার্য্যে পরিসমাপ্তা হইয়াছে, তিনি সে সকল অবগত হইয়া থাকেন। অতএব, যথন মনুষ্ট্রের বিস্তর সল্প কার্যদ্বারা কোন মতেই প্রকাশমান হইতে পादित ना ; यथन व्यदनक मातृ । कार्याकात। मृगामान इट्रेंट ममर्थ इट्रेलि नाना सूर्यार्गत जारभका করির। থাকে; যথন সূযোগের সন্মিলন প্রাপ্ত হইরা कार्याद्वाता প्रकामभाग इहेटल७, तम ममूनाग्न कार्ट्यात যথার্থ অভিসন্ধি নিরূপিত হয় না; এবং যখন অভিসন্ধি নিৰূপিত হটলেও তাছাদের যাবতায় শক্তিও বিস্তার যথার্থব্বপে প্রকাশ পায় না ;--- মত-

এব, যথন অপর সকলেই এবিষধ বহিঃকার্য্যদার।
আমাদের অন্তর্ভাব নির্ণয় করিয়া থাকেন, তথন ইহা
স্পাফীরূপে প্রতিতি হইতেছে, যে সেই সর্ব্বেজ্ঞ পরমপুরুষ ভিন্ন অপর কেইই আমাদের প্রকৃত গুণামুসারে আমাদিগকে প্রশংসা করিতে পারেন না

যথন সেই সর্বাশ্রেষ্ঠ পরমপুরুষ আমাদের দদ্ভণের এক মাত্র বিচারক হইলেন, তথন তিনি তাহাদের এক মাত্র উপযুক্ত পুরস্কারদাতা, তাহাতে আর
সংশয় কি। এরূপ চিন্তাদ্বারা চিথ্যাস্থ ব্যক্তিও
জানিতে পারেন, যে পরমেশ্রের নিকটহইতে
স্থ্যাতি প্রাপ্তির চেন্টা করিলে তাঁহার স্বার্থাতিলাষও অধিকতমরূপে পূর্ণ হইতে পারে। ফলে,
তাঁহার পূর্ণজ্ঞান আমাদের সমস্ত দোষগুণ জানিতে
পারে, ও তাঁহার অদিন করিতেও সমর্থ হইয়।
থাকে, ইহা অপেক্ষা যশোভিলাষী ও স্বার্থধায়া
ব্যক্তি অপর কি অধিকতর স্থাবিধা প্রত্যাশা করিতে
পারেন?

শ্বত এব, সকল চিখ্যাস্থ ব্যক্তির পক্ষে এই সাধুযুক্তি যে, ভাঁহারা আপনাদের যশোবাসনাকে এই দিকে অবনত করেন। বস্তুতঃ তাঁহার। যদাপি আপনাদের চিখ্যাসার উপযুক্ত খ্যাতি উপলাভ করিতে মানস কল্পেন, তাহা হইলে এক মনে ও এক ধ্যানে সেই অদ্বিতীয় সতের প্রশংসা-পাত্রহইতে যত্ন করুন;— তাহা হইলে (আমি নিঃসংশয়ে কহিতেছি) যিনি এই অথিল ব্রহ্মাণ্ডের এক মাত্র অধিপতি, যিনি সক-লের শ্রেষ্ঠ বিচর্জা, যিনি আমাদের অন্তঃকরণের সমস্ত সদ্গুণ অবলোকন করেন, এবং যিনি স্বরং সমস্ত সদ্গুণের পূর্ণাধার, তিনি তাঁহাদিগকে পুক্র-বাৎসল্যে ক্রোণ্ডে গ্রহণ করিবেন ও জন্মস্ত্যুক্তপা তুঃসহ যন্ত্রণাহইতে চিরকালের নিমিন্ত মুক্ত করিয়া অনস্ত অক্ষয় স্থাপের অধিকারী করিবেন।

আমি ভোমার ইত্যাদি।

অতঃপর আমাদিগের পথিকবর রায় বাহাছরের পূর্ব্বোলিখিত বাণিজ্যায়োজনে নিতান্ত জড়িত হই-য়া পড়িলেন। রায় বাহাছর কতিপর বাণিজ্যতরনী পণ্যদ্রব্যে পরিপূর্ণ করিয়া আমাদের পরি-লামক ও আশন কনিষ্ঠ লাতাকে দেই সমুদায়ের সহিত কাশ্মীরে প্রেরণ করিবার উদ্যোগ করিলেন। বীর সিংহ কাশ্মীরের সমস্ত বিষয় স্থালররপে অবগত ছিলেন বলিয়াই হউক, অথবা তাঁহার সরল সাধুস্থাবের প্রতি রায় পরিজনের মহীয়ান বিশ্বাম ছিল বলিয়াই হউক, অথবা অমরনাথ বীর সিংহকে অদ্বিতীয় স্থাশ্বরূপে প্রাপ্ত হইয়া দেশল্রমণ সময় তাঁহাকে পরিত্যাগ করিতে অসমর্থ হইয়াছিলেন বলিয়াই হউক, বীর সিংহ কাশ্মীরস্থ ভাবী বাণিজ্যা-

বিপণির প্রধান কর্ম্মচারীর পদে প্রতিষ্ঠিত হইলেন।
এদিকে বীর সিংহের অন্তঃকরণের ভাব সময়ের পরিবর্জনকারী গুণে অনেক বিষয়ে পরিবর্জিত হইরা
গেল। তাহার সম্পদাবস্থা প্রস্থান করিলে তিনি
ইতিপূর্ব্বে যে উদাসীন ভাব অবলয়ন করিরাছিলেন, তাহা এক্ষণে সম্পদের পুনরাগমনোমুখে
ক্রমশঃ অন্তহিত হইতে লাগিল, এবং ইতিপূর্ব্বে
বিপদ-স্বাভ তত্ত্তভানদ্বারা তিনি যেমন নিষ্ঠুরীক্বত
ইইয়াছিলেন, এক্ষণে পুনরায় স্থখ সমাগমের প্রীতকরি আশায় তেমনি মধুরীক্বত হইলেন। এক্ষণে
ভক্তি, প্রণয়, দয়াপ্রভৃতি কোমল প্রবৃদ্ধি সকল তাহার মনোমধ্যে বলবতী হইয়া প্রিয়জন-দর্শন জন্য
তাহাকে চঞ্চল-চিত্ত করিল।

নমন্ত বাণিজ্যারোজন প্রস্তুত হইলে রায় বাহাছর নিজ কনিষ্ঠ ভ্রাতাকে সেই সমুদায় সামগ্রীর উপর সম্পূর্ণ কর্ত্তৃত্বভার অর্পণ করিলেন, এবং অপরাপর আবশ্যকীয় ব্যয় সম্পন্নার্থে কতিপয় সহস্র স্থবর্ণ মুদ্র। তাহাকে প্রদান করিয়া সম্মেহে ও সংখদে কাশ্মীরে বিদায় করিলেন। এবং বীর সিংহকে স্নেহ সম্বলিউ নানা মধুর বাক্যে অমরনাথের তত্ত্বাবধারণ করিতে কহিলেন। যে দিবস তাঁহারা বাণিজ্য-তরণী আরোহণ করিয়া দেশত্যাগ করেন, সে দিবস রার্ম বাহাছর বিস্তর লোক সমভিব্যাহারে নদীতীর-পর্যাস্ত তাঁহাদের সহিত আগমন করিয়াছিলেন। অমরনাথের বাদ-গ্রামস্থ কি দামন্য, কি দন্তান্ত দমস্ত ব্যক্তিই তত্বপলক্ষে নদীকুলে উপস্থিত হইয়াছিল, এবং সকলেই তাহার প্রতি এত প্রীতি প্রকাশ করিত যে বিদার গ্রহণকালীন কেহই নয়নবারি নিক্ষেপ না করিয়া ক্ষান্ত থাকিতে পারে নাই। এইরপে দাধু স্বভাব মিত্রত্বয় কেহ বা পরিজন দর্শন, কেহ বা দেশ ভ্রমণের কুতুহলে প্রফুল্লিত হইয়া বঙ্গভূমি পরি-ত্যাগ করিলেন।

বীর সিংছ বঙ্গদেশ পরিত্যাগ করিয়াই কাশ্মীরে আপন মিত্রের নিকট এক পত্রিকা প্রেরণ করিয়াছিলনা; তাহাতে রায় বাহাতুর ও অমরনাথের সাধু সভাবের ভূয়নী প্রতিষ্ঠা করিয়া আপন স্থদেশ যাত্রার সংবাদ লিখিয়াছিলেন। এদিকে শ্রীদেব সিংহ সেই শুভনসংবাদ প্রাপ্ত হইয়াই নিজ স্থহ্ছদের পরিজন মধ্যে তাহা সানন্দে প্রচারিত করিলেন, এবং যে হতভাগা পরিবার মধ্যে বিপদ নানা ভীষণ মূর্ত্তি ধারণ করিয়াছিল, এক্ষণে তাহাতে শান্তির উদয় হইতে লাগিল। সম্পদ-স্থ্র্যের উদয়েয় থুপ বিপদ রজনী প্রস্থানপরায়ন। হইল, এবং পরিজনবর্সের বঞ্চনমপ্তলসমূহ পূর্ব্বাকাশের ন্যায় হর্ষযুক্ত হইল। ব

আমাদের পরিজ্ঞামকের কলিকাত'-সথা নবীনকুমারের বিষয় আমি এই স্থলে পাঠকবর্গকে কিঞ্চিৎ
না কহিলে তাঁহারা আমাকে অনায়ানেই পক্ষপাতী
বলিয়া দুষিতে পারেন। তাঁহারা ইতিপূর্কে ব্র

সিংহের পত্রিকাতে নবীনকুমারের যে বিপদ সংবাদ আবণ করিয়াছিলেন, তাহা ক্রমশঃ অতি ভয়ানক ধারণ, আকার করিয়াছিল। রায় বাছাছুরের পরি-জনস্থ সমস্ত ব্যক্তি তাঁহার বিপদ শান্তির নিমিত্ত যদিও বিস্তর যত্ন করিয়াছিলেন তথাচ যাবতা**য় সম্পত্তি** নাশৰূপ ভ্ৰফীচার-নিবন্ধন দাৰুণ দণ্ডহইতে তাঁহা-কে পরিত্রাণ করিতে পারেন নাই। তিনি যে ভীষণ ঋণানল প্রজ্লিত করিয়াছিলেন, তাহাতে তাহার সর্বাস্থ ভক্ষীভূত হইয়া গেল। তাঁহার **উত্তমর্নে**রা রাজার সাহায়ো তাঁহার যাবতীয় সম্পত্তি হস্তগত করিয়া তাঁহাকে গতানুশোচনা ও পরকরুণার অধীন করিয়া রাখিল। এবং যখন রায় বাছাতুরের বা-विका-मञ्जा পन्टिसाखत धारान (धारिक इहेन; তথন তিনি নিতাক্ত নিঃস্ব ও একান্ত পরাধীন হইরা অপমানক্ষেত্র কলিকাতানগর পরিত্যাগ করেন, এবং সম্ভান্তবংশীয় গতসর্বস্থ ব্যক্তিদিগের ন্যায় পরিশ্রম-বিমুখ হইয়া তদবধি রায় বাহাছুরের গ্রাম্য-বাটীতে পরা**ন্নভোজীর অবস্থা গ্রহণ করিয়াছেন।** ্রিদিকে বীর সিংহ গমনকাল্∫ন পথিমধ্যে কেবল স্বভাব, আশা ও অমরনাথের সহিত আলাপন ও मञ्जावन कतिहारे ममस ममस वात्मारम क्लिन कति-তে লাগিলেন। এইৰূপে কিয়ৎ কাল অতীত হইল তাঁহারা কানপুরে উপনীত হইলেন; এবং সে স্থল হইতে কাশ্মীর ও কলিকাতা উভয় স্থানেই আপনা-

দের কুশলবার্তা প্রেরণ করিলেন। কিন্তু এই সমর হইতেই এক গাঢ় তিমিরে ভাঁহাদের সমস্ত ব্যাপার আচ্ছাদিত হইল। অতঃপর এক অপ্রবেশ্য আব-রণে তাঁহাদের সমস্ত কার্য্য লুক্কারিত হইল। বীর-ব্রহ্ম ও শ্রীদেব সিংহ উভয়েই তাঁহাদের কোন পত্রি-কা অথবা কোন সংবাদ এই অবধি আর প্রাপ্ত হই-लन ना। वक्रप्रां वीत्रव्य वह मिवमाविध व्यापन कनिष्ठंत कान मश्वाम ना পाইয়া প্রথমে নিতান্ত শক্কিত হইলেন। তিনি আপন সমস্ত বাণিজ্যায়ো-জনের বিনাশোমূথ দেখিয়া যত ভাবিত ওক্লিফ হয়েন নাই, অমরনাথের ন্যায় উদার স্বভাব ভ্রাতার অমঙ্গল ভাবনায় ততোধিক কাতর হইলেন। যাহারা প্রতি সপ্তাহে আপনাদিগের কুশলবার্ত্ত। সম্বলিত নিকেদন পত্রিকা প্রেরণ করিত, তাঁহাদিগকে মাসা-ধিক কাল একেবারে নিস্তব্ধমান হইতে দেখিয়া তিনি মনে২ তাহাদের কোন फुर्चটेना छेপস্থিতের বিষয় দৃঢ় স্থির করিলেন। তথন তিনি পশ্চিমোন্তর প্রদে-শে কতিপয় লোক প্রেরণ করিলেন; কিন্তু কেছ্ই কোন সংবাদ আনিতে পারিল না। রায় বাহার্ট্রর সেইঅবধি নিতান্ত কাতর চিত্তে কালযাপন করি-তেছেন। এদিকে কাশ্মীরে জীদেব সিংহ আপন মিত্রকে এৰূপে নিস্তব্ধ হইতে দেখিয়া প্রথমে চিন্ডা করিলেন, যে বীর সিংহ একেবারে স্বগৃহে উপস্থিত इरेब्रा निक मूर्य ममन्त्र मश्वाम विमिन्न कतिरवन,

এবং এই প্রত্যাশার বশবস্তা হইয়া প্রথমে বিলক্ষণ स्वाप्ति हिलान। किस मान करतक यथन अहे-कार्श विशंख इरेल, मात्र करश्र कर मर्था यथन जिनि স্বয়ং বা তাঁহার কোন সংবাদও উপস্থিত হইল না— তখন তিনি একেবারে অধৈর্য্য হইয়া পড়িলেন; তথন তাঁহার অন্তঃকরণে নানা ক্লেছ-স্থলভ ছুর্জাবনা উপস্থিত হইতে লাগিল। অবশেষে তিনিও পথি-মধ্যে সুহৃদের গুরুতর বিপদ উপন্থিত হইয়াছে দুঢ় নির্ণীত করিলেন। সে যাহা হউক, বীর সিংহের পরিজনবর্গ সর্বাপেক্ষা উৎক্তিত ও অবশেষে নি-ভান্ত তুঃখিত হইল। তাহারা তাঁহার পুনরাগমন জন্য কত প্রত্যাশাই কম্পনা করিয়াছিল! কত জ্ঞান-न्मिरे वा छेश्यास्क हरेग्राप्टिन! आहा! जाहाता এক্ষণে নৈরাশায় নিমগ্ন হইল, ও সমস্ত আনন্দে জলাঞ্জলি প্রদান করিল! আহা! তাহাদের সম্পদ-স্থা উদয়োমুথী হইয়াও পুনরায় গাঢ় মেঘমালায় লুকায়িত রহিয়া গেল !

কলে, বার সিংহ ও অমরনাথ যে কাণপুরে উপস্থিত হইরা তৎপরে কোথার গমন করিলেন, তাহা
আমরা এপর্যান্ত অনুসন্ধান করিতে পারি নাই।
তাঁহারা বঙ্গভূমি পরিত্যাগ করিবার কিছু দিন পরেই
খ্রীফীর ১৮৫৮ শকান্দের যে নিদারুণ প্রসিদ্ধ রাজবিপ্লব পশ্চিমোত্তর প্রদেশে প্রস্তুলিত হইরা উঠে,
উক্ত প্রদেশে উপস্থিত হইরা তাহাতেই ভন্মীকৃত

इट्रेटनन, व्यथवा य नृभाश्य প্রেভাচারি নরবৈরি तिशाहिकुल देनतानाम विकिथ-छिछ इहेमा कानशूरत व्यावाल-तृक शूक्रय-त्रमणी नकल निर्फायी कोवशूक्षरक স্থির-চিত্তে হত্যা করিয়াছিল, তাহারাই তাঁহাদের সর্বস্থাপহরণ করিয়া তাঁহাদিগকে ধরাধামহইতে চিরকালের নিমিত্ত বহিষ্কৃত করিল, অথবা তাঁহারা विद्याह श्रवन श्राप्त छे भनी छ हहे हा मसूरा का त দানব দলের দৌরাত্মহৃইতে জীবনভয়ে কোন অজ্ঞাত স্থলে গোপন ভাবে প্রস্থান করিলেন, অথবা তাঁহারা অপর কোন অনিবার্য্য বা অপ্রতি বিধেয় ছুর্দ্দৈব ঘটনার প্রচণ্ডাঘাতে কোন গুপ্ত অবস্থায় নি-ক্ষিপ্ত হইলেন, তাহা আমরা এপর্যান্ত স্থির করিতে পারি নাই। তবে আমরা পাঠকবর্গের নিকট এই-পর্যান্ত স্থীকার করিতে পারি থে, যদ্যপি আমরা ভবিষ্যতে তাঁহাদের পুনরুদ্দেশ বা পুনদ্দর্শন প্রাপ্ত हरे, जाहा हरेता जाहा निगरक माधात न मरक आ-নয়ন করিতে সম্পূর্ণ যত্নবান হইব

SM

मया छ।

শীরাষপুরের তমোহর যব্রালয়ে শীষ্ত যে এচ্ পিটর্স সাহেবকর্ক মৃদ্রিত হইল।